


ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

গৌরবের ৬৯ তম বছর

THE FIRST DAILY OF TRIPURA

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com




JAGARAN ■ 22 Augest, 2023 ■ আগরতলা ২২ আগষ্ট ২০২৩ ইং ■ ৪ ভাদ্র, ১৪৩০ বঙ্গাব্দ, মঙ্গলবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা

## মনোনয়ন পত্র প্রত্যাহারের শেষ দিনে ২ কেন্দ্রে ৪ জন প্রার্থী

### উপনির্বাচন

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২১ আগষ্ট।।** মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিন পর্যন্ত ধনপুর ও বক্সনগর বিধানসভা কেন্দ্রের উপ-নির্বাচনে কোন প্রার্থীই তাদের মনোনয়ন প্রত্যাহার না করায় ২ কেন্দ্রেই ৪ জন করে ভোটপ্রার্থী রয়েছেন প্রতিদ্বন্দ্বিতায়।


সোমবার ছিল ধনপুর ও বক্সনগর বিধানসভা কেন্দ্রের উপ-নির্বাচনের মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিন। নির্ধারিত সময় ৩ টা পর্যন্ত কোন প্রার্থীই তাদের মনোনয়ন প্রত্যাহার করেননি। ফলে ধনপুরে এই উপ-নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছেন মোট ৪ জন প্রার্থী। তারা হলেন সি.পি.আই.এম দলের কৌশিক চন্দ ,বি.জে.পির বিন্দু দেবনাথ ও ২ জন নির্দল প্রার্থী অনিল রিয়াং ও বাপ্পি দেবনাথ।

এই কেন্দ্রটিতে মোট ৫ জন মনোনয়ন জমা করেছিলেন। এর মধ্যে বয়স জনিত ত্রুটির কারনে নির্দল প্রার্থী আনিছুর রহমানের মনোনয়নপত্র বাতিল হয় মনোনয়ন পরীক্ষার দিন। এমনটাই জানিয়েছেন বিধানসভা কেন্দ্রটির উপ-নির্বাচনের দায়িত্বে থাকা রিটার্নিং অফিসার জয়ন্ত দে।

বক্সনগর বিধানসভা কেন্দ্রে উপ-নির্বাচনের জন্য মোট ৪ জন মনোনয়ন জামা করেছিলেন। এই কেন্দ্রটিতেও কোন প্রার্থী মনোনয়ন প্রত্যাহার না করায় ৪ জনই প্রতিদ্বন্দ্বিতা করছে নির্বাচনে। এরা হলেন সি.পি.আই .এম প্রার্থী মিজান হোসেন , বি.জে.পি প্রার্থী তাফাজ্জল হোসেন ,নির্দল প্রার্থী মহম্মদ সেলিম ও নির্দল প্রার্থী রতন হোসেন। এমনটি জানিয়েছেন বক্সনগরের রিটার্নিং অফিসার ভাস্বর ভট্টাচার্যী।

এক কথায় মনোনয়ন প্রত্যাহারের নির্ধারিত সময়সীমা অতিক্রান্ত হওয়ার সাথে সাথেই স্পষ্ট হলো উপ-নির্বাচনে কোন কেন্দ্রে কোন দলের কোন কোন প্রার্থীরা আদতে প্রতিদ্বন্দ্বিতা করছে।

## অবতরণের অপেক্ষায়



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২১ আগষ্ট।।** একটি উল্লেখযোগ্য ঘটনায় চন্দ্রযান ২ অরবিটার এবং চন্দ্রযান ৩ ল্যান্ডার মডিউল বিক্রমের মধ্যে দ্বিমুখী যোগাযোগ স্থাপন করা হয়েছে। এর মানে হল বেঙ্গালুরুতে ISRO টেলিমেট্রি, ট্র্যাকিং এবং কমান্ড নেটওয়ার্কের মিশন অপারেশন কমপ্লেক্সে এখন ল্যান্ডার বিক্রমের সাথে যোগাযোগের একটি অতিরিক্ত চ্যানেল খোলা হয়েছে যা ২৩শে আগস্ট সন্ধ্যা ৬.টা ০৪ মিনিটে চাঁদের দক্ষিণ মেরুতে অবতরণ করবে। ISRO-র একটি টুইটে বলা হয়েছে, "স্বাগতম, বন্ধু! চন্দ্রযান ২ অরবিটার আনুষ্ঠানিকভাবে চন্দ্রযান ৩ ল্যান্ডার মডিউলকে স্বাগত জানিয়েছে। চন্দ্রযান ২ অরবিটার ২০১৯ সালের জুলাই মাসে মহাকাশে উৎক্ষেপণ করা হয়েছিল এবং এখনও চাঁদের চারপাশে ঘুরছে। ISRO ঘোষণা করেছে যে ল্যান্ডিং ইভেন্টের সরাসরি সম্প্রচার শুরু হবে ডিডি ন্যাশনাল এবং অন্যান্য সোশ্যাল মিডিয়া হ্যান্ডেলগুলিতে ২৩শে আগস্ট বিকাল ৫.২০ টা থেকে।

## মণিপুর নিয়ে রিপোর্ট পেশ সুপ্রিম কোর্টে

**নয়াদিল্লি, ২১ আগস্ট (হি.স.):** মণিপুর নিয়ে সোমবার শীর্ষ আদালতে তিনটি রিপোর্ট জমা দিল তিন প্রাক্তন মহিলা বিচারপতির কমিটি। মণিপুরের দুর্গতদের ত্রাণ-পুনর্বাসনের জন্য আর্থিক সহায়তা প্রকল্পে বদলের প্রয়োজন। এমনটাই সুপারিশ করেন তিন প্রাক্তন মহিলা বিচারপতির এই কমিটি। শীঘ্রই এ বিষয় রায় দেবে শীর্ষ আদালত।হিংসাধ্বস্ত মণিপুরে ত্রাণ প্রদান, পুনর্বাসনের মতো মানবিক কাজকর্মগুলি দেখভালের জন্য জম্মু ও কাশ্মীর হাইকোর্টের অবসরপ্রাপ্ত প্রধান বিচারপতি গীতা মিত্তলের নেতৃত্বে তিন অবসরপ্রাপ্ত মহিলা বিচারপতির এক কমিটি গঠন করেছিল সুপ্রিম কোর্ট। সোমবার শীর্ষ আদালতে তাদের রিপোর্ট জমা দিয়েছে এই কমিটি। প্রধান বিচারপতি ডিওয়াই চন্দ্রচূড়, বিচারপতি জেবি পর্দিওয়ালা এবং বিচারপতি মনোজ মিশ্রর বেঞ্চে, এদিন এই কমিটি তিনটি পৃথক রিপোর্ট জমা দিয়েছে। এই বেঞ্চের তরফে জানানো হয়েছে, "মণিপুরের হিংসায় পীড়িতদের পরিস্থিতি পর্যবেক্ষণ করে রিপোর্ট জমা দেওয়া হয়েছে। তাতে মণিপুরের দুর্গতদের ত্রাণ-পুনর্বাসনের জন্য যে আর্থিক সহায়তা ধার্য করা হয়েছে, তার পরিমাণ বাড়ানোর উল্লেখ রয়েছে।

এছাড়াও জানানো হয়েছে, অনেকেরই প্রয়োজনীয় নথিপত্র নষ্ট হয়ে গিয়েছে। তাদের পুনরায় সেই সমস্ত নথি বানিয়ে দেওয়ার আবেদন জানানো হয়েছে। একই সঙ্গে নোডাল অফিসার নিয়োগের কথাও বলা হয়েছে।" সুপ্রিম কোর্টের তরফে জানানো হয়েছে, আগামী শুক্রবার এ বিষয়ে রায় দেওয়া হবে।প্রসঙ্গত, গত ৪ মাস ধরে মেতৈই-কুকি জাতিদাঙ্গার আগুনে জ্বলছে উত্তরপূর্বের এই রাজ্য। প্রায় দিনই সে রাজ্য থেকে সংঘর্ষ ও রক্ত ঝরার খবর মিলছে। এখনও পর্যন্ত সেখানে মৃতের সংখ্যা দেড়শো ছাড়িয়েছে। উত্তপ্ত পরিস্থিতির জেরে চরম দুর্দশায় দিন কাটছে মণিপুরবাসিদের।



## ত্রিপুরায় আসবেন প্রিয়াঙ্গা গান্ধী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২১ আগষ্ট।।** কংগ্রেস বিধায়ক সুদীপ রায় বর্মণকে সিডব্লিউসি-র সদস্য পদে আমন্ত্রিত করায় সোমবার প্রদেশ কংগ্রেস কার্যালয়ে বিধায়ককে সংবর্ধনা জানানো হয়। এদিনের এই অনুষ্ঠানে বিধায়ক ছাড়াও উপস্থিত ছিলেন প্রদেশ কংগ্রেস দলের সভাপতি আশিস কুমার সাহা সহ দলের অন্যান্য নেতৃত্বরা। এদিন বক্তব্য রাখতে গিয়ে বিধায়ক সুদীপ রায় বর্মণ বলেন, তিনি আপ্লুত দলের এই অভিবাদনে। তিনি আরও শক্তি পেলেন সাহস পেলেন। কেন্দ্রীয় নেতৃত্বদের কাছে এবার ত্রিপুরার মানুষের বিভিন্ন বিষয় তুলে ধরতে পারবেন তিনি। তিনি বক্তব্য রাখতে গিয়ে আরও বলেন, দেশে গণতন্ত্র বোলে কিছুই নেই। বিজেপির স্বশাসিত রাজ্যগুলির উন্নয়ন কতটা প্রকাশ্যে এসেছে তা সাধারন মানুষ ভালোভাবে টের পেয়েছে। তিনি বলেন, অর্থনৈতিক সংকট রাজ্যে ☛ ৬ এর পাতায় দেখুন

## যান দুর্ঘটনায় আহত এক

**নিজস্ব প্রতিনিধি, বিলোনীয়া, ২১ আগষ্ট।।** বিলোনিয়ায় আবার ও যান দুর্ঘটনা বেপরোয়া বাইক ও গাড়ি চালকদের বিরুদ্ধে কোন ধরনের আইনি পদক্ষেপ নেই, এর ফলে অতিষ্ঠ শহরবাসী থেকে সাধারণ পথ চলতি জনগণ, এই বেপরোয়া গাড়িও বাইক চালানোর ফলে প্রতিদিন হচ্ছে দুর্ঘটনা, এমন একটি ঘটনা ঘটলো সোমবার সন্ধ্যায় বিলোনিয়া থানা সংলগ্ন জগন্নাথ বাড়ি এবং পুরাতন টাউন হল রোড সংলগ্ন রাস্তার মোড়ে, একটি মারুতি ইকো গাড়ি এবং পালসার বাইকের মুখোমুখি সংঘর্ষে গুরুতর আহত সন্দীপ সোম (২৮)নামে পালসার বাইক চালক, ঘটনার বিবরনে জানা যায় পুরাতন টাউন হল রোডের দিক থেকে জগন্নাথ বাড়ি রোডের দিকে যাচ্ছিল মারুতি ইকো TR০৮ ০৫০৭ এবং উল্টো দিক থেকে আসছিল একটি ☛ ৬ এর পাতায় দেখুন

### শহরে যান চলাচলে জট খুলল

## সিদ্ধান্ত থেকে পিছু হটলো ই-রিক্সা চালকরা



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২১ আগষ্ট।।** এখন থেকে সন্ধ্যা ৫টা থেকে সাড়ে ৭টা পর্যন্ত বন্ধ থাকবে কামান চৌমুহনী থেকে পোস্ট অফিস চৌমুহনী পর্যন্ত এলাকায় ই-রিক্সা চলাচল। তবে অটো রিক্সা ও অন্যান্য যানবাহন স্বাভাবিক ভাবেই চলবে। সোমবার পরিবহন দপ্তরের বৈঠক শেষে এমনটাই জানা যায়। অটো চালকদের দাবির সঙ্গেই সায় দিল পরিবহন দপ্তর। রাজধানীর কামান চৌমুহনী এলাকা থেকে পোস্ট অফিস চৌমুহনী এলাকা পর্যন্ত প্রতিদিন ব্যাপক যানজটের সৃষ্টি হয়। সেই যানজট কাটাতেই পরিবহন দপ্তরের এই উদ্যোগ বলে জানিয়েছে দপ্তর। উল্লেখ্য প্রথমে ই-রিক্সা চালকদের কামান চৌমুহনী থেকে পোস্ট অফিস চৌমুহনী পর্যন্ত চলাচল বন্ধ করায় গত শনিবার পোস্ট অফিস চৌমুহনীতে তারা পথ অবরোধ করে। পরে সোমবার বৈঠকের আশ্বাস পেয়ে তারা অবরোধ মুক্ত করেছিল রাস্তা। তবে সোমবার বৈঠকে সিদ্ধান্ত হয় যে ওই রাস্তায় সন্ধ্যা ৫ টা থেকে সাড়ে ৭ টা পর্যন্ত ই রিক্সা চলাচল করতে পারবে না।বৈঠক শেষে ই-রিক্সা চালকরা সরকারের এই সিদ্ধান্তে রাজি হয়েছেন বলে জানান।তবে একাংশ ই-রিক্সা চালকদের প্রশ্ন, কেন দপ্তরের এই সিদ্ধান্ত? শুধুমাত্র কি ই-রিক্সার জন্যই শহরে যানজটের সৃষ্টি হয় , অটো রিক্সা বা চার চাকার গাড়ি গুলি কি শহরে যানজটের সৃষ্টি করে না ? এমনই বিভিন্ন প্রশ্ন ঘুরপাক খাচ্ছে ই রিক্সা চালকদের মধ্যে।

## টুকটুক চালকদের পথ অবরোধ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২১ আগষ্ট।।** কৈলাশহর পদ্মের পাড় এলাকায় পথ অবরোধ করে বিক্ষোভ প্রদর্শন করলো টম টম চালকরা। অন্যান্য গাড়ির চালকরা তাদের সঙ্গে খারাপ ব্যাবহার করে তাদের মারধর করে বলে অভিযোগ করেন টমটম চালকরা।

অভিযোগ সোমবার কুমারঘাট শ্রীপুর এলাকায় কয়েকজন টমটম চালকদের নাকি গাড়ির চালকরা মারধর করেছে। এরই প্রতিবাদে আজ কৈলাশহর পদ্মের পাড় এলাকায় সকল টমটম চালকরা একত্রিত হয়ে পথ অবরোধ করে বিক্ষোভ প্রদর্শন করে। পথ অবরোধ করার ফলে রাস্তার দু''পাশে আটকে পড়ে বহু যানবাহন থেকে শুরু করে পথ চলতিরা। যার ফলে রাস্তার দুপাশে যানজট সৃষ্টি হয়। ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে আসেন কৈলাশহর মহকুমা পুলিশ আধিকারিক শিবু চন্দ্র দে, কৈলাসহর থানার ওসি সঞ্জীব লস্করের নেতৃত্বে বিশাল পুলিশ ও টিএসআর বাহিনী এসে টুকটুক চালকদের সাথে দীর্ঘক্ষণ আলাপ-আলোচনা করেন এবং উনারা বলেন আমরা বিষয়টি খতিয়ে দেখবো। তারপর পুলিশের আশ্বাসে আশ্বস্ত হয়ে অবরোধ মুক্ত হয় রাস্তা।

### গুজরাট হাইকোর্টকে ভৎর্সনা সুপ্রীম কোর্টের

## গর্ভপাতের অনুমতি পেলেন ধর্ষণে অন্তঃসত্ত্বা

**নয়াদিল্লি, ২১ আগস্ট (হি.স.) :** দেশের শীর্ষ আদালতের রোষের মুখে গুজরাত হাই কোর্ট। কাজে অসন্তুষ্ট হওয়ায় সোমবার গুজরাত হাই কোর্টকে ভর্ৎসনা করল সুপ্রিম কোর্ট সুপ্রিম কোর্ট। অভিযোগ, ধর্ষণের ফলে অন্তঃসত্ত্বা এক তরুণী সুপ্রিম কোর্টে গর্ভপাতের আবেদন করতে শীর্ষ আদালতে শুনানির আগেই রায় জানিয়ে দিয়েছে হাই কোর্ট। ফলে সুপ্রিম কোর্টে বিচারপতি বিভি নাগারত্ন এবং বিচারপতি উজ্জ্বল ভুইয়াঁর এজলাসে মামলাটি উঠলে বিচারপতিরা হাই কোর্টকে ভর্ৎসনা করেন। গর্ভপাতের অনুমতি দেওয়া হয় ধর্ষণে অন্তঃসত্ত্বা তরুণীকে।

ধর্ষণের ফলে অন্তঃসত্ত্বা এক তরুণীর গর্ভপাতের মামলা সুপ্রিম কোর্টে উঠলে শীর্ষ আদালত সোমবার তার শুনানির তারিখ নির্দিষ্ট করে। কিন্তু মামলাটি সুপ্রিম কোর্টে ওঠার আগেই শনিবার গুজরাত হাই কোর্ট এই মামলার রায় ঘোষণা করে দেয়। আদালত ওই তরুণীর গর্ভপাতের আবেদন খারিজ করে দিয়েছিল। সোমবার সেই মামলা আবার সুপ্রিম কোর্টে ওঠে। শীর্ষ আদালত তরুণীকে গর্ভপাতের অনুমতি দিয়েছে। মামলাটির শুনানি চলাকালীন আদালত গুজরাত হাই কোর্টকে ভর্ৎসনা করে বলে, "গুজরাত হাই কোর্টে হচ্ছেটা কী? উচ্চতর আদালতের রায়ের বিরুদ্ধে রায় দেওয়ার অধিকার দেশের কোনও আদালতের নেই। এটা সাংবিধানিক দর্শনের বিরুদ্ধে।"

গুজরাত হাই কোর্টের পক্ষে মামলাটির সওয়াল করছিলেন সলিসিটর জেনারেল তুষার মেটা। তিনি জানান, এই মামলার পূর্ববর্তী রায়ে একটি ভুল হয়েছিল। তা সংশোধন করার জন্য শনিবার আবার রায় ঘোষণা করা হয়েছে। এই জটিলতার জন্য 'ভুল বোঝাবুঝি'কে দায়ী করেছেন সলিসিটর জেনারেল। এর আগে এই মামলায় সময় নষ্ট করার বিষয়েও গুজরাত হাই কোর্টকে ভর্ৎসনা করেছিল শীর্ষ আদালত। অযথা গুরুত্বপূর্ণ সময় নষ্ট করা হচ্ছে বলে জানিয়েছিল তারা। এ বিষয়ে গুজরাত সরকারকেও নোটিস পাঠানো হয়। তার পরেই সোমবার মামলাটির শুনানির কথা জানায় সুপ্রিম কোর্ট। মামলাকারী অন্তঃসত্ত্বা তরুণীর আইনজীবী শীর্ষ আদালতে জানান, গত ৭ আগস্ট ☛ ৬ এর পাতায় দেখুন

## বিজেপি ঠগবাজের পার্টি ঃ সুদীপ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২১ আগষ্ট।।** ভারতীয় জনতা পার্টির মানুষের উপর আস্থা নেই , বিশ্বাস নেই, ভরসা নেই। তাই তারা লাগাতার আক্রমণ নামিয়ে এনে ক্ষমতা ধরে রাখার চেষ্টা করছে। বক্তা বিধায়ক সুদীপ রায় বর্মন। বিধায়ক সুদীপ রায় বর্মনকে সর্বভারতীয় কংগ্রেস দলের ওয়ার্কিং কমিটির আমন্ত্রিত স্থায়ী সদস্য হিসেবে নিযুক্ত করায় সোমবার কংগ্রেস ভবনে সুদীপ রায় বর্মনকে দলের পক্ষ থেকে সংবর্ধনা প্রদান করা হয়।

প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা পুষ্পস্তবক তুলে দিয়ে শুভেচ্ছা জানান। পরে বক্তব্য রাখতে গিয়ে বিধায়ক সুদীপ রায় বর্মন আরো বলেন, যাদের স্বাধীনতা আন্দোলনে কোন অবদান ছিল না তারাই এখন হর ঘর তিরঙ্গা কর্মসূচি কথা বলছে। কিন্তু এই দল দেশের মাটিকে ভালোবাসে না। একটা ঠগবাজের পার্টি। তারা এখন কৌশল করে লোকসভা নির্বাচনে মানুষের আবেগ নিয়ে খেলতে চাইছে। কিন্তু মানুষকে বুঝতে হবে দেশের মধ্যে কংগ্রেসের বিকল্প নেই। সে অনুযায়ী ☛ ৬ এর পাতায় দেখুন

## রেশনশপে ব্যাপক অনিয়ম তালা দিল খাদ্য দপ্তর



**নিজস্ব প্রতিনিধি, কল্যাণপুর, ২১ আগষ্ট।।** রেশন শপে রেশন ডিলার দ্বারা মানুষ ঠকানোর কাজ আজ নিত্য নৈমিত্তিক ব্যাপার হয়ে দাড়িয়েছে। কিন্তু এভাবে সরকারী গণবন্টন ব্যবস্থার মুখ পুড়ছে। সরকার চাইছে মানুষের কাছে গণবন্টন ব্যবস্থার সব রকম সুযোগ সুবিধা পৌছুক। কিন্তু অমুক বিশ্বস্ত সৈনিক। তাই তাকে একটি রেশন শপের লাইসেন্স দিয়ে দাও। এভাবে করতে গিয়ে ভুল লোকের হাতে অনেক সময়ই দায়িত্ব পরে সরকারী ন্যায্য মূল্যের খাদ্য সামগ্রী বন্টনের। আর ওঠে অভিযোগ ভোক্তা দের তরফ থেকে রেশন শপের মাল খোলা বাজারে ঘুরপথে চলে যাবার। সোমবার তেলিয়ামুড়া থেকে খাদ্য দপ্তরের একটি বিশেষ দল কল্যাণপুরের মোট ২৭ টি সরকারী ন্যায্য মূল্যের দোকান পরিদর্শন করে একটি রেশম শপে ব্যাপক অনিয়ম দেখে তা সিল করে দেয়। খাদ্য দপ্তরের ☛ ৬ এর পাতায় দেখুন

## রাজ্যে প্রবেশের পথে ১০ কোটির হেরোইন সহ ধৃত ৩



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২১ আগষ্ট।।** ফের নেশা বিরোধী অভিযানে নেমে সাফল্য পেল উত্তর জেলার পুলিশ। ১০ কোটি টাকার হেরোইন সহ ধৃত ৩ জন। সোমবার সকাল সাড়ে ছয়টা নাগাদ অসম থেকে এম এন-০১-একে-৩১৩৯ নম্বরের একটি গাড়ি থেকে রাজ্যে প্রবেশের পথে চুড়াইবাড়ি নাকা পয়েন্টে পুলিশ সুপার ভানুপদ চক্রবর্তীর নেতৃত্বে একটি গাড়িকে আটক করা হয়।

সেই গাড়িতে তল্লাশি চালিয়ে বেরিয়ে আসে বিপুল পরিমান হেরোইন। সঙ্গে গাড়িতে থাকা ৩ জনকে গ্রেপ্তার করে পুলিশ। ১০০ টি সাবানের বাক্সে মোট এক কেজি তিনশো গ্রাম হিরোইন ছিল বলে জানিয়েছে পুলিশ। ধৃত তিন পাচারকারীর নাম যথাক্রমে আব্দুল আলী(২৮) পিতা আব্দুল লতিফ, বাড়ি ত্রিপুরার সিপাহীজলা জেলার রহিমপুর, সমর কৃষ্ণ দাস(২৭) পিতা মানিক দাস, বাড়ি বক্সনগরে এবং অপর যুবকের নাম প্রসেনজিত দাস(২৩)পিতা তপন দাস বাড়ি বালুয়াচর। তাদের বিরুদ্ধে এনডিপিএস ধারায় মামলা নিয়ে তদন্ত শুরু করেছে পুলিশ। আজই তাদের আদালতে সোপর্দ করা হয়েছে।

### ব্যবসায়ীদের নিয়ে প্রশাসনের বৈঠক

## নিয়ন্ত্রণের বাইরে যাচ্ছে কাঁচামালের দাম

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২১ আগষ্ট।।** নিয়মিত বাজারে সদর মহকুমা প্রশাসনের বৈঠক হলেও নিয়ন্ত্রণের বাইরে রয়েছে অসাধু ব্যবসায়ীদের দৌরাত্ম্য। প্রশাসনের কর্মীরা নিয়মিত বাজার অভিযানের পরেও নিয়ন্ত্রণ নেই কোন কিছুই। এক শ্রেণীর অসাধু ব্যবসায়ীরা প্রতিনিয়ত এধরনের কাজ করে চলেছে। আরে দুর্ভোগ পোহাতে হয় সাধারণ মানুষকে। বাজারে গিয়ে নাভিশ্বাস উঠছে মানুষের। সোমবার মহারাজগঞ্জ বাজারে সদর মহকুমা শাসক অরূপ দেবের পৌরহিত্যে ব্যবসায়ী সমিতি ও খাদ্য দপ্তরের কর্মীদের নিয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। কিন্তু আলোচনা সভায় গুরুত্ব পায় বাজারের কাঁচামালের অস্বাভাবিক মূল্য বৃদ্ধি। সদর মহকুমা শাসক জানান, পেঁয়াজের দাম সামান্য বেশি। মূল্য কিভাবে নিয়ন্ত্রণে আনা যায় সে জন্য বিষয়টি আলোচনা করে দেখা হচ্ছে। পাশাপাশি ব্যবসায়ীদের কি ধরনের সমস্যায় পড়তে হচ্ছে সে বিষয় নিয়ে আলোচনা হয় বলে জানান সদর মহকুমা শাসক অরূপ দেব। এখন দেখার বিষয় বাজারে কাঁচামালের মূল্য কতটা সাধারণ মানুষের নিয়ন্ত্রণে আসে। নাকি সবটাই লোক দেখানো।



জাগরণ আগরতলা ▫ বর্ষ-৬৯ ▫ সংখ্যা ৩০৯ ▫ ২২ আগস্ট ২০২৩ ইং ▫ ৪ ভাদ্র ▫ মঙ্গলবার ▫ ১৪৩০ বঙ্গাব্দ

## ঘরে ঢুকিয়া জঙ্গি মারিবে ভারতীয় সেনা

অপারেশন চক্রবূহ্যে' ঘরে ঢুকিয়া জঙ্গি মারিবে ভারতীয় সেনা।সন্ত্রাসবাদের বিরুদ্ধে বিরাট পদক্ষেপ ভারতের। ভারতীয় নিরাপত্তা সংস্থা সূত্রে খবর, আফগানিস্তান ,পাকিস্তান সীমান্তে আইএসআইএস ঘাঁটি থেকে ফের ভারতে আইএসকেপি (আইএসআইএস খোরাসান) মডিউল সক্রিয় করিবার জন্য একটি পরিকল্পনা শুরু করিয়াছে জঙ্গিরা। এই আইএসকেপি মডিউল পুনরায় সক্রিয় করিবার জন্য, আফগানিস্তান-পাকিস্তান সীমান্তে একটি নতুন অনলাইন উগ্রবাদী গ্রুপও গঠন করা

হইয়াছে। এই গ্রুপের মাধ্যমে সন্ত্রাসী সংগঠনগুলি ভারতীয় যুব সমাজকে সন্ত্রাসের পথে ঠেলিয়া দেওয়ার চেষ্টা করিতেছে।ভারতের এমন যুবকদের নিশানা করা হইতেছে যাহারা ডাক্তার, ইঞ্জিনিয়ারের মতো ক্ষেত্রে পড়াশোনা করিতেছেন। দেশের বৃহত্তম তদন্তকারী সংস্থা এনআইএ-র তদন্তে মহারাষ্ট্র, পুনে এবং কেরালায় এই মডিউল সক্রিয় হওয়ার তথ্য উঠিয়া আসিয়াছে। পাকিস্তান-আফগানিস্তান সীমান্ত থেকে তাহাদের সঙ্গে যোগাযোগ করা হইতেছে এনক্রিপ্টেড মেসেজিং অ্যাপ্লিকেশনের মাধ্যমে। ভারতীয় সংস্থার সন্দেহ, পাকিস্তানের গোয়েন্দা সংস্থা আইএসআইও আইএসকেপিকে শক্তিশালী করিতে সাহায্য করিতেছে।গত কয়েক মাসে আইএসআইএসের মতাদর্শে প্রভাবিত একাধিক সন্দেহভাজনকে গ্রেফতার করা হয়। তাহাদের জেরা করিয়াই প্রকাশ্যে আসে দেশবিরোধী এই ষড়যন্ত্রের কথা। এই ষড়যন্ত্রের কেন্দ্রবিন্দুই হইল আফগানিস্তান-পাকিস্তান সীমান্ত, যেখান থেকে আইএসআইএসের নতুন মডিউল তৈরি হইতেছে। গত ৬ মাসে আইএসআইএস মতাদর্শে প্রভাবিত দুই অভিযুক্তকে গ্রেফতার করা হয়। এদের নাম যথাক্রমে ফাইজান আনসারি, ডাঃ আদনালী সরকার (পুনে)। তাহাদের মধ্যে ফাইজান আলিগড় এবং আদনালী পুনের বাসিন্দা। এই মডিউলের গ্রেফতার হওয়া অভিযুক্তদের জিজ্ঞাসাবাদের ভিত্তিতে আইএসআইএসের এই ভয়ঙ্কর পরিকল্পনার কথা প্রকাশ পায়। এরপরই শুরু 'অপারেশন চক্রব্যূহ' প্রস্তুত করা হয়।নতুন মডিউলটি ভারতের কেরালা, মহারাষ্ট্র, তামিলনাড়ু, কর্ণাটক এবং উত্তরপ্রদেশের যুবকদের নিশানা করিয়াছে। আফগানিস্তানে তালিবান সরকার গঠনের পর, আইএসআইএস খোরাসান মতাদর্শ দ্বারা প্রভাবিত এই মডিউল শুধুমাত্র অনলাইন র‍্যাডিক্যালাইজেশনের মাধ্যমেই যুবকদের টার্গেট করিয়াছে। এনআইএ সূত্রের খবর, এই মডিউলটি শুধুমাত্র এনক্রিপ্টেড মেসেজিং অ্যাপ্লিকেশনের মাধ্যমে যোগাযোগ করিতেছে ভারতীয় যুবকদের সঙ্গে। এই মডিউল ভাঙিতেই শুরু হইয়াছে 'অপারেশন চক্রব্যূহ'।

## পুরমামলায় সিবিআই তদন্তের বিরোধিতা, রাজ্যের আর্জি খারিজ সুপ্রিম কোর্টে

নয়াদিল্লি, ২১ আগস্ট (হি. স.) : সুপ্রিম কোর্টের পর্যবেক্ষণ, পুরসভার নিয়োগ দুর্নীতির সূত্র খুঁজে পেয়েছে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা সিবিআই এবং ইডি। এই যুক্তিতে পুরসভায় নিয়োগ মামলায় রাজ্যের আর্জি খারিজ করে দিল সুপ্রিম কোর্ট।

স্কুলের পাশাপাশি পুরসভার নিয়োগ মামলাতেও সিবিআই তদন্তের নির্দেশ দিয়েছিলেন কলকাতা হাই কোর্টের বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়। কিন্তু সেই তদন্তের বিরোধিতা করে নতুন করে সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয় রাজ্য সরকার। কিন্তু সোমবার প্রধান বিচারপতি ডিওয়াই চন্দ্রচূড়, বিচারপতি জেবি পারদিওয়ালা এবং বিচারপতি মনোজ মিশ্রের বেঞ্চ রাজ্যের সেই আর্জি খারিজ করে দিল।

শীর্ষ আদালতের পর্যবেক্ষণ, ঘুষের টাকা কার কার মধ্যে হাতবদল হয়ে কোথায় পৌঁছেছে, সেই সন্ধানও পেয়েছেন তদন্তকারী আধিকারিকরা। পুরসভার নিয়োগে দুর্নীতি সংক্রান্ত যে অভিযোগ এনে মামলা করা হয়েছিল, তদন্ত চালিয়ে হাই কোর্টে তার রিপোর্ট ইতিমধ্যেই জমা করেছেন তদন্তকারী আধিকারিকরা। পুরো বিষয়টিতে শীর্ষ আদালত সন্তুষ্ট। এই কথা জানিয়েই রাজ্যের করা আর্জি খারিজ করল সুপ্রিম কোর্ট।

## যাদবপুরে মাওবাদী কার্যকলাপ, মামলা গৃহিত হল হাইকোর্টে

কলকাতা, ২১ আগস্ট (হি. স.) : যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ছাত্রমৃত্যুর ঘটনায় প্রথম থেকেই সরব বিজেপি। রবিবার দলের সর্বভারতীয় সহ সভাপতি দিলীপ ঘোষ যাদবপুরের প্রসঙ্গ তুলে বলেছিলেন, এই সব সমাজ বিরোধীদের মাথা থেঁতো করে দেওয়া উচিত। এবার যাদবপুর ক্যাম্পাসে মাওবাদী কার্যকলাপ চলে বলে অভিযোগ করল বিজেপি। সোমবার তারা এ ব্যাপারে কলকাতা হাই কোর্টের দৃষ্টি আকর্ষণ করে জনস্বার্থ মামলার অনুমতি চায়। আদালত তাদের মামলা দায়েরের অনুমতিও দিয়েছে।

যাদবপুরের মাওবাদীদের, 'বুটের লাথি মেরে ঠান্ডা করে দেওয়ার' নিদানও দেন দিলীপবাবু। আবার দিন কয়েক আগে যাদবপুরে বিজেপি যুব মোর্চার একটি অনুষ্ঠান থেকে যাদবপুর ছাত্রদের 'ইনকিলাবি স্লোগান'কে কটাক্ষ করেছিলেন বিজেপি বিধায়ক তথা রাজ্যের বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীও। যাদবপুরে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের অভিভাবকত্বে 'দেশবিরোধী শক্তি' এবং 'টুকরে টুকরে গ্যাং' প্রতিপালিত হচ্ছে বলেও মন্তব্য করেছিলেন বিরোধী দলনেতা। এর পরই রাজ্য বিজেপির মুখপাত্র রাজর্ষি লাহিড়ী সোমবার যাদবপুর নিয়ে দুই নেতার সুরে সুর মিলিয়ে অভিযোগ জানান কলকাতা হাই কোর্টে।

## যাদবপুর নিয়ে পাঠানো দ্বিতীয় রিপোর্টেও অসন্তুষ্ট ইউজিসি

কলকাতা, ২১ আগস্ট (হি. স.) : ছাত্রমৃত্যু নিয়ে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের তরফে পাঠানো দ্বিতীয় দফার রিপোর্টেও অসন্তুষ্ট ইউজিসি।

যাদবপুর বিশ্ববিদ্যালয়ের প্রথম বর্ষের ছাত্রের রহস্যমৃত্যুর পর ইউজিসি (ইউনিভার্সিটি গ্র্যান্ট কমিশন) রিপোর্ট তলব করেছিল। প্রথমবার যে রিপোর্ট পাঠানো হয়, তাতে অসন্তোষ থাকায় ফের দ্বিতীয়বারের জন্য রিপোর্ট তলব করা হয়েছিল। তাতে ১২টি নির্দিষ্ট প্রশ্নের উত্তর চাওয়া হয়েছিল। তবে তাতেও ইউজিসি সন্তুষ্ট নয় বলেই জানা যাচ্ছে।

ফলে এবার তারা কী পদক্ষেপ করে, এখন সেটাই দেখার। প্রশ্ন উঠছে, তাহলে কি এবার তৃতীয়বারের জন্য ফের রিপোর্ট তলব করা হবে ইউজিসি-র তরফে, নাকি তাদের কোনও প্রতিনিধি বিশ্ববিদ্যালয়ে আসবে? সূত্রের খবর, সোমবার দুপুরে অস্থায়ী উপাচার্য বুদ্ধদেব সাউ তদন্তকমিটির বৈঠকের সদস্যদের সঙ্গে বিষয়টি নিয়ে আলোচনা করছেন।

## নিয়োগ দুর্নীতি কাণ্ডে জিজ্ঞাসাবাদ শিক্ষক-শিক্ষিকাদের

কলকাতা, ২১ আগস্ট (হি. স.) : নিয়োগ দুর্নীতি কাণ্ডে সিবিআইয়ের তদন্তকারী আধিকারিকদের নজরে রয়েছেন রাজ্যের প্রায় ৪০০ জন শিক্ষক-শিক্ষিকা। সূত্রের খবর, এঁদের মধ্যে অধিকাংশ শিক্ষক এবং শিক্ষিকা নিজেদের পছন্দমতো পোস্টিং পেয়েছিলেন।তদন্তকারীদের অভিযোগ, তাঁরা টাকার বিনিময়ে চাকরি ও পছন্দের পোস্টিং পেয়েছিলেন। এ বার সেই পোস্টিং তাঁরা কীভাবে পেয়েছিলেন, তা জানার জন্যই সোমবার ৫০ জন শিক্ষককে তলব করেছিল সিবিআই। তাঁরা নিজাম প্যালেসে হাজিরা দেন।বাঁকুড়া, মুর্শিদাবাদ, পুরুলিয়া, দুই দিনাজপুর ও দুই ২৪ পরগনা জেলা মিলিয়ে মোট ৫০ জন শিক্ষক-শিক্ষিকা আসেন।

# বাংলা সাহিত্যে প্রথম সার্থক সুররিয়ালিস্ট কবি জীবনানন্দ দাশ

### স্বপনকুমার মণ্ডল

জীবনানন্দ দাশের কবিতায় সুরিয়ালিজমের প্রভাব অত্যন্ত প্রকট। বাংলায় তিনিই সুরিয়ালিস্ট কবি হিসাবে নন্দিত হন। রিয়াল বা বাস্তবের চেয়েও অতি বাস্তব বা বাস্তবের অন্তরে আরও গভীর বাস্তবচেতনায় সুরিয়ালিজমের বিস্তার। অবশ্য তা যেমন কবিতায় অবচেতন মনের ছবি আঁকা নয়, তেমনই বিভিন্ন ভাবে কল্পনার জগতের হদিশ দেওয়াও নয়। চেতন ও অচেতন, অন্তর ও বাইরের জগতের মধ্য দৈহিক ও মানসিক বেড়া ভেঙে দেওয়াই তার বিশেষত্ব। বাস্তব ও কল্পনার মাঝের মানসিক ব্যবধান সেখানে অস্বীকৃত হল। প্রসঙ্গত উল্লেখ্য, প্রথম বিশ্বযুদ্ধের তীব্র অভিঘাতে ১৯১৫-১৬-তে ডাডাইজমে যে শিল্প- সাহিত্যের প্রচলিত বিবিধ প্রথা, রীতি বা বক্তব্যকে অস্বীকার করার প্রবণতা জেগে ওঠে, তার প্রতি বিরূপ হয়ে ডাডাবাদীদেরই কিছু লেখক সুরিয়ালিজমে সামিল হয়েছিলেন। স্মরনীয়, উদ্দেশহীন ডাডাইজম বেশিদিন টেকেনি। ১৯২২-এ শেষ হয়ে যায়। আর ১৯২৩-২৪-এ সুরিয়ালিজমের যাত্রা শুরু হয়। মনস্তাত্বিক আঁদ্রে ব্রেতোঁ এই মতবাদের হোতা। এতে অবচেতন মনের অর্গল গেল খুলে, চেতনমনের যুক্তিশৃঙ্খল হল মুক্ত। স্বাভাবিক ভাবেই রচনায় এল আবেদনক্ষম হয়ে উঠল। আসলে যা ছিল ভাবজগতে, তাই চিন্তা-কল্পনা আর স্বপ্নে একীভবন হয়ে প্রকাশিত হল। সেখানে চেতন মনের বাস্তবতার সঙ্গে মগ্নচৈতন্যের অতিবাস্তবতার অপূর্ব প্রকাশে সুরিয়ালিজম বা পরাবাস্তবতা বা অধিবাস্তবতার বৈপ্লবিক প্রভাব স্বাভাবিক ভাবেই শিল্প-সাহিত্যে ছড়িয়ে পড়ে। বোঝা যায়, শরীর হিম হয়ে ওঠার অনুভূতি জেগে ওঠে। রবীন্দ্রসঙ্গীত হাল্কা-ভারী না হলেও বর্ষায় হানা রবীন্দ্রসঙ্গীত চালিয়ে খিচুরি খাওয়ার আনন্দ উপলব্ধি করতে অসুবিধা হয় না। সেখানে মনের অবচেতনের সীমা ছেড়ে মগ্ন চৈতন্যলোকে ডুব দিয়ে জীবন ও জগতের অপার রহস্য উদঘাটনে শিল্পী-সাহিত্যিকের প্রয়াস চলে। সুগভীর ও সুদূর প্রসারিত। সেক্ষেত্রে ব্যঞ্জনা নয়, তার অভিব্যঞ্জনাই কবিতার স্বতন্ধ প্রকাশকে আবেদন করে তোলে। সুরিয়ালিজমের বিশেষত্বগুলি নানাভাবেই জীবনানন্দ দাশের কবিতায় নিবিড় হয়ে ওঠে। শুধু তাই নয়, প্রকাশের স্বকীয় কবিসত্তাতেই মতবাদটি তীব আবেদনক্ষম হয়ে ওঠে। ইতিহাসচেতনা, সমাজচেতনা, ইন্দ্রিয়ঘননত্ব প্রভৃতির প্রভৃতির প্রকাশে তাঁর জীবনসন্ধানী মনের চলনে সুরিয়ালিজমের ঘনিষ্ট যোগ। দীপ্তি ত্রিপাঠী মনে করেন, 'ধূসর পাণ্ডুলিপি'র (১৯৩৬) 'পরস্পর' কবিতা থেকে জীবনানন্দের সরিয়ালিজমের প্রভাব লক্ষণীয়। প্রসঙ্গত উল্লেখ্য, প্রথম কাব্য 'ঝরাপালক' (১৯২৭) -এ ইমেজিস্টদের প্রভাব ছিল তীব্র। অন্যদিকে যুক্তিগ্রাহ্য বা বিশ্বাসযোগ্য না হলেও সুরিয়ালিজমের ফ্যান্টাসি বা যোগসূত্রহীন কাল্পনিক কবিতাগুলিও মনকে আকৃষ্ট করে তোলে।

জীবনানন্দের অধিকাংশ বিখ্যাত কবিতাতেই সুরিয়ালিজমের ছায়া প্রতীয়মান। 'বনলতা সেন' কবিতায় তাঁর অপূর্ব প্রকাশ 'হাজার বছর ধরে আমি পথ হাটিতেছি পৃথিবীর পথে, সিংহল সমুদ্র থেকে নিসীথের অন্ধ কারে মালয় সাগরে অনেক ঘুরেছি আমি বিম্বিসার অশোকের ধূসর জগতে সেখানে ছিলাম আমি আরও দূর অন্ধকারে বিদর্ভ নগরে আমি ক্লান্ত প্রাণ এক চারিদিকে জীবনের সমুদ্র সফেন, আমারে দু-খণ্ড শান্তি দিয়েছিলো নাটোরের বনলতা সেন। সনেটটিতে 'হাজার বছর ধরে বাংলা বা বাঙালির ইতিহাস ধরে অগ্রসর হলে পথ শুধু আরও প্রাচনত্বে বা তার আভিজাত্যে অথবা তার ধূসর-অন্ধকারাচ্ছন্ন জগতে হারিয়ে যায় না, ইতিহাসচেতনায় তালগোল পাকিয়ে তোলে। অথচ তার কালপরিচয়ের মধ্যেই অমোঘ আকর্ষণ 'আমিত্বের পরিচয়কে অপূর্ব ভাবসৌন্দর্য দান করে। 'বনলতা' ও পাঠকের মনোলতাকে নিজের দিকে টেনে রাখে। অন্যদিকে "বনলতা সেন"(১৯৪২) কাব্যের "হরিণেরা" বা অবশেষ? প্রভৃতি কবিতাতেও সেরূপ পরিচয় বিদ্যমান। স্বপ্নের চিত্রকল্প সেখানে স্বপ্নেই মিশে গেছে। অন্যদিকে জীবনানন্দের কাব্যিক উৎর্ষে সুরিয়ালিজমের পরশ বহুমাত্রিক। 'রূপসী বাংলা? (১৯৫৭-এ কাব্যটি প্রকাশিত হলেও কবিতাগুলি অনেক পূর্বে লেখা।) কাবোর মৃত্যুচেতনায় বা সতিমেদুর আবেগের মধ্যেও তার বিস্তার লক্ষ করা যায়। "আবার আসিব ফিরে" বা "বাংলার মুখ আমি দেখিয়াছি, প্রভৃতি সনেটের মধ্যেও সেই ভাবসৌন্দর্য উঠে এসেছে। অন্যদিকে হাপৃথিবী(১৯৪৪) কাব্যের শ্রাবণ রাত স্ব, নিরালোক", "সাতটি তারার তিমির"(১৯৪৮) কাব্যের "ঘোড়া", "সেই সব শেয়ালেরা" হাঁস, প্রভৃতি কবিতায় সুরিয়ালিজমের পরিচয় নিবিড় হয়ে আসে। "ঘোড়া" ত্ত কবিতাটিকে জীবনানন্দের সুরিয়ালিয়াস্টিক চেতনাই স্বতন্ত্র আভিজাত্য প্রদান করেছে। ঘোড়ার মধ্যে দিয়ে জীবনের ইতিহাস নয়, ইতিহাসের মধ্যে রহস্যময় অপরাজেয় জীবনের অস্তিত্ব অভিনব ভাষ্য লাভ করে "আমরা যাইনি ম"রে আজো--তবু কেবলি দৃশ্যের জন্ম হয় মহীনের ঘোড়াগুলো ঘাস খায় কার্তিকের জ্যোৎস্নার প্রান্তরে প্রস্তরযুগের সব ঘোড়া যেন--এখনও ঘাসের লোভে চরে পৃথিবীর কিমাকার ডাইনোমোর পারে .....? আসলে জীবনানন্দ দাশের কবিচেতনায় সভ্যতাবিমুখতায় তাঁর অন্তর্দৃষ্টি যত প্রসারিত হয়েছে, ততই তাঁর মননবিশ্বে সুরিয়ালিজমের প্রভাব তীব্রতা লাভ করেছে। সত্যসন্ধানী কবির মানসনেত্রে বাস্তবের অতিরেকে অতিবাস্তবের পরশ তাই স্বাভাবিক মনে হয়। আবার সেই কবি সভ্যতার নগ্ন বাস্তবতাকেই শুধু নয়, নগ্ন মানসচিত্রের সুগভীর চিত্রকে তুলে ধরার ক্ষেত্রে ক্যামেরাম্যান হয়ে থাকেননি, শিল্পীর তুলিকে লেখনী করে তুলে তাকে জীবননিষ্ঠ করে তুলেছেন, জীবনসত্যের মুখোমুখি দাঁড় করিয়েছেমে। এজন্য জীবনানন্দের সত্যসুন্দর মূর্তি পরাবাস্তবতার আবেশের ঘোরে বন্দি না থেকে জীবপ্রত্যয়ী চেতনায় প্রতিমার হাতছানি বয়ে আনে। তিনি যে কোনো মতবাদে আবদ্ধ না থেকে মুক্ত জীবনানন্দ সমান সচল কবি হিসাবেই তীর স্বকীয় প্রকাশ আকাশ হয়ে উঠেছে। (সৌজন্যে-দৈ :স্টেটসম্যান)

# সেরা কাহিনি

### আবুল বাসার

একদম শুরুতে, মানে প্রায় ১ হাজার ৪০০ কোটি (বা ১৪ বিলিয়ন) বছর আগে গোটা মহাবিশ্ব ছিল খুবই ছোট। এই বাক্য শেষ হতে যতটুকু সময় লাগে, তার চেয়ে ছোট ছিল এর সময়ের ব্যাপ্তি।

কিন্তু সেটা কত ছোট? একটা পিৎজাকে ওই সময়ের ব্যাপ্তি হিসেবে কল্পনা করা যাক। এখন পিৎজাটাকে ১ ট্রিলিয়ন ভাগে ভাগ করো। মহাবিশ্বের সবকিছু, মানে তোমার দেহ যেসব কণা দিয়ে তৈরি হয়েছে সেগুলোসহ, তোমার জানালার বাইরের গাছপালা, বাড়িঘর, তোমার বন্ধুর মোজা, পিটুনিয়া, তোমার স্কুল, আমাদের গ্রহের আকাশচুম্বী পাহাড়-পর্বত আর গভীর মহাসাগর, সৌরজগৎ, বহুদূরের গ্যালাক্সিসব স্থান, শক্তিবিশ্বজগতের বস্তুসহ সবকিছু ওই বিন্দুতে ঠাসাঠাসি অবস্থায় ছিল। সেটা ছিল প্রচণ্ড উত্তপ্ত।

এত্ত ছোট্ট একটা জায়গায় এত বেশি কিছু ঠাসাঠাসা থেকে পরিস্থিতিটা ছিল খুবই উত্তপ্ত। তাই তখন মহাবিশ্বের শুধু একটা কাজ করাই বাকি ছিল।

সেটা হলো প্রসারণ। দ্রুতবেগে। বর্তমানে এ ঘটনাকে আমরা বলি বিগ ব্যাং বা মহাবিস্ফোরণ। আর ১ সেকেন্ডের অতিক্ষুদ্র ১ ভগ্নাংশ সময়ে (বিশেষভাবে বলতে গেলে ১ সেকেন্ডের ১০ মিলিয়ন ট্রিলিয়ন ট্রিলিয়ন ট্রিলিয়ন ভাগের ১ ভাগ) মহাবিশ্ব অতিবেগে বড় হতে লাগল। (১ ট্রিলিয়ন হলো ১,০০০,০০০,০০০,০০০ বা ১০১২ বা ১ লাখ কোটি।)

টেলিস্কোপে তোলা আমাদের মিল্কিওয়ে গ্যালাক্সির কেন্দ্রের ছবি। এই গ্যালাক্সিকে বাংলায় বলা হয় আকাশগঙ্গা ছায়াপথ। এতে হাজার হাজার নক্ষত্র দেখা যাচ্ছে কিন্তু প্রশ্ন হলো, আমাদের বিশ্বজগতের জীবনের প্রথম পর্যায়ের কথা আমরা কীভাবে জানলাম? বর্তমানে আমরা আবিষ্কার করেছি, মাত্র চারটি মৌলিক বল নিয়ন্ত্রণ করছে মহাবিশ্বকে। গ্রহকে কক্ষপথে ঘোরানো থেকে শুরু করে আমাদের দেহ গঠনকারী ছোট কণা পর্যন্ত সবকিছু নিয়ন্ত্রণ করছে চারটি বল। কিন্তু মহাবিস্ফোরণের ঠিক পরমুহূর্তে এই চারটি বলের সব কটি একটিমাত্র বল হিসেবে বিরাজ করছিল।

মহাবিশ্ব প্রসারিত হওয়ার সঙ্গে সঙ্গে তা ক্রমে ঠান্ডাও হতে লাগল। ক্ষণিক এ সময় বিজ্ঞানীদের কাছে প্ল্যাঙ্ক যুগ নামে পরিচিত। এই কালের নাম দেওয়া হয়েছে বিখ্যাত জার্মান বিজ্ঞানী ম্যাক্স প্ল্যাঙ্কের নামানুসারে। এ সময়ের শেষ দিকে অন্য সব বল থেকে একটা বল আলাদা হয়ে গেল। সেই বল হলো গ্র্যাভিটি বা মহাকর্ষ। নক্ষত্রগুলো ও গ্রহদের একত্রে ধরে রেখে ছায়াপথ বা গ্যালাক্সি গঠন করে এই মহাকর্ষ। আবার সূর্যের চারপাশে নির্দিষ্ট কক্ষপথে পৃথিবীকে আটকে রাখে এই বল। আবার ১১ বছর বয়সী কোনো শিশুকে বাস্কেটবল ডাঙ্কিং করতে বাধা দেয় এটা। এ ছাড়া আরও অনেক কিছুই রয়েছে। মহাকর্ষ যে সব সময় টানে, তার একটা সরল প্রমাণ দেখানো যাক। তোমার হাতের বইটি বন্ধ করো। এরপর বইটি পার্শ্ববর্তী কোনো টেবিলে কয়েক ইঞ্চি ওপরে তুলে ধরো। এবার বইটি ছেড়ে দাও। কী ঘটল? মহাকর্ষ এভাবেই কাজ করে। (তোমার বইটি যদি নিচে না পড়ে যায়, তাহলে এখনই আশপাশের কোনো অ্যাস্ট্রোফিজিসিস্টকে খুঁজে বের করো। সেই সঙ্গে মহাজাগতিক জরুরি অবস্থাও ঘোষণা করতে হবে।) অবশ্য আদিম মহাবিশ্বের প্রথম কয়েক মুহূর্তে সেখানে মহাকর্ষ কাজ করার জন্য কোনো গ্রহ কিংবা কোনো বই বা ১০ বছর বয়সী কোনো বাস্কেটবল খেলোয়াড়ও ছিল না। মহাকর্ষ তার সবচেয়ে সেরা কাজটি করে বড় বস্তুগুলোর সঙ্গে। সেই তুলনায় আদিম মহাবিশ্বে সবকিছু ছিল অকল্পনীয় রকম ক্ষুদ্র।

কিন্তু সেটা ছিল সূচনামাত্র। বিশ্বজগৎ তখনো কেবল বেড়েই চলছিল। এরপর প্রকৃতির অন্য তিনটি প্রধান বল পরস্পর থেকে আলাদা হয়ে গেল। এই বলগুলোর প্রধান কাজ হলো মহাবিশ্বের পরিপূর্ণ ক্ষুদ্র কণাদের বা পদার্থের টুকরাগুলোর নিয়ন্ত্রণ করা।

চারটি বল পরস্পর থেকে আলাদা হয়ে যাওয়ার পর যা হলো, সেটাই আসলে একটা মহাবিশ্ব গঠনের জন্য দরকার। চারটি বল হলো মহাকর্ষ, সবল নিউক্লিয়ার বা পারমাণবিক বল, দুর্বল নিউক্লিয়ার বল এবং বিদ্যুৎ—চুম্বকীয় বল।

নক্ষত্রের কাজকারবার ছিল অনেকটা রান্নাঘরের প্রেশার কুকারের মতো। এরা অতিক্ষুদ্র কণাগুলোকে একত্র করে বড় থেকে আরও বড় মৌল গঠন করতে বাধ্য করছিল শুরুর পর ১ সেকেন্ডের ট্রিলিয়ন ভাগের ১ ভাগ সময় পেরিয়ে গেছে। কিন্তু মহাবিশ্বের আকার তখনো অতিক্ষুদ্র। এত ক্ষুদ্র যে তা কল্পনাও করা যায় না। সেই সঙ্গে উত্তপ্তও বটে। এ সময় বিভিন্ন কণার ভিড় হতে শুরু করে। এই বিন্দুতে কণা ছিল মোট দুই ধরনের। এদের একটার নাম কোয়ার্ক। অন্যটা লেপটন। কোয়ার্ক নাম দেওয়া হয়েছিল মার্কের সঙ্গে ছন্দ মিলিয়ে। কোয়ার্করা অদ্ভুতুড়ে জানোয়ারের মতো। তুমি কখনোই শুধু কোনো কোয়ার্ককে আঁকড়ে ধরতে পারবে না। এরা সব সময় কাছাকাছি থাকা অন্যদের সঙ্গে আটকে থাকবে। আমি নিশ্চিত, তোমার অন্তত একটা বন্ধু অথবা ক্লাসমেট আছে, যাদের আচরণ ঠিক এ রকম। কোয়ার্ক হলো সেই সব বাচ্চার মতো, যারা কখনো একা একা কোনো কাজ করতে চায় না। এমনকি রেস্টরুমেও একা একা যেতে চায় না তারা।

দুটি বা তার চেয়ে বেশি কোয়ার্ককে একধরনের বল একত্র করে রাখে। কোয়ার্কদের আলাদা করতে গেলে সেই বলের পরিমাণ হুট করে আরও বেড়ে যায়। যেন কোয়ার্কগুলো কোনো ধরনের খুদে অদৃশ্য রাবার ব্যান্ড দিয়ে আটকানো। তাদের যথেষ্ট পরিমাণ আলাদা করা সম্ভব হলে ওই অদৃশ্য রাবার ব্যান্ড ছিঁড়ে যায়। তারপর সঞ্চিত শক্তি থেকে প্রতিটির শেষ প্রান্তে তৈরি হয় নতুন একটা করে কোয়ার্ক। এভাবে জোড়া থেকে আলাদা করা প্রতিটির একটা করে নতুন বন্ধু জুটে যায়। মনে মনে একবার ভাবো, তোমার স্কুলে এ রকম অবিচ্ছেদ্য বাচ্চাদের ক্ষেত্রেও যদি একই ঘটনা ঘটত এবং তারা যদি অঙ্কুরিত হয়ে দ্বিগুণ হয়ে যেত, তাহলে ব্যাপারটা কী হতো। তাহলে তোমার শিক্ষক নিঃসন্দেহে বিস্ময়ে একেবারে থ হয়ে যেতেন।

অন্যদিকে লেপটন হলো নিঃসঙ্গ, একা। কোয়ার্কদের যে বল একত্র করে, লেপটনের ওপর তার কোনো প্রভাব নেই। কাজেই লেপটন কখনো গুচ্ছভাবে একত্র হয় না। সবচেয়ে পরিচিত একটি লেপটন হলো ইলেকট্রন।

এসব কণা ছাড়াও মহাবিশ্বে তখন প্রচণ্ড শক্তিতে টগবগ করছিল। আর এই শক্তি বিরাজ করছিল তরঙ্গরূপী প্যাকেট বা আলোকশক্তির গুচ্ছ হিসেবে। এদের বলা হয় ফোটন। এখানেই সবকিছু অদ্ভুত হয়ে ওঠে। মহাবিশ্ব এতই উত্তপ্ত ছিল যে এসব ফোটন নিয়মিতভাবে পদার্থ ও প্রতিপদার্থ কণাজোড়ায় রূপান্তরিত হচ্ছিল। এরপর এসব জোড়া পরস্পরের সঙ্গে সংঘর্ষের মুখে পড়ে আবার রূপান্তরিত হচ্ছিল ফোটনে। কিন্তু রহস্যময় কোনো কারণে এসব রূপান্তরের এক বিলিয়নের মধ্যে মাত্র একটা পদার্থকণা তৈরি হচ্ছিল কোনো প্রতিপদার্থ সঙ্গী ছাড়াই। এসব নিঃসঙ্গ কিছু যদি বেঁচে না যেত, তাহলে মহাবিশ্বের কোনো পদার্থই আর অবশিষ্ট থাকত না। আর এটা আসলে দারুণ ব্যাপার। কারণ, আমরা সবাই পদার্থ দিয়ে তৈরি। অ্যান্ড্রোমিডা গ্যালাক্সি। এরকম লাখো কোটি গ্যালাক্সি গড়ে উঠেছে সময়ের সঙ্গে সঙ্গে, মহাবিশ্ব মাঝে আমরা টিকে আছি। আমরা জানি, সময় বয়ে যাওয়ার সঙ্গে সঙ্গে মহাবিশ্ব ক্রমেই প্রসারিত ও শীতল হতে থাকে। মহাবিশ্ব আমাদের সৌরজগতের আকারের চেয়ে বড় হয়ে যাওয়ার পর দ্রুত হারে কমে যেতে থাকে এর তাপমাত্রা। তবু মহাবিশ্ব তখনো অনেক উত্তপ্ত ছিল। কিন্তু এর তাপমাত্রা তখন নেমে এসেছিল ১ ট্রিলিয়ন ডিগ্রি কেলভিনের নিচে।

মহাবিশ্ব শুরু হয়েছিল, বাক্যটি শেষ হতে যে সময় লাগে তার অতিক্ষুদ্র একটা ভগ্নাংশ সময় পেরিয়ে গেছে। ১ সেকেন্ডের মিলিয়ন ভাগের ১ ভাগ। এখন তার আকার আমাদের সৌরজগতের সমান। এর পরিমাণ আড়াআড়িভাবে প্রায় ৩০০ বিলিয়ন কিলোমিটার বা ১৮০ বিলিয়ন মাইল। ১ ট্রিলিয়ন ডিগ্রি কেলভিন তাপমাত্রা খুবই উত্তপ্ত, যা সূর্যের পৃষ্ঠের চেয়েও অনেক বেশি গরম। কিন্তু মহাবিস্ফোরণের একেবারে প্রথম মুহূর্তের সঙ্গে তুলনা করলে ১ ট্রিলিয়ন কেলভিন তাপমাত্রাকে অনেক ঠান্ডাই বলতে হবে। এই কুসুম কুসুম গরম মহাবিশ্ব তখন আর কোয়ার্কগুলোকে রান্না করার মতো যথেষ্ট উত্তপ্ত রইল না। কাজেই তখন নিজ নিজ সঙ্গী খুঁজে নিয়ে ভারী কণা তৈরি করতে লাগল কোয়ার্ক কণারা। কোয়ার্কদের এই সমন্বয়ের ফলে শিগগিরই প্রোটন ও নিউট্রনের মতো পরিচিত পদার্থের রূপের দেখা মিলতে লাগল। মহাবিশ্ব শুরুর পর এতক্ষণে ১ সেকেন্ড সময় পেরিয়ে গেছে। মহাবিশ্বের আকার তখন আড়াআড়িভাবে কয়েক আলোকবর্ষ। অর্থাৎ সূর্য থেকে তার সবচেয়ে কাছের প্রতিবেশী নক্ষত্রগুলোর দূরত্বের প্রায় কাছাকাছি। তাপমাত্রা কমে তখন নেমে গেছে ১ বিলিয়ন ডিগ্রিতে। এই তাপমাত্রাও আসলে প্রচণ্ড গরম। সেটা এতই উত্তপ্ত যে তা দিয়ে ছোট্ট ইলেকট্রন এবং তাদের বিপরীত কণা পজিট্রন রান্না করার জন্য যথেষ্ট। এই দুই আলাদা কণাগুলো হুট করে উদয় হয় এবং পরস্পরকে ধ্বংস করে অদৃশ্য হয়ে যায়। কিন্তু অন্য কণাদের ক্ষেত্রে যে কথা সত্য, ইলেকট্রনের জন্যও তা সত্য। অর্থাৎ ১ বিলিয়নের মধ্যে মাত্র একটা ইলেকট্রন কণা বেঁচে যাচ্ছিল, কিন্তু ধ্বংস হয়ে গেল বাকি সব কটি।

মহাবিশ্বের তাপমাত্রা এরপর নেমে গেল মাত্র ১০০ মিলিয়ন ডিগ্রি কেলভিনে। কিন্তু তারপরও সেটা ছিল সূর্যপৃষ্ঠের চেয়েও অনেক অনেক গরম। বড় কণাগুলো তারপর পরস্পরের সঙ্গে ফিউজ হতে লাগল। অর্থাৎ কণাগুলো পরস্পর পারমাণবিকভাবে জোড়া লেগে একত্র হতে লাগল। বর্তমানে আমাদের দৃশ্যমান মহাবিশ্ব যেসব পরমাণু দিয়ে গঠিত, তার মৌলিক উপাদান শেষ পর্যন্ত একত্র হলো। অর্থাৎ নক্ষত্র, গ্রহ, তোমার জানালার বাইরের গাছপালা বা বাড়িঘর, তোমার বন্ধুর মোজা, আমার গোঁফ যেসব পরমাণু দিয়ে গঠিত; তার মৌলিক উপাদান। প্রোটনগুলো অন্য সব প্রোটন ও নিউট্রনের সঙ্গে জোড়া লাগতে শুরু করল। এভাবে একসময় গঠিত হলো পরমাণুর কেন্দ্র। একেই বলা হয় পরমাণুর নিউক্লিয়াস। মহাবিশ্ব শুরুর পর দুই মিনিট পেরিয়ে গেছে। সেটি হলে পৃথিবীতে আমাদের চেনাজানা জীবনের উদ্ভব কখনো হতো না। তাহলে বইটি পড়ার জন্য তুমিও কখনো এখানে থাকতে না। মহাবিশ্ব শুরুর পর এতক্ষণে ৯ বিলিয়ন বছর পেরিয়ে গেছে।

সাধারণত প্রোটন ও নিউক্লিয়াসের প্রতি আকর্ষিত হবে মহাবিশ্ব জুড়ে ঘুরে বেড়ানো ইলেকট্রনগুলো। ইলেকট্রনের চার্জ ঋণাত্মক। অন্যদিকে প্রোটন বা নিউক্লিয়াসের চার্জ ধনাত্মক বা পজিটিভ। আর জানোই তো, বিপরীত চার্জ পরস্পরকে আকর্ষণ করে। কিন্তু প্রশ্ন হলো, তাদের চার্জ ধনাত্মক আর ঋণাত্মক কেন? আবার তুমি এটাও জিজ্ঞেস করতেই পারো, বিপরীত চার্জ পরস্পরকে আকর্ষণ করে কেন? আসলে এর উত্তরে বলতে হয়, এটাই নিয়ম। তারা আসলে এ রকমই আচরণ করে।

আমার ইচ্ছা করছে, এর চেয়ে ভালো কোনো উত্তর দিই তোমাকে। কিন্তু মহাবিশ্ব আমাদের জন্য বোধগম্য হয়ে উঠবে, এ রকম কোনো বাধ্যবাধকতা নেই। আমি যেটা বলতে পারি, সেটা হলো বহু বহু বছরের বৈজ্ঞানিক গবেষণার মাধ্যমে এই দুই ধারণা গড়ে উঠেছে।

এখন হয়তো ভাবতে পারো, তাদের পরস্পরকে আকর্ষণ করতে দিলে তারা একে অপরের সঙ্গে লেগে যাবে বা সংযুক্ত হবে। অবশ্য কয়েক হাজার বছর ধরে মহাবিশ্ব এতই উত্তপ্ত ছিল যে তারা এভাবে একত্র হয়ে উঠতে পারেনি। ইলেকট্রন মুক্তভাবে চলাফেরা করেছে, ফোটনকে সামনে-পেছনে বা এদিক-ওদিক ছুড়ে দিয়েছে। মুক্ত ইলেকট্রন আসলে এ রকমই আচরণ করে। তবে মহাবিশ্বের তাপমাত্রা ৩ হাজার ডিগ্রি কেলভিনের নিচে নেমে আসার পর এই অবস্থার সমাপ্তি হয়। ৩ হাজার কেলভিন মানে আমাদের সূর্যপৃষ্ঠের প্রায় অর্ধেক তাপমাত্রা। এর ফলে মুক্ত ইলেকট্রনগুলো ওই সব ধনাত্মক চার্জবাহী প্রোটনদের সঙ্গে একত্র হতে থাকে। তারা একত্র হওয়ার পর সব ফোটন মহাবিশ্ব পাড়ি দিতে শুরু করল। এই অক্ষত ফোটন বা আলোকে এখনো শনাক্ত করতে পারেন বিজ্ঞানীরা। মহাবিশ্ব শুরুর পর ততক্ষণে ৩৮০ হাজার বছর পেরিয়ে গেছে। এ সময় মহাবিশ্ব এমনভাবে প্রসারিত হচ্ছিল, যেন সেটা এক কখনো না ফাটা বেলুন। মহাবিশ্ব যতই বড় হচ্ছিল, ততই তা শীতল হচ্ছিল। এ সময় কাজ শুরু করে মহাকর্ষ। প্রথম কয়েক হাজার বছরে কণাগুলো সব জায়গায় দৌড়াদৌড়ি বা ছোটাছুটি করে বেড়াচ্ছিল। কিন্ডারগার্টেনের বাচ্চাদের খেলার মাঠে ছেড়ে দিলে যে অবস্থা দাঁড়ায়, এসব কণার অবস্থাও ছিল সে রকম। *ক্রমশঃ*

**সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।**

# অপরিশোধিত তেল ব্যারেল প্রতি ৮৬ ডলারের কাছাকাছি, পেট্রোল এবং ডিজেলের দাম স্থিতিশীল



নয়াদিল্লি, ২১ আগস্ট (হি. স.) : আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত তেলের দাম বাড়ছে। ব্রেন্ট ক্রুডের দাম ব্যারেল প্রতি ৮৬ ডলারে বেড়েছে এবং ডব্লিউটিআই ক্রুডের দাম ব্যারেল প্রতি ৮৩ ডলারের কাছাকাছি পৌঁছেছে।
যদিও সরকারি খাতের তেল ও গ্যাস বিপণন সংস্থাগুলি পেট্রোল ও ডিজেলের দামে কোনও পরিবর্তন করেনি।
ইন্ডিয়ান অয়েলের ওয়েবসাইট অনুসারে, সোমবার দিল্লিতে প্রতি লিটারে পেট্রোল ৯৬.৭২ টাকা, ডিজেল ৮৯.৬২ টাকা, মুম্বইতে পেট্রোল ১০৬.৩১ টাকা, ডিজেল ৯৪.২৭ টাকা, কলকাতায় পেট্রোল ১০৬.০৩ টাকা, ডিজেল ৯২.৭৬ টাকা, চেন্নাইতে পেট্রোল ১০২.৬৩ টাকা এবং ডিজেল ৪৯.৪৩ টাকা।।
আন্তর্জাতিক বাজারে, ব্রেন্ট ক্রুড সপ্তাহের প্রথম দিনে ০.৮২ ডলার বা ০.৯৭ শতাংশ লাফিয়ে ব্যারেল প্রতি ৮৫.৬০ ডলারে লেনদেন করেছে। একই সময়ে, ওয়েস্ট টেক্সাস ইন্টারমিডিয়েট (ডব্লিউটিআই) অপরিশোধিত তেল ব্যারেল প্রতি ০.৮৬ বা ১.০৬ শতাংশ বৃদ্ধির সাথে ৮২.১১ ডলারে লেনদেন করছে।

## নিজাম প্যালেসে ৫০ জন শিক্ষককে তলব সিবিআইয়ের

কলকাতা, ২১ আগস্ট (হি. স.) : নিয়োগ দুর্নীতি মামলায় সোমবার নিজাম প্যালেসে ৫০ জন শিক্ষককে ডেকে পাঠিয়েছেন সিবিআই। এদিন সকাল থেকে একের পর এক শিক্ষক নিজাম প্যালেসে সিবিআই দফতরে পৌঁছতে শুরু করেছেন।
কেন্দ্রীয় তদন্ত এজেন্সি সূত্রে খবর, এই শিক্ষকদের বিরুদ্ধে টাকা দিয়ে চাকরি পাওয়ার অভিযোগ রয়েছে। এঁদের সবার জবানবন্দি রেকর্ড করা হবে। এর আগে মুর্শিদাবাদের চার শিক্ষকের বয়ান রেকর্ড করে তাঁদের সাক্ষী হিসাবে চার্জশিটে দেখিয়েছিল সিবিআই। কিন্তু তাতে আদালত সিবিআইয়ের উপর কিছুটা অসন্তুষ্টই হয়েছিল। আদালতের বক্তব্য ছিল, এঁরা সাক্ষী কেন? এঁদের অভিযুক্ত হিসাবে দেখাতে হবে। এ কথা বলেই আদালত ওই চার শিক্ষককে জেল হেফাজতে পাঠানোর নির্দেশ দিয়েছিল। এর পর থেকেই দেখা যাচ্ছে, দফায় দফায় কিছু শিক্ষককে ডেকে পাঠাচ্ছে সিবিআই। এর আগে বাঁকুড়ার সাত জন শিক্ষককে সিবিআই দফতরে ডেকে পাঠানো হয়েছিল। তার পর আরও ১২ জন শিক্ষককে জেরার জন্য ডাকা হয়। এবার এক সঙ্গে ৫০ জন শিক্ষককে নোটিস দিয়ে নিজাম প্যালেসে ডেকে পাঠাল কেন্দ্রীয় তদন্ত এজেন্সি।

## দক্ষিণবঙ্গে ক্রমেই বাড়ছে অস্বস্তিকর গরম, উত্তরবঙ্গে ভারী বৃষ্টির পূর্বভাস



কলকাতা, ২১ আগস্ট (হি. স.) : দক্ষিণবঙ্গে রোদের দাপটে অস্বস্তিকর গরম ক্রমেই বাড়ছে। সোমবার সপ্তাহের প্রথমকাজের দিনেই ভ্যাপসা গরমে নাজেহাল শহরবাসী। পাশাপাশি উত্তরবঙ্গে ভারী বৃষ্টির পূর্বভাস রয়েছে।
আলিপুর আবহাওয়া দফতের আপডেট অনুযায়ী সোমবার দক্ষিণবঙ্গের কোনও জেলাতেই ভারী বৃষ্টির সম্ভাবনা নেই। জানা গিয়েছে দুই ২৪ পরগনা, দুই মেদিনীপুর, হাওড়া, হুগলি, পুরুলিয়া, ঝাড়গ্রাম, বাঁকুড়া, দুই বর্ধমান, বীরভূম, মুর্শিদাবাদ ও নদিয়া জেলায় হালকা বৃষ্টির সম্ভাবনা রয়েছে। কোথাও কোথাও বজ্রপাত হতে পারে বলেই জানা গিয়েছে। দক্ষিণবঙ্গের জেলাগুলি আর্দতাজনিত অস্বস্তি বজায় থাকবে। সোমবার কলকাতার আকাশ আংশিকভাবে মেঘলা থাকবে। হালকা থেকে মাঝারি বৃষ্টিপাত হওয়ার সম্ভাবনা রয়েছে। এদিন শহরের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩.৭ ডিগ্রি সেলসিয়াস যা স্বাভাবিকের থেকে ২ ডিগ্রি বেশি। অন্যদিকে কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ২৮ ডিগ্রি সেলসিয়াস যা স্বাভাবিকের থেকে ২ ডিগ্রি বেশি। বাতাসে আপেক্ষিক আর্দতা ৯২ শতাংশ হওয়া বজায় থাকবে আর্দতাজনিত অস্বস্তি। এখন কবে থেকে শহরে বৃষ্টিপাতের পরিমাণ বাড়ে, সেদিকে তাকিয়ে রয়েছে সবাই। এদিকে, চলতি সপ্তাহের শুরু দিন থেকেই উত্তরবঙ্গে ভারী বৃষ্টির পূর্বভাস রয়েছে। শনিবার অবধি বৃষ্টির ঝোড়ো ব্যাটিং চলার সম্ভাবনা রয়েছে। মৌসমী অক্ষরেখার অবস্থানের প্রভাবে এই উত্তরবঙ্গে ভারী বৃষ্টিপাত হতে পারে। মঙ্গলবার হলুদ সতর্কতা জারি করা হয়েছে বলে জানা গিয়েছে।
আলিপুর আবহাওয়া দফতর সূত্রে জানা গিয়েছে, সোমবার উত্তরবঙ্গের সব জেলাতেই বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তবে দার্জিলিং, কালিম্পং, কোচবিহার, জলপাইগুড়ি ও আলিপুরদুয়ারের মতো উপরের দিকের জেলাগুলিতে এদিন ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।সেই কারণে কমলা সতর্কতা জারি করা হয়েছে। দুই দিনাজপুর ও মালদায় বজ্রবিদ্যুৎসহ হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। সেখানে হলুদ সতর্কতা জারি হয়েছে।

## পুলিশ হেফাজতে অভিযুক্তের মৃত্যু, তদন্তের দাবি পরিবারের

গিরিডি, ২১ আগস্ট (হি. স.) : ঝাড়খন্ডের বেঙ্গাবাদ থানায় হত্যা মামলায় জিজ্ঞাসাবাদের জন্য থানায় আটক করে আনা হয় অভিযুক্ত নাগো পাসিকে। এরপর পুলিশ হেফাজতেই মৃত্যু হয় চট্টাবাদের বাসিন্দা নাগো পাসির। তথ্য অনুযায়ী, জিজ্ঞাসাবাদের সময়, নাগো পাসি হৃদরোগে আক্রান্ত হন এবং তাকে হাসপাতালে আনা হয়, যেখানে তার মৃত্যু হয়। পরিবারের সদস্যরা বেঙ্গাবাদ পুলিশের বিরুদ্ধে অভিযোগ তুলেছেন এবং বিষয়টি তদন্তের দাবি জানিয়েছেন।
গত শনিবার রাতে ছাতাবাদ গ্রামে খুন হন বৃদ্ধা আনপি দেবী। ঘটনার খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠায়। অন্যদিকে, সন্দেহের ভিত্তিতে আনপি দেবীর ছেলে নাগো পাসিকে আটক করা হয়। নাগোকে থানায় জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। এ সময় তার স্বাস্থ্যের অবনতি হয় এবং পরে তিনি মারা যান। স্বজনদের অভিযোগ, রবিবার সন্ধ্যায় পরিবারের লোকজন তার সঙ্গে দেখা করতে থানায় গেলেও পুলিশ তাদের দেখা করতে দেয়নি। সোমবার সকালে তার সাথে দেখা করতে গেলে জানতে পারি নাগো পাসি মারা গেছে।

## পুলওয়ামায় এনকাউন্টারে দুই জঙ্গিকে নিকেশ করল নিরাপত্তা বাহিনী



শ্রীনগর, ২১ আগস্ট (হি. স.) : জম্মু-কাশ্মীরের পুলওয়ামায় এনকাউন্টারে দুই জঙ্গিকে নিকেশ করল নিরাপত্তা বাহিনী। রবিবার রাত থেকেই সেনা-জঙ্গির গুলির লড়াইয়ে উত্তপ্ত হয়েছিল উপত্যকা। রাতভর সেই সংঘর্ষ চলে। সোমবার সকালে সেনা সূত্রে জানানো হয়, এনকাউন্টারে দুই জঙ্গিকে নিকেশ করা হয়েছে।
নিহত দুই জঙ্গির মধ্যে একজন লস্কর-ই-তৈবা -র শীর্ষ স্থানীয় কম্যান্ডার বলেই মনে করা হচ্ছে। তাদের নাম-পরিচয় এখনও জানা যায়নি। রবিবারই কাশ্মীর জোন পুলিশের তরফে টুইট করে জানানো হয়, পুলওয়ামা জেলার ল্যারো-পারিগাম এলাকায় এনকাউন্টার শুরু হয়েছে। গোপন সূত্রে আগেই খবর মিলেছিল, পুলওয়ামার পারিগাম গ্রামে লুকিয়ে রয়েছে কয়েকজন জঙ্গি। তাদের ধরতেই অভিযান শুরু করে নিরাপত্তা বাহিনী ও পুলিশ। জঙ্গিদের আত্মসমর্পণ করতে বলা হলেও, তারা তা শোনেনি। উল্টে নিরাপত্তা বাহিনীর উপরে গুলি চালায় জঙ্গিরা। এরপরই এনকাউন্টার শুরু হয়। এদিন সকালে সেনার তরফে জানানো হয়, রবিবার রাত থেকে শুরু হওয়া এনকাউন্টারে দুইজন জঙ্গিকে নিকেশ করা হয়েছে। নিহত জঙ্গিরা লস্কর-ই-তৈবা জঙ্গি সংগঠনের সদস্য। এদের মধ্যে একজন লস্করের শীর্ষ স্থানীয় কম্যান্ডার। তবে তাদের দেহ এখনও উদ্ধার করা যায়নি, ফলে পরিচয়ও জানা যায়নি।

## বিজাপুরের প্রায় ৫০ জন গ্রামবাসীকে অপহরণ করল মাওবাদীরা

রায়পুর, ২১ আগস্ট (হি.স.) : ছত্তিশগড়ের বিজাপুরের প্রায় ৫০ জন গ্রামবাসীকে অপহরণ করল মাওবাদীরা। ছত্তিশগড়ের মাওবাদী প্রভাবিত বিজাপুর জেলায় নামাজ পড়তে যাওয়া প্রায় ৫০ গ্রামবাসীকে রবিবার সন্ধ্যে নাগাদ মাওবাদীরা অপহরণ করে বলে অভিযোগ। মাওবাদীরা রবিবার গভীর রাতে ৪৪ জনেরও বেশি গ্রামবাসীকে ছেড়ে দেয়। কুটরু পঞ্চায়েতের গ্রামবাসী সূত্রে জানা গিয়েছে, ছয়জন গ্রামবাসী এখনও তাদের হেফাজতে রয়েছে। সূত্রের তরফে জানা গিয়েছে, রবিবার সন্ধ্যায় কুটরু এলাকার চিকত রাজ পাহাড়ে প্রার্থনা করতে যাওয়া ৫০ জনেরও বেশি গ্রামবাসীকে মাওবাদীরা অপহরণ করে। স্থানীয়রা জানায়, রবিবার গভীর রাতে মাওবাদীরা ৪৪ জন গ্রামবাসীকে ছেড়ে দেয়। ফারসেগড় থানা এলাকার বাকি ৬ জনকে তারা আটকে রেখেছে। গ্রামবাসীরা তাদের বাড়ির সদস্যদের ছেড়ে দেওয়ার জন্য মাওবাদীদের কাছে অনুরোধ জানিয়েছে।

## নেপালে সোনা পাচারের অভিযোগে ধৃত দুই চিনা নাগরিকের কাছে মিলল ভারতের আধার কার্ড



কাঠমাণ্ডু, ২১ আগস্ট (হি.স) : নেপালে সোনা পাচারের অভিযোগে ধৃত দুই চিনা নাগরিকের কাছ থেকে উদ্ধার করা হল ভারতের আধার কার্ড।
জানা গিয়েছে, ধৃতরা এক কুইন্টাল সোনা চোরাচালানের মামলায় জড়িত। তাদের নেপাল থেকে গ্রেফতার করা হয়। ধৃত ১২ জনের মধ্যে ২ জন চিনা নাগরিক। ওই ২ জনের কাছ থেকে ভারতের আধার কার্ড পাওয়া গিয়েছে। এর আগেও আরেক চিনা নাগরিকের কাছ থেকে ভারতীয় পাসপোর্ট উদ্ধার করা হয়েছি।
সোনা চোরাচালানে ত্রিদেশীয় নেক্সাস জড়িত আছে বলে অনুমান নেপাল পুলিশের মুখপাত্র ডিআইজি কুবের কাদায়ত-এর। একটি অ্যাপার্টমেন্ট থেকে আটক দুই চিনা নাগরিকের কাছ থেকে ভারতের আধার কার্ড উদ্ধার করা হয়েছে। অন্য এক অভিযুক্তের কাছ থেকে নেপালের নাগরিকত্বের প্রমাণপত্রও উদ্ধার করা হয়েছে।
নেপাল পুলিশের মুখপাত্র জানান, সিআইবি, সম্পূর্ণ ঘটনা কাঠমান্ডুতে অবস্থিত ভারতীয় দূতাবাসকে জানিয়েছে। সিআইবির প্রধান এআইজি কিরণ বজরাচার্য বলেন, ভারতের নিরাপত্তা সংস্থাগুলির জন্য এটিও গুরুত্বপূর্ণ যে এই ধরনের বিদেশী অপরাধীদের আধার কার্ড কীভাবে তৈরি হয় ?
নেপাল পুলিশের মুখপাত্র ডিআইজি কুবের কাদায়ত জানান, এই অপরাধীদের মধ্যে কয়েকজন কাভ্রে জেলা এবং রাজধানী কাঠমান্ডুর নাগরিকত্বের শংসাপত্রও তৈরি করেছিল। এরই মধ্যে সোনার বিশুদ্ধতাও পরিমাপ করেছিল তারা। উদ্ধার হওয়া সোনা আসল এবং সেগুলি ২৪ ক্যারেটের বলেও পুলিশ জানিয়েছে। উদ্ধার হওয়া সোনাগুলিকে নেপাল রাষ্ট্র ব্যাঙ্কের কাছে হস্তান্তর করা হয়েছে বলে পুলিশ সূত্রে জানা গিয়েছে।

## যাদবপুরকাণ্ডে ডিন অফ স্টুডেন্টসকে তলব রাজ্য মানবাধিকার কমিশনের

কলকাতা, ২১ আগস্ট (হি. স.) : যাদবপুরকাণ্ডে ডিন অফ স্টুডেন্টস রজত রায়কে তলব করল রাজ্য মানবাধিকার কমিশন। সোমবার কমিশনের দফতরে তাঁকে আসতে বলা হয়েছে।
সূত্রের খবর, ডিনের কাছে জানতে চাওয়া হবে, ওইদিন রাতে ফোন পেয়ে তিনি কী করেছিলেন? জনমানসের বিভিন্ন স্তড়ে ডিন, সুপার এবং রেজিস্ট্রারের গাফিলতির বিষয়টি উঠে আসছে। কমিশন কর্তারা তদন্তে বিষয়ঠি তুলে ধরতে চান। কাকে ফোন করেছিলেন রজত রায় এবং কী ব্যবস্থা নিয়েছিলেন? তদন্তকারীদের নজরে সেদিকে।
উল্লেখ্য একের পর এক জিজ্ঞাসাবাদ চলছে। যাদবপুরে ছাত্র মৃত্যুর ঘটনায় ধৃতদের জেরা করে উঠে এল ১১ জনের নাম। ওইদিন তারা ঘটনাস্থলে উপস্থিত ছিল বলে পুলিশকে জানিয়েছে বিশ্ববিদ্যালয়ের প্রাক্তনী ধৃত জয়দীপ ঘোষ। খবর পুলিশ সূত্রে। তাদের সঙ্গে যোগাযোগের প্রক্রিয়া শুরু হয়েছে। তাদেরও বয়ান নিতে চায় পুলিশ।
এর পাশাপাশি, সোমবার থেকেই যাদবপুর বিশ্ববিদ্যালয়ে দায়িত্বভার নিতে চলেছেন নতুন অন্তর্বর্তী উপাচার্য বুদ্ধদেব সাউ। গতকাল ছুটির দিন হওয়া সত্ত্বেও বিশ্ববিদ্যালয়ে যান তিনি। ঘুরে দেখেন ক্যাম্পাস। পড়ুয়া মৃত্যুর ঘটনায় যে গাফিলতি ছিল, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দায় এড়াতে পারে না, তা গতকালই স্পষ্ট করে দেন নতুন অন্তর্বর্তী উপাচার্য। যদিও সঙ্কটকালীন পরিস্থিতিতে তাঁর নিয়োগ ঘিরে শুরু হয়েছে রাজনৈতিক চাপানউতোর

## গর্ভগৃহের ভিতরে সংস্কার কাজ চলবে, তারা মায়ের মূর্তি গেল অন্য মন্দিরে

রামপুরহাট, ২১ আগস্ট (হি. স.) : তারাপীঠের মায়ের মন্দিরের গর্ভগৃহের ভিতরে সংস্কার কাজ চলবে। তাই সোমবার থেকে মা তারাকে মূল গর্ভগৃহে পুজো করা যাবে না। মন্দিরের পাশে চন্দ্রচূড় ভৈরব মন্দিরে মা তারাকে অধিষ্ঠিত করে পুজো করা হবে।
এদিন চন্দ্রচূড় ভৈরব মন্দিরে মা তারাকে অধিষ্ঠিত করে মঙ্গলারতি করা হবে। সেখানেই পুণ্যার্থীরা পুজো দিতে পারবেন। পরপর পাঁচদিন সেখানেই মা তারা অধিষ্ঠিত থাকবেন। শুক্রবার অর্থাৎ ২৫ অগাস্ট সন্ধ্যায় ফের মা তারাকে মূল মন্দিরের গর্ভগৃহে ফিরিয়ে আনা হবে।মন্দির কমিটির সভাপতি তারাময় মুখোপাধ্যায় বলেন, 'করোনা মহামারির কারণে বিগত কয়েক বছর মন্দিরের ভিতরের অংশ সংস্কার করা হয়নি। সামনেই কৌশিকী অমাবস্যা। সেই তিথিতে তারাপীঠে প্রচুর পুণ্যার্থীর সমাগম হয়।
তার আগে সংস্কারের উদ্যোগ নেওয়া হয়েছে। তবে যেসব পুণ্যার্থীরা তারাপীঠে আসবেন তাঁদের পুজো দিতে যাতে কোনও অসুবিধা না হয় সে কথা মাথায় রেখে চন্দ্রচূড় ভৈরব মন্দিরে মা তারাকে অধিষ্ঠিত করে পুজো দেওয়ার ব্যবস্থা করা হয়েছে।' প্রসঙ্গত, প্রতিদিন প্রচুর ভক্ত সমাগম হয় মন্দিরে। নিত্য পুজোপাঠ ছাড়াও শনি, মঙ্গলবার এবং বিশেষ দিনগুলিতে বিশেষ পুজোঅর্চনা হয়ে থাকে এখানে।

## রিপাবলিকান প্রেসিডেন্ট প্রার্থীদের বিতর্কে অংশ নেবেন না ডোনাল্ড ট্রাম্প

ওয়াশিংটন, ২১ আগস্ট (হি. স.) : প্রাক্তন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বুধবার মিলওয়াকিতে (উইসকনসিন) অনুষ্ঠিত হতে চলা প্রথম রিপাবলিকান প্রেসিডেন্ট বিতর্কে অংশ নেবেন না।
ট্রাম্প তার সোশ্যাল মিডিয়া অ্যাপ ট্রুথ সোশ্যাল-এ বলেছেন, 'জনগণ জানে আমি কে এবং কতটা সফল প্রেসিডেন্সি ছিল আমার। তাই আমি কোনও বিতর্কে অংশ নেব না।'
তাঁর দাবি, তিনি ইতোমধ্যেই সুপরিচিত নেতা এবং জনমত সমীক্ষায় দলের অন্যান্য প্রার্থীদের তুলনায় এগিয়েও রয়েছেন। এক সমীক্ষা দেখা গেছে, ৬২ শতাংশ মানুষ তাকে পছন্দ করেছেন। ট্রাম্প লিখেছেন- জনগণ জানে আমি কে। আমার সভাপতিত্ব কতটা সফল ছিল।

## নিয়োগ নিয়ে মামলায় এখনই এগোতে নারাজ সুপ্রিম কোর্ট

নয়াদিল্লি, ২১ আগস্ট (হি. স.) : উপাচার্য নিয়োগ নিয়ে মামলায় এখনই এগোতে নারাজ সুপ্রিম কোর্ট। সোমবার শুনানিতে সুপ্রিম কোর্টের বিচারপতি সূর্য কান্ত এবং বিচারপতি দীপঙ্কর দত্তের ডিভিশন বেঞ্চের নির্দেশ, মামলার সব পক্ষকে নোটিস দিতে হবে। দু''সপ্তাহ পরে মামলা।
এর আগে রাজ্যপালের একতরফা অস্থায়ী উপাচার্য মনোনয়নে ক্ষুব্ধ হয়ে রাজ্যপাল হাইকোর্টে মামলা করে।
তাতে আইনি রায় রাজ্যপালের পক্ষেই যায়। শনিবার রাতে পাদবপুরে আচার্য্য-রাজ্যপাল যেভাবে অস্থায়ী উপাচার্য নিয়োগ করেছেন, তাতে রাজ্য ফের ক্ষুব্ধ। অনেকের আশা ছিল, এবার সুপ্রিম কোর্ট অন্যরকম রায় দিতেও পারে। শীর্ষ আদালতের নির্দেশ, এই সময়ের মধ্যে স্থায়ী উপাচার্য নিয়োগ নিয়ে দু''পক্ষ আলোচনায় বসে সমাধানসূত্র বার করা যায় কি না দেখবে।
তবে আংশিক সময়ের অস্থায়ী উপাচার্যদের নিয়োগ নিয়ে আচার্যের সিদ্ধান্তে হস্তক্ষেপ করবে না আদালত। আপাতত হাই কোর্টের নির্দেশই বহাল থাকবে। এই মামলায় বিচারপতি সূর্য্য কান্তের পর্য্যবেক্ষণ, "স্থায়ী উপাচার্য ছাড়া বিশ্ববিদ্যালয় দীর্ঘ দিন চলতে পারে না। কেন শিক্ষামন্ত্রী একটি নামের তালিকা পাঠিয়ে দিলেন? উপাচার্য নিয়োগ নিয়ে দু'পক্ষ কি একসঙ্গে কাজ করতে পারবে না? উপাচার্য নিয়োগে আচার্য না রাজ্য, কে উপযুক্ত কর্তৃপক্ষ, এখন আমরা সেই বিচার করছি না। আপাতত অস্থায়ী উপাচার্য্যেরা কাজ চালিয়ে নিয়ে যাবেন। কিন্তু কী ভাবে স্থায়ী উপাচার্য নিয়োগ করা যাবে, সেই বিষয়ে সিদ্ধান্ত নিতে হবে।"

## চাকুলিয়ায় স্নান করতে গিয়ে খালে ডুবে যুবকের মৃত্যু, তদন্ত চলছে

পূর্ব সিংভূম, ২১ আগস্ট (হি. স.) : ঝাড়খন্ডের চাকুলিয়ায় নাগা বাবা মন্দিরের ঠিক পিছনে খালে স্নান করতে গিয়ে ডুবে যান শঙ্কর গগরাই (২০)। শঙ্কর গগরাইয়ের বাবা মহেশ গগরাই দিব্যাং। তিনি চাকুলিয়া নগর পঞ্চায়েতের অন্তর্গত বাজপেয়ী কলোনির বাসিন্দা।
তিনি জানান, সোমবার সকালে শঙ্কর খালে স্নান করতে গিয়েছিল। ইদানীং খালে জল ছাড়ার কারণে খালে প্রচুর জল জমেছিল। জলের স্রোতে ভেসে যায় শঙ্কর। স্থানীয় ডুবুরিরা এক ঘণ্টা ধরে জলে শঙ্করকে খুঁজে বের করার চেষ্টা করছেন। এখনও পর্যন্ত তার কোনও খোঁজ পাওয়া যায়নি। স্নানের আগে খোলা শঙ্করের জামাকাপড় ঘটনাস্থলেই রাখা হয়েছে।

## চা বাগানের জমি দখলের ঘটনায় দু'পক্ষের সংঘর্ষে উত্তাল চোপড়া

চোপড়া, ২১ আগস্ট (হি. স.) : উত্তর দিনাজপুরের চোপড়া থানার হাপতিয়াগছ পঞ্চায়েতের আমবাড়ি এলাকা একটি চা বাগানের জমি দখলের ঘটনায় দু'পক্ষের সংঘর্ষে উত্তাল হয়ে উঠল। সোমবার ঘটনায় উভয়পক্ষের কয়েকজন জখম হয়েছেন। ছররা গুলি চালানোরও অভিযোগ উঠেছে। জখম চারজনকে দলুয়া ব্লক স্বাস্থ্যকেন্দ্রে পাঠানো হয়। সেখান থেকে তাঁদের ইসলামপুর মহকুমা হাসপাতালে রেফার করা হয়েছে। ঘটনাস্থলে বিশাল পুলিশ বাহিনী মোতায়েনষ
জানা গিয়েছে, স্থানীয় পেয়ারীলাল চা বাগানের মালিকানা বদল নিয়ে কয়েক মাস ধরে ঝামেলা চলছে। সেই জমি নিয়ে সোমবার ফের সংঘর্ষের বাঁধে। ওই বাগানের জমি বাঁচাতে আদিবাসী সেঙ্গেল অভিযানের চোপড়া ব্লক কমিটির উদ্যোগে আন্দোলন শুরু হয়। বাগানে আন্দোলনকারীরা ঘাঁটি গেড়ে বসেছে। এদিন আদিবাসী সংগঠনের আন্দোলনকারীদের সঙ্গে ফের সংঘর্ষে এলাকায় উত্তেজনা ছড়িয়ে পড়ে। আদিবাসী সেঙ্গেল অভিযানের জোনাল কমিটি থেকে অবশ্য সংগঠনের ব্লক সভাপতি সরকার মুর্মুকে বহিষ্কার করা হয়। সরকার মুর্মুর অভিযোগ, এদিন দুষ্কৃতীরা হামলা চালায়। তাদের ছোড়া ছররা গুলিতে কয়েকজন জখম হয়েছেন।

# ২১-এর পর আইনি খাতে সরকার কত টাকা ব্যয় করল, প্রশ্ন তথাগতর




অশোক সেনগুপ্ত

কলকাতা, ২১ আগস্ট (হি. স.) : যাদবপুর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মনোনয়নে রাজ্যপালের ভূমিকা নিয়ে রাজ্য সরকার সুপ্রিম কোর্টে গিয়েছে। এ নিয়ে প্রতিক্রিয়া দিলেন প্রাক্তন রাজ্যপাল তথাগত রায়।

তথাগতবাবু সোমবার টুইটারে লিখেছেন, ''যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ভিসি হিসাবে দায়িত্ব পালনের জন্য শ্রী বুদ্ধদেব সাউকে রাজ্যপাল নিয়োগের বিরুদ্ধে পশ্চিমবঙ্গ সরকার আবার সুপ্রিম কোর্টে গেছে। কিছু বিজেপি বিধায়ক কি সরকারের কাছে উত্তর চাইবেন যে ২০২১ সাল থেকে আইনজীবীদের ফি ইত্যাদির জন্য সরকারী তহবিল থেকে কত টাকা ব্যয় করা হয়েছে?" এর প্রতিলিপি তথাগতবাবু যুক্ত করেছেন রাজ্য বিজেপি-র টুইটারের সঙ্গে।

নবান্নের বক্তব্য, রাজ্যপাল যে পদ্ধতিতে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য নিয়োগ করেছেন, তা বৈধ নয়। রাজ্যের উচ্চ শিক্ষা দফতর বা শিক্ষামন্ত্রীর সঙ্গে কোনও আলোচনা ছাড়াই উপাচার্য নিয়োগে এককভাবে সিদ্ধান্ত নিয়ে চলেছেন আচার্য। যদিও কলকাতা হাইকোর্টে এই সংক্রান্ত মামলায় ধাক্কা খেয়েছে রাজ্য। তারপর রাজ্য শীর্ষ আদালতের দ্বারস্থ হয়।


## মধ্যপ্রদেশের মুখ্যমন্ত্রী আজ পিচোরে মহিলাদের সম্মেলনে যোগ দেবেন

শিবপুরী, ২১ আগস্ট (হি.স) : মধ্যপ্রদেশের মুখ্যমন্ত্রী শিবরাজ সিং চৌহানের আজ, সোমবার পিচোরে মহিলাদের একটি সম্মেলনে অংশ নেওয়ার কথা। এই মহিলা সম্মেলনটি মধ্যপ্রদেশ জেলার পিচোর তহসিল সদর দফতর আয়োজন করেছে বলে জানা গিয়েছে।

মুখ্যমন্ত্রী চৌহান, এই অনুষ্ঠানে উন্নয়নমূলক কাজের জন্য বড় বড় উপহার প্রদান করবেন বলেও সূত্রের মারফত জানা গিয়েছে। জনসংযোগ আধিকারিক হিতেন্দ্র সিং ভাদৌরিয়া জানিয়েছেন, মুখ্যমন্ত্রী চৌহান সোমবার দুপুর ১ টা ৫০ মিনিট নাগাদ পিচোর হেলিপ্যাডে পৌঁছোবেন। তারপর সেখান থেকে সভাস্থল ছত্রশাল স্টেডিয়ামে পৌঁছে জনসভায় ভাষণ দেবেন।

আজ মুখ্যমন্ত্রী চৌহান ভূমিপুজো করবেন। ৪০৯ কোটি টাকার বেশি ব্যয়ে ২৬টি উন্নয়নমূলক কাজের উদ্বোধনও করবেন তিনি। তারমধ্যে রয়েছে প্রায় ৩৮৬ কোটি টাকা ব্যয়ে ১৬টি উন্নয়ন কাজের ভূমিপুজো এবং প্রায় ২৪ কোটি টাকা ব্যয়ের উন্নয়নমূলক কাজ অন্তর্ভুক্ত রয়েছে।-

# মেক্সিকোতে আছড়ে পড়ল ঘূর্ণিঝড় 'হিলারি', নিহত ১



মেক্সিকো, ২১ আগস্ট (হি. স.) : মেক্সিকোর বাহা অঞ্চলে আঘাত হেনেছে শক্তিশালী হারিকেন 'হিলারি'। এতে বন্যার জলে ভেসে একজনের মৃত্যুর ঘটনা ঘটেছে। স্থানীয় সময় রবিবার সকালে মেক্সিকোর বাহা অঞ্চলে আঘাত হানে হারিকেন 'হিলারি'। ঘূর্ণিঝড় হারিকেনের প্রভাবে সকাল থেকেই বৃষ্টি আর ঝড়ো হাওয়া শুরু হয়। এতে বিভিন্ন অঞ্চল প্লাবিত হয়ে বন্যা দেখা দিয়েছে। রাজ্যের গভর্নর ও লস অ্যানেলেস সিটি মেয়র জরুরি অবস্থা জারি করে বাসিন্দাদের ঘর থেকে বাইরে বের না হওয়ার পরামর্শ দিয়েছেন।

এদিকে এই ঘূর্ণিঝড় ভয়াবহ বন্যা ডেকে আনতে পারে বলে সতর্ক করেছেন আমেরিকার আবহাওয়াবিদরা।

মার্কিন যুক্তরাষ্ট্রের ন্যাশনাল হারিকেন সেন্টার (এনএইচসি) জানিয়েছে, হিলারি এর আগে ঘণ্টায় ১৩০ মাইল বেগে বাতাস নিয়ে শক্তিশালী ক্যাটাগরি ৪ ঝড় ছিল। হারিকেনটি শক্তি হারিয়ে ক্যাটাগরি ৪ থেকে ক্যাটাগরি-১ এ রূপ নিয়েছে। এখন শক্তি হারালেও এর প্রভাবে দক্ষিণ ক্যালিফোর্নিয়া এবং দক্ষিণ নেভাদার কিছু কিছু এলাকায় ১০ ইঞ্চি বৃষ্টিপাত হতে পারে।

এনএইচসি আরও জানিয়েছে, ক্যালিফোর্নিয়ায় স্মরণকালের ভয়াবহ বন্যাও দেখা দিতে পারে এবং প্রাণহানির আশঙ্কা রয়েছে। দুর্যোগ মোকাবিলায় ক্যালিফোর্নিয়ায় সব ধরনের প্রস্তুতি নেওয়া হয়েছে বলে জানিয়েছে স্থানীয় প্রশাসন। শত শত ফ্লাইট বাতিল করা হয়েছে। এ ছাড়া ঝুঁকিপূর্ণ এলাকা থেকে বাসিন্দাদের নিরাপদে সরিয়ে নিতে সেনাবাহিনী প্রস্তুত রাখা হয়েছে।

## কিশনগঞ্জে নদীতে স্নান করতে নেমে তলিয়ে গেল তরুণ

কিশনগঞ্জ, ২১ আগস্ট (হি. স.) : নদীতে স্নান করতে নেমে তলিয়ে গেলেন তরুণ। ওই তরুণের নাম রাকেশ কুমার। কিশনগঞ্জের দিলাবরগঞ্জ মহল্লার বাসিন্দা তিনি। জানা গিয়েছে, সোমবার ভুতনাথ মন্দিরে গিয়ে শিবের মাথায় জল ঢালার কথা ছিল রাকেশের। তার আগে কিশনগঞ্জের অদূরে অদ্রা ঘাটের ডক নদীতে স্নান করতে নেমেছিলেন তিনি। নদীতে স্নান করতে নেমেই তলিয়ে যান ওই তরুণ। খবর পেয়ে কিশনগঞ্জ সদর থেকে এসডিআরএফের দল ঘটনাস্থলে পৌঁছে উদ্ধারকাজ শুরু করেছে। ঘটনাস্থলে পৌঁছায় পুলিশও। উদ্ধারকাজ চলছে।

## একটা সময় যেখানে বুলেট থাকত, এখন সেখানে এশিয়ার সবচেয়ে বড় বিমানবন্দর তৈরি হচ্ছে : যোগী আদিত্যনাথ



লখনউ, ২১ আগস্ট (হি.স) : উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী সোমবার এমএসএমই আয়োজিত একটি অনুষ্ঠানে ভাষণ দিতে গিয়ে বলেন, একটা সময় যেখানে বুলেট থাকত এখন সেখানে এশিয়ার সবচেয়ে বড় বিমানবন্দর তৈরি হচ্ছে।

মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ সমগ্র রাজ্যের সঙ্গে অযোধ্যার উন্নয়ন নিয়ে আলোচনা করেন। তিনি ভাষণ দেওয়ার সময় বিরোধীদের আক্রমণ করেন। তবে কারো নাম না করে তিনি বলেন, রাজ্য সরকার এশিয়ার সবচেয়ে বড় বিমানবন্দর তৈরি করেছে যেখানে আগে গুলি চলত। যেখানে আন্দোলন হতো সেখানে সরকার পূর্বাচল এক্সপ্রেসওয়ে এবং বুন্দেলখণ্ড এক্সপ্রেসওয়ে তৈরি করেছে।

মুখ্যমন্ত্রী যোগী সোমবার লোক ভবনে বিশ্ব উদ্যোক্তা দিবস উপলক্ষে, মাইক্রো এন্টারপ্রাইজ ইউনিটগুলিকে আর্থিক সুরক্ষা দেওয়ার জন্য একটি প্রকল্প চালু করেন। প্রকল্পটির নাম "মুখ্যমন্ত্রী মাইক্রো উদ্যোক্তা দুর্ঘটনা বীমা প্রকল্প"। এই প্রকল্পের অধীনে ৫ লক্ষ টাকা পর্যন্ত আর্থিক সহায়তা দেওয়া হবে বলে জানা গিয়েছে। এরসঙ্গে পিএলইডিজিই পার্ক স্কিমের অধীনে ঝাঁসি, হাপুর এবং সম্বল জেলায় ব্যক্তিগত শিল্প পার্কগুলির বিকাশের জন্য বিকাশকারীদের প্রথম কিস্তি হিসাবে ১,১৩৭ লক্ষ টাকার চেক বিতরণ করা হয়।

মুখ্যমন্ত্রী তাঁর ভাষণে আরও বলেন, উত্তরপ্রদেশ দেশের সবচেয়ে জনবহুল রাজ্য। ছয় বছর আগে এটি 'বিমারু' প্রদেশ নামে পরিচিত ছিল। উত্তরপ্রদেশের নাম শুনলেই মানুষ ভয় পেয়ে যেত। গত এক সপ্তাহে কয়েকটি সমীক্ষায় উত্তরপ্রদেশের বর্তমান অবস্থা, তার পর্যটন ও বিনিয়োগের ক্ষেত্রে নতুন গন্তব্য রাজ্য হিসেবে উঠে এসেছে। প্রধানমন্ত্রী মোদীর সুদক্ষ নির্দেশনায় এটি সম্ভব হয়েছে।

তিনি আরও বলেন, উত্তরপ্রদেশে উত্তর ভারতের সবচেয়ে বড় ডেটা সেন্টার স্থাপন করা হয়েছে। উত্তরপ্রদেশের ফিল্ম সিটি মুম্বই পর্যন্ত শোনা যায়। এতে সবাই আকৃষ্ট হয়। ত্রিশ কোটি পর্যটক শুধুমাত্র উত্তরপ্রদেশে ধর্মীয় স্থান পরিদর্শন করতে আসে।

সোমবার এমএসএমই আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এমএসএমই-র মন্ত্রী রাকেশ সচন, মুখ্য সচিব দুর্গাশঙ্কর মিশ্র প্রমুখ।-

## ছত্তিশগড়ের রায়পুর ও ভিলাইয়ে ইডির অভিযান

রায়পুর, ২১ আগস্ট (হি.স) : ছত্তিশগড়ের রায়পুর ও ভিলাইয়ে এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি) অভিযান চালায়। ইডি-র দল আজ, সোমবার সকালে ছত্তিশগড়ের রাজধানী রায়পুরের দুটি স্থানে এবং ভিলাইয়ের একটি স্থানে অভিযান চালায়। তিনটি জায়গায়ই ইডির অভিযান চলছে।

পুলিশ আধিকারিকরা জানিয়েছেন, ইডির দল রায়পুরের অশোক রত্নতে অভিযুক্ত হাওয়ালা ব্যবসায়ী দাম্মানীর বাসভবনে যায়। সেখানে ইডির দল অভিযান চালায়।

অন্যদিকে, আইনজীবী পীযূষ ভাটিয়ার বাড়িতেও অভিযান চালায় ইডির দল। ভিলাইয়ের ফরিদ নগরে পরিবহণকারী মহম্মদ সাদ্দামের বাড়িতেও হানা দেয় ইডি। মহাদেব অ্যাপ বেটিংয়ে তার নাম উঠে এসেছিল।

# রাজস্থানের ১৮টি জেলায় বৃষ্টির সতর্কতা জারি



জয়পুর, ২১ আগস্ট (হি.স) : অক্ষরেখার অবস্থানের প্রভাবে রাজস্থানে আবারও বর্ষা শুরু হয়েছে। রবিবার সকালে রাজস্থানের জয়পুর জেলায় হালকা বৃষ্টিপাত হয়।

হালকা বৃষ্টি ও মেঘের আনাগোনার ফলে আর্দতা বেড়েছে। আর্দ গরমে বিপাকে পড়েছেন জয়পুরের মানুষ। আবহাওয়া দফতর জানিয়েছে, জয়পুরে সারাদিনে মাত্র ১ মিলিমিটার বৃষ্টিপাত হয়েছে। হালকা বৃষ্টি হয়েছে, দিনের তাপমাত্রা ৩ ডিগ্রি বেড়েছে। সর্বোচ্চ তাপমাত্রা ৩৪.৩ ডিগ্রিতে পৌঁছে গিয়েছে।

আবহাওয়া দফতর আরও জানিয়েছে, সোমবারও হালকা বৃষ্টি হতে পারে। বঙ্গোপসাগরে সৃষ্ট নতুন সঞ্চালন ব্যবস্থা এগিয়ে যাচ্ছে। সোমবার রাজস্থানের ১৮টি জেলায় বৃষ্টির সতর্কতা জারি করেছে হাওয়া অফিস। এই ১৮টি জেলার মধ্যে বারান, চিতোরগড়, ঝালাওয়ার, কোটা জেলায় ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

অন্যদিকে, রাজস্থানের অন্য জেলাগুলি যেমন আলওয়ার, বাঁশওয়াড়া, ভরতপুর, ভিলওয়াড়া, বুন্দি, দৌসা, ধোলপুর, দুঙ্গারপুর, করৌলি, প্রতাপগড়, রাজসামন্দ, সওয়াই মাধোপুর, টঙ্ক এবং উদয়পুরে বৃষ্টির জন্য হলুদ সতর্কতা জারি করা হয়েছে। বঙ্গোপসাগরে তৈরি হওয়া নিম্নচাপটি ছত্তিশগড় পর্যন্ত অগ্রসর হয়েছে। এই নিম্নচাপ এখন ধীরে ধীরে উত্তর-পশ্চিম ভারতের দিকে এগিয়ে যাচ্ছে। বর্ষার অক্ষরেখার অবস্থানেও পরিবর্তন এসেছে। এটি উত্তর দিক থেকে কিছুটা সরে দক্ষিণ দিকে এসেছে। বর্তমানে গঙ্গানগর, নার্নৌল, গোয়ালিয়রের মধ্য দিয়ে বঙ্গোপসাগর পর্যন্ত নিম্নচাপ এলাকা অতিক্রম করছে বলেও আবহাওয়া দফতর জানিয়েছে।

## 'কাকু'র মেয়ে, জামাইয়ের ফ্ল্যাটে ইডির হানা, তল্লাশি আরও দু'টি জায়গায়

কলকাতা, ২১ আগস্ট (হি. স.) : নিয়োগ দুর্নীতি মামলায় সোমবার সকালে কলকাতা এবং সংলগ্ন তিনটি জায়গায় তল্লাশি অভিযান চালাল ইডি। তার মধ্যে রয়েছে ভবানীপুর এবং নিউ আলিপুরের ঠিকানা। চার্জশিটে বলা হয়েছে, ফ্ল্যাট কিনতে তিনি যে সুজয়কৃষ্ণের সহায়তা পেয়েছেন, তা স্বীকার করে নিয়েছেন তাঁর জামাই দেবরূপ চট্টোপাধ্যায়।

ভবানীপুরের লি রোডের যে আবাসনে হানা দিয়েছে ইডি, সেখানে নিয়োগকাণ্ডের অন্যতম অভিযুক্ত 'কালীঘাটের কাকু' ওরফে সুজয়কৃষ্ণ ভদ্রের মেয়ে পারমিতা এবং জামাই দেবরূপ চট্টোপাধ্যায় থাকেন। ইডি সূত্রে খবর, সুজয়ের মেয়ে, জামাইয়ের ফ্ল্যাটেই হানা দেওয়া হয়েছে।

আর নিউ আলিপুরের যেখানে তল্লাশি অভিযান চালানো হয়েছে, সেটি একটি সংস্থার অফিস। তদন্তকারীদের সূত্রে দাবি, সেই সংস্থার 'নিয়ন্ত্রকের' ভূমিকায় ছিলেন সুজয়। তৃতীয় ঠিকানাটি হল দক্ষিণ ২৪ পরগনার বিষ্ণুপুর-২ ব্লকের সাঁজুয়া। সেই ঠিকানার সংস্থাটির সঙ্গেও সুজয়-যোগ রয়েছে বলে দাবি তদন্তকারীদের ওই সূত্রের।

কলকাতার নগর দায়রা আদালতে পেশ করা চার্জশিটে ইডি দাবি করেছিল, কালো টাকা সাদা করতে মেয়ে এবং জামাইকেও ব্যবহার করেছিলেন সুজয়। ১২৬ পাতার চার্জশিটের ৮৩ নম্বর পাতায় বলা হয়েছে, সুজয়কৃষ্ণের নির্দেশে প্রায় আড়াই কোটি টাকা দিয়ে কলকাতার ভবানীপুরে একটি ফ্ল্যাট কিনেছিলেন দেবরূপ চট্টোপাধ্যায় নামে এক ব্যক্তি। এই দেবরূপ হলেন সুজয়কৃষ্ণের মেয়ে পারমিতা চট্টোপাধ্যায়ের স্বামী।

চার্জশিটে বলা হয়েছে, ফ্ল্যাটটি কিনতে জামাইকে দিবাকর খেমকা নামের এক ব্যক্তি এবং তাঁর অধীনস্থ সংস্থার কাছ থেকে প্রায় ২ কোটি ৬০ লক্ষ টাকার ঋণ পাইয়ে দিয়েছিলেন সুজয়কৃষ্ণ। ইডির দাবি, 'ওয়েলথ উইজার্ড' নামের একটি সংস্থার কাছ থেকে আরও ৪৫ লক্ষ টাকা ঋণের বন্দোবস্ত করে দিয়েছিলেন 'কালীঘাটের কাকু'।

## বিদেশমন্ত্রী এস জয়শঙ্করসহ নবনির্বাচিত ৯ জন রাজ্যসভার সদস্য হিসেবে শপথগ্রহণ করলেন



নয়াদিল্লি, ২১ আগস্ট (হি.স) : বিদেশ মন্ত্রী ডাঃ এস জয়শঙ্কর ও তৃণমূল কংগ্রেস নেতা ডেরেক ও''ব্রায়েন সহ নয়জন নির্বাচিত রাজ্যসভার সদস্য সোমবার শপথ গ্রহণ করেন।

এদিন তাঁদের শপথবাক্য পাঠ করান উপরাষ্ট্রপতি তথা রাজ্যসভার চেয়ারম্যান জগদীপ ধনখড়।

এদিন যারা শপথ নিয়েছেন তাঁদের মধ্যে বিজেপির জেসাংভাই দেশাই, কেশরী দেবসিংহ দিগ্বিজয় সিংহ ঝালা, ডাঃ এস জয়শঙ্কর এবং নগেন্দ্র রাই ছিলেন।

পাশাপাশি এদিন তৃণমূল কংগ্রেসের ডেরেক ও''ব্রায়েন, দোলা সেন, প্রকাশ চিক বড়াইক, সুখেন্দু শেখর রায় এবং সমীরুল ইসলামও রাজ্যসভার সাংসদ হিসেবে শপথ। সকাল ১১টায় নবনির্বাচিত সকল সদস্য শপথগ্রহণ করেন।

## সড়ক দুর্ঘটনায় প্রাণ উৎসর্গ করা ৯ সেনার মৃতদেহ তাঁদের গ্রামে পাঠানো হল

লেহ, ২১ আগস্ট (হি.স) : লেহ জেলার কিয়ারি এলাকায় শনিবার একটি সড়ক দুর্ঘটনায় নিহত নয় সেনার মৃতদেহ তাদের পরিবারের কাছে পাঠানো হল। লেহ-র সেনাবাহিনী ওই সড়ক দুর্ঘটনায় মৃত সৈন্যদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেছে। গত শনিবার লেহের কিয়ারির কাছে সেনাসহ একটি ট্রাক রাস্তা থেকে ছিটকে পড়ে গেলে একজন সেনা অফিসার সহ নয়জন সৈন্য নিহত হয়। লেহ-র সৈন্যরা, মৃত সৈন্যদের প্রতি শ্রদ্ধার্ঘ্য নিবেদনের পর পূর্ণ সামরিক সম্মানের সঙ্গে তাঁদের দেহ নিজ নিজ গ্রামে পাঠানো হয়। সেনাবাহিনী ট্যুইট করে জানায়, ১৯ আগস্ট লাদাখে দায়িত্ব পালন করতে গিয়ে যেসব সেনা প্রাণ হারিয়েছেন তাদের পূর্ণ সামরিক সম্মানের সঙ্গে শ্রদ্ধা নিবেদন করা হয়।

## যাদবপুরে র‍্যাগিং-বিরোধী কমিটির বৈঠক ডাকলেন নতুন উপাচার্য

কলকাতা, ২১ আগস্ট (হি. স.) : দায়িত্ব পেয়েই বিশ্ববিদ্যালয়ে র‍্যাগিং রুখতে তৎপর হলেন যাদবপুরের নতুন উপাচার্য বুদ্ধদেব সাউ। গত শনিবার বিশ্ববিদ্যালয়ের অন্তর্বর্তিকালীন উপাচার্য হিসাবে তাঁকে নিয়োগ করেছেন আচার্য তথা রাজ্যপাল সিভি আনন্দ বোস। দায়িত্ব পাওয়ার এক দিন পরেই বিশ্ববিদ্যালয়ে র‍্যাগিং-বিরোধী কমিটির বৈঠক ডাকলেন তিনি।

বুদ্ধদেব সোমবার র‍্যাগিং-বিরোধী কমিটির বৈঠক ডেকেছেন। দুপুর ২টোয় বৈঠক শুরু হবে। সেখানে হাজির থাকতে বলা হয়েছে বিশ্ববিদ্যালয়ের সব বিভাগীয় প্রধানকে। তাঁদের সঙ্গে র‍্যাগিং সংক্রান্ত বিষয়ে আলোচনা করবেন নতুন উপাচার্য। কী ভাবে র‍্যাগিং বন্ধ করা যায়, র‍্যাগিংয়ের বিরুদ্ধে কী কী কড়া পদক্ষেপ করা যায়, হস্টেলে র‍্যাগিংয়ের রেওয়াজে ইতি টানতে কী কী করণীয়, সে সবই অধ্যাপকদের সঙ্গে কথা বলে ঠিক করবেন তিনি।

যাদবপুর বিশ্ববিদ্যালয়ের হস্টেলে গত ৯ অগস্ট বাংলা বিভাগের প্রথম বর্ষের (স্নাতক স্তর) এক ছাত্রের মৃত্যু হয়েছে। সে হস্টেলের তিন তলার বারান্দা থেকে পড়ে গিয়েছিল। এই ঘটনায় সিনিয়র ছাত্রদের বিরুদ্ধে র‍্যাগিংয়ের অভিযোগ উঠেছে। এখনও পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের প্রাক্তনী এবং বর্তমান ছাত্র মিলিয়ে মোট ১৩ জনকে গ্রেফতার করেছে পুলিশ। এই ঘটনার পর থেকে যাদবপুরের র‍্যাগিং-রেওয়াজ নানা মহলে সমালোচিত হচ্ছে। কেন সেখানে র‍্যাগিং-বিরোধী নির্দেশিকা মেনে চলা হয় না, কেন কর্তৃপক্ষ র‍্যাগিংয়ের বিরুদ্ধে কোনও

## বকেয়া বেতনের দাবিতে উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালে বিক্ষোভে অস্থায়ী কর্মীরা

শিলিগুড়ি, ২১ আগস্ট (হি. স.) : উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালের ৩৪ জন অস্থায়ী কর্মী এখনও জুলাই মাসের বেতন পাননি।

তাই বকেয়া বেতনের দাবিতে উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালে বিক্ষোভে শামিল হলেন অস্থায়ী কর্মীরা। সোমবার মেডিকেলের সুপার স্পেশালিটি ব্লকের সামনে ধর্নায় বসেন তাঁরা। জানা গিয়েছে, দুটি এজেন্সির মাধ্যমে মেডিকেলে অস্থায়ী কর্মী নিযুক্ত করা হয়। কিন্তু এজেন্সিগুলির মধ্যে স্বচ্ছতার অভাব রয়েছে বলে অভিযোগ। যতক্ষণ না পর্যন্ত স্বচ্ছতার সঙ্গে প্রত্যেক কর্মীর বেতন সহ সমস্ত বিষয়গুলির তালিকা প্রকাশ করা হবে এই আন্দোলন চলবে বলে জানিয়েছেন আন্দোলনকারীরা।

এদিন সকাল ৮টা থেকে সুপার স্পেশালিটি ব্লকের সামনে মেইন গেট অবরুদ্ধ করে এই কর্মসূচি চলছে। এর জেরে চিকিৎসা করাতে এসে সমস্যায় পড়ছেন রোগী ও তাঁদের আত্মীয় পরিজনরা।

আন্দোলনকারীদের দাবি, তাঁরা একটি গেট অবরুদ্ধ করে এই কর্মসূচি করছেন।

বাকি গেট খোলা রয়েছে।

যে এজেন্সির মাধ্যমে এই কর্মীদের নিযুক্ত করা হয়েছে সেই এজেন্সির কর্তারা এসে বোঝানোর চেষ্টা করছেন।

বিক্ষোভ এখনও চলছে।

## দেশে নতুন করে করোনায় আক্রান্ত ৫৪ জন, মৃত্যু হয়েছে ১ জনের

নয়াদিল্লি, ২১ আগস্ট (হি.স.): ভারতে করোনার দৈনিক সংক্রমণ সামান্য বাড়ল, বিগত ২৪ ঘন্টায় দেশে নতুন করে কোভিডে আক্রান্ত হয়েছেন ৫৪ জন। রবিবার সারাদিনে ভারতে করোনায় মৃত্যু হয়েছে এক জনের। এই সময়ে সুস্থ হয়েছেন ৪৬ জন রোগী। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, ভারতে সক্রিয় করোনা-রোগীর সংখ্যা এই মুহূর্তে ১,৪৭৫ এবং মৃত্যুর সংখ্যা ৫,৩১,৯২৬।

কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, সোমবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট সুস্থ হয়েছেন ৪,৪৪,৬৩,২৫২জন করোনা-রোগী, শতাংশের নিরিখে ৯৮.৮১ শতাংশ। ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর) জানিয়েছে, ২০ আগস্ট সারা দিনে ভারতে ৯,৪০৫ জনের শরীর থেকে নমুনা সংগ্রহ করে করোনা-স্যাম্পেল টেস্ট করা হয়েছে। বিগত ২৪ ঘন্টায় দেশে নতুন করে ১৮২ জন করোনার টিকা নেওয়ায় কোভিডে টিকা প্রাপকের সংখ্যা বেড়ে ২২০,৬৭,৬১,২৭৬-তে পৌঁছেছে।

# নিরাপত্তার দাবিতে অনশনে বসল বিশ্বভারতীর ৬ ছাত্রী

বোলপুর, ২১ আগস্ট (হি. স.) ''সেভ ফিমেল স্টুডেন্ট অফ গুরুদেব ইউনিভার্সিটি'', এই ব্যানার লিখে অনশনে বসল বিশ্বভারতীর ৬ জন ছাত্রী। অভিযোগ, অনশনকারী ছাত্রীদের মধ্যে ৪ জনকে দিনের পর দিন মানসিক ও শারিরীক নির্যাতন করে চলেছেন এক অধ্যাপক। এই মর্মে ২০২১ সাল থেকে বিশ্বভারতীর কর্মসচিব থেকে শুরু করে উপাচার্যকে অভিযোগ করেও কোন ফল হয়নি। তাই এদিন হাতে ব্যানার নিয়ে ঐতিহ্যবাহী তিন পাহাড় ও তালধ্বজের সামনের রাস্তায় অনশন শুরু করেন ছাত্রীরা। আর এই ঘটনায় আরও একবার বিশ্বভারতী কর্তৃপক্ষের ভূমিকা নিয়ে প্রশ্ন উঠেছে।যদিও, বিশ্বভারতীর ভারপ্রাপ্ত জনসংযোগ আধিকারিক মহুয়া বন্দ্যোপাধ্যায় বলেন, 'ওই ছাত্রীদের অভিযোগের ভিত্তিতে ইন্টারন্যাল কমপ্লেন্স কমিটি তদন্ত করছেন।'একদিকে যখন যাদবপুর বিশ্ববিদ্যালয়ে আবাসিক ছাত্র মৃত্যু ঘিরে উত্তাল রাজ্য। ঠিক সেই সময় কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় বিশ্বভারতী কর্তৃপক্ষের বিরুদ্ধে ভয়ঙ্কর অভিযোগ উঠল। অভিযোগ, ২০২১ সালে থেকে নৃতত্ব বিভাগের অধ্যাপক অর্ণব ঘোষ ৪ জন ছাত্রীকে পৃথক পৃথক ভাবে মানসিক ও শারিরীক নির্যাতন করে চলেছেন। ৩ জন গবেষণারত ছাত্রী ও ১ জন স্নাতকোত্তর উত্তীর্ণ ছাত্রীকে বিভিন্ন ভাবে কুপ্রস্তাব দেওয়া, না মানলে পড়াশোনার জীবন শেষ করে দেওয়ার হুমকি দেন ওই অধ্যাপক। এই মর্মে প্রথমে বিভাগীয় প্রধান, পরে বিদ্যাভবনের অধ্যক্ষ, ইন্টারন্যাল কমপ্লেন্স কমিটি (আইসিসি) -র কাছে অভিযোগ করে ছাত্রীরা। এমনকি, বিশ্বভারতীর কর্মসচিব ও উপাচার্যের কাছেও অভিযোগ করা হয়। কিন্তু, কোন ফল না হওয়ায় এদিন হাতে ব্যানার নিয়ে ঐতিহ্যবাহী তিন পাহাড় ও তালধ্বজের সামনের রাস্তায় অনশনে বসেন তারা। ৪ জন ছাত্রীর সঙ্গে অনশনে যোগ দেন তাদের দুই সহপাঠী। গুরুদেব রবীন্দ্রনাথ ঠাকুরের ছবি দিয়ে ব্যানারে লেখা রয়েছে ''সেভ ফিমেল স্টুডেন্ট গুরুদেব ইউনিভার্সিটি''। পাশাপাশি গুরুদেবের লেখা প্রতিবাদী কবিতার কয়েকটি লাইন ব্যানারে লিখে অনশন করেন ছাত্রীরা।অনশনকারী দুই ছাত্রী বলেন, 'দিনের পর দিন নানান ভাবে আমাদের নির্যাতন করা হয়েছে। প্রথমে করপ্রস্তাব দেন অধ্যাপক অর্ণব ঘোষ। না মানলে কেরিয়ার শেষ করে দেওয়ার হুমকি দেন। আমরা মানসিক ভাবে বিপর্যস্ত। উপাচার্য, রেজিস্ট্রার, আইসিসি সব জায়গায় ২০২১ সাল থেকে একাধিক লিখিত অভিযোগ করেছি।

## তালা দিল খাদ্য দপ্তর

● প্রথম পাতার পর

এই টিমে ছিলেন ফুড কন্টোলার শুভঙ্কর চৌধুরী, চিফ ফুড ইন্সপেক্টর ভুট্টু দেববর্মা প্রমুখ। তারা সফরকালে নর্থ ঘিলাতলী ১ নাম্বার রেশন শপের স্টকে ব্যাপক অনিয়ম দেখে তা তালা বন্দী করে দেন। ওই রেশন শপের ডিলার এর নাম শরৎ দেববর্মা। ফুড কন্টোলার জানান এই রুটিন ভিসিটে নর্থ ঘিলাতলী ১ নাম্বার রেশন শপের স্টকে ব্যাপক অনিয়ম দেখে তা আপাদত তালাবন্ধ করে দেওয়া হয়। ফুড কন্টোলার শুভঙ্কর চৌধুরী জানান ওই রেশন শপে নিয়ম বহির্ভুত ঘাটতি পাওয়া যায়। মূলত চালের স্টকে ব্যাপক অনিয়ম ছিলো। তিনি জানান আপাদত ওই রেশন শপে তালা মেরে সিল করে দেওয়া হলেও পরবর্তী সময়ে তদন্ত ক্রমে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে। যে সমস্ত ভোক্তারা ওই রেশন শপ থেকে মালামাল কেনেন তাদের বলা হয়েছে কুচকলোনীর রেশন শপ থেকে তাদের প্রয়োজনীয় জিনিস নিতে। ভোক্তা দের যেন কোন অসুবিধা না হয় তার জন্যই এই ব্যবস্থা। রেশন শপে ইদানিং সরকার ভোক্তাদের জন্য ন্যায্য মূল্যে অনেক সুবিধা দিচ্ছে। চাল, ডাল, আটা, কেরোসিন, নুন তো আগেই দেওয়া হতো। এখন ভোজ্য তেল, মশলা সহ আরও নানা জিনিস রেশন ডিলার রা ন্যায্য মূল্যে ভোক্তাদের কাছে বিক্রি করছেন। ফুড কন্টোলার শুভঙ্কর চৌধুরী জানান গণবন্টন ব্যবস্থায় অনিয়ম কিছুতেই বরদাস্ত করা হবে না। খাদ্য দপ্তরের অভিযান জারি থাকবে। এবং কেও এসব নিয়ে খোলা বাজারের সাথে কোন রফায় গেলে তার বিরুদ্ধে যথোপযুক্ত ব্যবস্থা নেওয়া হবে।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

## জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ **(টোলফ্রি : ২৪ ঘন্টা)। ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ **(পি বি এক্স), আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

# দীর্ঘমেয়াদি নাগরিক সমস্যা দেখতে কলকাতায় জাপানী প্রতিনিধিদল

কলকাতা, ২১ আগস্ট (হি স)। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর উদ্যোগে দেশ জুড়ে শুরু হয়েছে স্বচ্ছ ভারত অভিযান। দীর্ঘমেয়াদি উন্নয়নের লক্ষ্য নিয়ে এগোচ্ছে কেন্দ্রীয় সরকার। সেই কাজে এগিয়ে এসেছে যুবক যুবতীরাও। এনডিএ সরকারের আমলেই তৈরি হয়েছে নতুন শিক্ষা নীতি। ভারতবর্ষের এই সমস্ত উল্লেখযোগ্য কর্মকাণ্ড খতিয়ে দেখতে কলকাতায় এলেন জাপানের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও শিল্প সংস্থার ২১ জন সদস্যের এক প্রতিনিধি দল।জাপান সোসাইটি অফ মেটিরিয়াল সাইকেল এন্ড ওয়েস্ট ম্যানেজমেন্টের উদ্যোগে রবিবার এই প্রতিনিধিদল কলকাতায় এসে পৌঁছান। কলকাতায় তাঁদের স্বাগত জানান মূল উদ্যোক্তা ইন্টারন্যাশনাল সোসাইটি অফ ওয়েস্ট ম্যানেজমেন্ট এয়ার এন্ড ওয়াটার ইন্ডিয়ার প্রতিনিধিরা। জাপান থেকে আগত এই প্রতিনিধিদল বৃহস্পতিবার পর্যন্ত এ রাজ্যের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, শিল্প সংস্থা, আবাসন ও অন্যান্য জায়গা পরিদর্শন করছেন।সোমবার সকাল থেকে টেকনো ইন্ডিয়া গ্রুপ, সাউথ সিটি ইন্টারন্যাশনাল স্কুল, হেরিটেজ ইনস্টিটিউট অফ টেকনোলজি এবং দ্য হেরিটেজ স্কুল পরিদর্শন করে সেখানকার শিক্ষা পদ্ধতি খতিয়ে দেখেন। শিক্ষক ও ছাত্রছাত্রীদের সঙ্গে কথা বলেন তাঁরা।এরপর যাদবপুর বিশ্ববিদ্যালয়ের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং সেমিনার হলে ইন্দো-জাপান গবেষণা ও একাডেমিক সহযোগিতা বিষয়ক এক আলোচনাসভায় অংশ নেন।সেখানে একাডেমিক ইনস্টিটিউট, শিল্প এবং গ্রাম স্তরের দীর্ঘমেয়াদি উন্নয়ন ও বর্জ্য ব্যবস্থাপনায় দুই দেশের অগ্রগতি তুলে ধরা হয়। মূল উদ্যোক্তা অধ্যাপক ড: সাধন কুমার ঘোষ বলেন, স্বচ্ছ ভারত আভিযানের মাধ্যমে ২০১৪ সাল থেকে ভারতে বর্জ্য ব্যবস্থাপনার ক্ষেত্রে বহু কার্যক্রম শুরু হয়েছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর উদ্যোগে ২০১৪ সালের ২ অক্টোবর থেকে ভারতবর্ষে শুরু হয় স্বচ্ছ ভারত অভিযান। যেখানে ৬২ টি ক্যান্টনমেন্ট বোর্ড এবং ৯১টি শহর সহ গঙ্গা নদী তীরবর্তী ৪,৩৫৪ টিরও বেশি শহর এই অভিযানে অংশ নেয়।এর পাশাপাশি সম্প্রতি নতুন শিক্ষানীতি চালু হওয়ার ফলে ভারতে স্কুল ছুট ছাত্রছাত্রীর সংখা কমতে শুরু করেছে। ভারতের এই নতুন শিক্ষা নীতি খতিয়ে দেখার পাশাপাশি দীর্ঘ মেয়াদী শিল্প এবং গ্রাম উন্নয়নমূলক প্রকল্পগুলি পর্যালোচনা করে দেখতে ২১ আগস্ট থেকে ২৪ আগস্ট পর্যন্ত এই জাপানী প্রতিনিধিদল শহর পরিদর্শন করছেন।তিনি বলেন, বর্জ্য ব্যবস্থাপনা, দীর্ঘমেয়াদি উন্নয়ন এবং প্লাস্টিকের পুনর্ব্যবহার, পৌরসভাগুলির কঠিন বর্জ্য, ই-বর্জ্য এবং দুর্যোগ বর্জ্য ব্যবস্থাপনা সহ বিভিন্ন বিষয়ে দুই দেশের সহযোগিতার মাধ্যমে কিভাবে গবেষণার কাজ আরও বাড়ানো যায়, সে ব্যাপারে যাদবপুর বিশ্ববিদ্যালয়, হেরিটেজ ইনস্টিটিউট অফ টেকনোলজি এবং টেকনো ইন্ডিয়া ইউনিভার্সিটির সাথে সমঝোতাপত্র (মউ) স্বাক্ষরিত হয়েছে।ইন্দো-জাপান প্রতিনিধিদলের জাপানি দলের নেতা অধ্যাপক ডক্টর মিসুজু আসারি বলেন, ভারত বর্জ্য ব্যবস্থাপনা এবং টেকসই উন্নয়নের ক্ষেত্রে উন্নতি করে চলেছে এবং আরও উন্নতিতে নানা গবেষণা চালিয়ে যাচ্ছে।আমরা এ দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের সঙ্গে সহযোগিতার মাধ্যমে ভারতের এই সাফল্য বুঝতে চাই। আসারি বলেন, "ইন্টারন্যাশনাল সোসাইটি অফ ওয়েস্ট ম্যানেজমেন্ট, এয়ার অ্যান্ড ওয়াটার- এর সহায়তায় ইয়ুথ এক্সচেঞ্জ সহ বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে আর কি ধরনের সহযোগিতামূলক সমঝোতা করা যায় সেগুলিও খতিয়ে দেখা হচ্ছে।" অনুষ্ঠানে বক্তব্য রাখেন যাদবপুর বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক অমিত কর্মকার, অধ্যাপক হিমাদ্রি চট্টোপাধ্যায়, কিয়োটো ইউনিভার্সিটি, জাপান ইন্ডাস্ট্রিজ, টেকনো ইন্ডিয়া ইউনিভার্সিটি, হেরিটেজ ইনস্টিটিউট অফ টেকনোলজি এবং আইএসডব্লিউএমএডব্লিউ এর গবেষকরা।

# যাদবপুর, ছাত্রমৃত্যুর রাতের ঘটনার পুনর্নির্মাণ

কলকাতা, ২১ আগস্ট (হি স)। সোমবার দুপুরে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ছাত্রাবাসে গিয়ে পুলিশ এবং ফরেন্সিক দল ছাত্রমৃত্যুর রাতের ঘটনার পুনর্নির্মাণ করে।তাঁরা ওই ছাত্রের আকার এবং ওজনের একটি পুতুল সঙ্গে নিয়ে গিয়েছিল। পুতুলটিকে তিন তলা থেকে নীচে ফেলে ঘটনার পুনর্নির্মাণের চেষ্টা করা হয়।এদিন তদন্তের স্বার্থে ফের পুনর্নির্মাণ করা হয়। প্রধান ছাত্রাবাসের তিন তলার বারন্দা থেকে পুতুল ফেলে পুনর্নির্মাণ করে পুলিশ। অভিযোগ, ওখান থেকে পড়ে মৃত্যু হয়েছিল ওই পড়ুয়ার।পুলিশ সূত্রে খবর, ওই পুতুল নীচে ফেলে সায়েন্টিফিক উইং, ফরেন্সিকের প্রতিনিধি দলের উপস্থিতিতেই এই পুনর্নির্মানের কাজ হয়। এই ঘটনায় যাদবপুর থানায় ডিসি ও এসএসডি-র নেতৃত্বে উচ্চ পর্যায়ের বৈঠক হয়। তদন্তে আগামীর রণকৌশল ঠিক করতেই এই বৈঠক করা হয় বলে পুলিশ সূত্রে খবর। বৈঠকে ছিলেন ডিসি এসএসডি সহ এসি বাঙ্কের আধিকারিকরা। সেইসঙ্গে আইও, ওসি হোমিসাইডে সহ একাধিক তদন্তকারী অফিসারেরাও উপস্থিত ছিলেন।তিন তলার বারান্দার রেলিং বেশ সরু। উপরের তলার চেয়ে অপেক্ষাকৃত নিচুও বটে। বারান্দার শেষ প্রান্তে রয়েছে ৫৯ নম্বর ঘর। তার ঠিক পাশের রেলিং টপকেই নীচে পড়ে যায় ওই ছাত্র। ছাত্রদের একাংশ জটলা করে নিজেদের মধ্যে আলোচনা করছেন বটে, তবে সাংবাদিকদের দেখলেই সকলের মুখে কুলুপ। কেউ কিছুই দেখেননি।যাঁকেই সে রাতের কথা জিজ্ঞাসা করা হচ্ছে, তিনিই জানাচ্ছেন, ঘটনাস্থলে তিনি ছিলেন না। হয় ঘরে পড়াশোনা করছিলেন, নয়তো হস্টেলের জেনারেল বডির বৈঠকে গিয়েছিলেন। ছাত্র পড়ে যাওয়ার কথা শুনে বাইরে বেরিয়ে আসেন।হস্টেলের নীচে যেখানে নদিয়ার ছাত্র পড়েছিলেন, সেই জায়গাটা আপাতত ঘিরে রেখেছে পুলিশ। ছাত্রের দেহের আকৃতি অনুযায়ী সাদা চক দিয়ে চিহ্নিত করা আছে জায়গাটি। তার কাছে কাউকে যেতে দেওয়া হচ্ছে না।এদিকে যাদবপুর-কাণ্ডে ডিন অফ স্টুডেন্টস রজত রায়কে তলব করে রাজ্য মানবাধিকার কমিশন। সোমবার সল্ট লেকের অফিসে তাঁকে ডেকে পাঠানো হয়। গত ৯ অগাস্ট রাতে ফোন পেয়ে তিনি কী ব্যবস্থা নিয়েছিলেন, কাকে ফোন করেছিলেন, তা জানতে চান তদন্তকারীরা।

# হাওড়ায় ফ্ল্যাট থেকে উদ্ধার মা-মেয়ের মরদেহ

হাওড়া, ২১ আগস্ট (হি স)। মা এবং মেয়ের জোড়া মৃতদেহ উদ্ধার হল হাওড়ায়। এই রহস্যমৃত্যু নিয়ে আলোড়ন ছড়িয়ে পড়েছে।হাওড়ার বসিরুদ্দিন মুন্সি লেন এলাকায় এই নিয়ে জোর চর্চা শুরু হয়। কেমন করে পর পর মা---মেয়ের মৃত্যু হয়েছে? তা জানতে তদন্তে নেমেছে পুলিশ। তাঁরা একটি ফ্ল্যাটে থাকতেন।সোমবার এই জোড়া মৃতদেহ উদ্ধার করে পুলিশ। এটা কি খুন নাকি আত্মহত্যা? তা নিয়ে প্রশ্ন উঠতে শুরু করেছে। বাড়ির আশেপাশে লোকজন ভিড় করতে থাকেন।পুলিশ দরজা ভেঙে দেখেন ঘরের খাটে শুয়ে রয়েছেন শারজাহা। মেঝেতে পড়ে রয়েছেন তাঁর মা। দু'জনের শরীরই চাদরে মোড়া ছিল। চিকিৎসক পরীক্ষা করে দেখেন তাঁরা দু'জন মারা গিয়েছে। বিষক্রিয়ার ফলে মৃত্যু হতে পারে মা---মেয়ের বলে মনে করা হচ্ছে। এটা প্রাথমিক ধারণা পুলিশের।পুলিশসূত্রের খবর, আয়েশা খাতুন (৫৫) এবং তাঁর মেয়ে শারজাহা খাতুন (৩৫) দু'জনের দেহ উদ্ধার হয়েছে। খবর পেয়ে ঘটনাস্থলে যায় হাওড়া থানার পুলিশ। সেখানে গিয়ে নানা নমুনা সংগ্রহ করেছে তারা। কেমন করে মা---মেয়ের মৃত্যু হল? তা খতিয়ে দেখছে পুলিশ।মৃত আয়েশার কয়েক বছর আগে বিবাহবিচ্ছেদ হয়। তারপর মেয়ের সঙ্গেই থাকতেন তিনি। দু'জনে একটি দোকানে কাজ করতেন। রবিবার পর্যন্ত তাঁদের দেখা গিয়েছিল। তারপর রাতে এমন কী ঘটল? আজ সকালে মৃত্যু হল! এটা সবাইকে ভাবিয়ে তুলছে।

# চিনকে রুখতে বিপুল অঙ্কের প্রতিরক্ষা বাজেট ঘোষণা তাইওয়ানের

তাইপে, ২১ আগস্ট (হি.স.): চিনের চ্যালেঞ্জের মুখে এবার বিপুল অঙ্কের প্রতিরক্ষা বাজেটের প্রস্তাব পেশ করল দ্বীপরাষ্ট্রটি। জানা গিয়েছে, প্রতিরক্ষা বিষয়ে তাইওয়ান যে বাজেট পেশ করেছে তার পরিমাণ ১৯০ কোটি মার্কিন ডলার। এই প্রস্তাবিত বাজেট এখন সংসদের অনুমোদনের অপেক্ষায় রয়েছে।

বিপুল অর্থের বাজেট প্রসঙ্গে তাইওয়ানের প্রেসিডেন্ট সাই ইং-ওয়েন বলেছেন, "আত্মরক্ষার ক্ষেত্রে তাইওয়ান নিজেদের আরও শক্তিশালী করবে। শক্তিশালী প্রতিরক্ষার দ্বারা জাতীয় নিরাপত্তা সুনিশ্চিত করা হবে। এ বিষয়ে আন্তর্জাতিক স্তরেও সহযোগিতা প্রয়োজন।" চিনের বিরুদ্ধে মজবুত প্রতিরোধ গড়ে তুলতে এফ-১৬ যুদ্ধবিমানের উন্নতিতে লেগে পড়েছে তাইওয়ান। তৈরি করা হচ্ছে সাবমেরিনও।উল্লেখ্য, চিন ও তাইওয়ানের মধ্যে বহুদিন ধরে চলছে ক্ষমতা দখলের লড়াই। গত তিন বছরে এই লড়াই আরও তীব্র হয়েছে। দ্বীপরাষ্ট্রটিকে নিজেদের দখলে আনতে মরিয়া চিন। কিন্তু 'ড্রাগন'কে এক চুল জমিও ছাড়তে নারাজ তাইওয়ান। ফলে চাপানউতোর বেড়েই চলেছে দু'দেশের মধ্যে। এই সংঘাতে তাইওয়ানের পক্ষে দাঁড়িয়েছে আমেরিকা। যা নিয়ে আরও আগ্রাসী হয়ে উঠেছে জিনপিং প্রশাসন। এখন তাইওয়ানের আকাশ জুড়ে ক্রমশ ঘনাচ্ছে যুদ্ধের মেঘ।

প্রসঙ্গত, কয়েকদিন আগেই আমেরিকায় গিয়ে বিতর্ক আরও উসকে দিয়েছেন তাইওয়ানের ভাইস প্রেসিডেন্ট উইলিয়াম লাই। এই সফরের পালটা দেশের সার্বভৌমত্ব ও অখণ্ডতা রক্ষা করতে সমস্ত রকম পদক্ষেপ করার হুঁশিয়ারি দিয়েছে চিন। তাইওয়ানের চিন্তা বাড়িয়ে সামরিক মহড়ার তীব্রতা বাড়াচ্ছে লালফৌজ। স্বাভাবিকভাবেই যা মাথাব্যথার কারণ হয়ে দাঁড়িয়েছে তাইপেইর। এবার চিনের গা জোয়ারি রুখতে নিজেদের আরও শক্তিশালী করার পথে পা বাড়াল তাইওয়ান।

# ওয়ার্লড বুক অফ রেকর্ডসে কাশ্মীরের টিউলিপ গার্ডেন

নয়াদিল্লি, ২১ আগস্ট (হি.স.): ওয়ার্লড বুক অফ রেকর্ডসে ঠাঁই পেল কাশ্মীরের ভূবনখ্যাত টিউলিপ গার্ডেন। এশিয়ার বৃহত্তম পুষ্প উদ্যানের তকমা পেল ইন্দিরা গান্ধী মেমোরিয়াল টিউলিপ গার্ডেন। সোমবার টুইট করে এই খুশির খবর দিয়েছিলেন কেন্দ্রীয় মন্ত্রী হরদীপ সিং পুরি।

আমির খসরুর কবিতার উদ্ধৃতি দিয়ে এদিন টুইট করেন কেন্দ্রীয় মন্ত্রী। হরদীপ সিং পুরি লেখেন, "শ্রীনগরের টিউলিপের মনোরম নিস্বর্গ এশিয়ার বৃহত্তম পুষ্প উদ্যান হিসাবে ওয়ার্ল বুক অফ রেকর্ডসে নাম তুলেছে! ৬৮টি প্রজাতির ১৫ লক্ষ টিউলিপের বিস্ময়কর উদ্যান আকর্ষণ করে এক লক্ষ পর্যটককে!" উল্লেখ্য, শ্রীনগরে ডাল লেকের কাছের ইন্দিরা গান্ধী মেমোরিয়াল টিউলিপ গার্ডেন প্রথমবার আনুষ্ঠানিকভাবে খুলে দেওয়া হয়েছিল ২০০৭ সালে। যা জম্মু-কাশ্মীরের অন্যতম জনপ্রিয় পর্যটনস্থল।

প্রসঙ্গত, নিয়ম মেনে চলতি বছরের ২৩ মার্চ পর্যটকদের জন্য খুলে দেওয়া হয়েছিল টিউলিপ উদ্যান। বর্তমানে ৬৮ রকমের ১৫ লক্ষেরও বেশি টিউলিপ রয়েছে অপূর্ব বাগানে। লাল-হলুদ-সাদা-গোলাপি ফুলেদের সমারহে সাজানো পাহাড়ি উপত্যকা চুম্বকের মতোই আকর্ষণ করে পর্যটকদের। প্রতিদিনই লেগে থাকে ভিড়। এক মরশুমে কয়েক লক্ষ পর্যটক কাশ্মীরের টিউলিপ গার্ডেনের সৌন্দর্য উপভোগ করেন।

# নিরাপত্তার দাবিতে অনশনে বসল বিশ্বভারতীর ৬ ছাত্রী

বোলপুর, ২১ আগস্ট (হি. স.) ''সেভ ফিমেল স্টুডেন্ট অফ গুরুদেব ইউনিভার্সিটি'', এই ব্যানার লিখে অনশনে বসল বিশ্বভারতীর ৬ জন ছাত্রী। অভিযোগ, অনশনকারী ছাত্রীদের মধ্যে ৪ জনকে দিনের পর দিন মানসিক ও শারিরীক নির্যাতন করে চলেছেন এক অধ্যাপক। এই মর্মে ২০২১ সাল থেকে বিশ্বভারতীর কর্মসচিব থেকে শুরু করে উপাচার্যকে অভিযোগ করেও কোন ফল হয়নি। তাই এদিন হাতে ব্যানার নিয়ে ঐতিহ্যবাহী তিন পাহাড় ও তালধ্বজের সামনের রাস্তায় অনশন শুরু করেন ছাত্রীরা। আর এই ঘটনায় আরও একবার বিশ্বভারতী কর্তৃপক্ষের ভূমিকা নিয়ে প্রশ্ন উঠেছে।যদিও, বিশ্বভারতীর ভারপ্রাপ্ত জনসংযোগ আধিকারিক মহুয়া বন্দ্যোপাধ্যায় বলেন, 'ওই ছাত্রীদের অভিযোগের ভিত্তিতে ইন্টারন্যল কমপ্লেন্স কমিটি তদন্ত করছেন।'একদিকে যখন যাদবপুর বিশ্ববিদ্যালয়ে আবাসিক ছাত্র মৃত্যু ঘিরে উত্তাল রাজ্য। ঠিক সেই সময় কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় বিশ্বভারতী কর্তৃপক্ষের বিরুদ্ধে ভয়ঙ্কর অভিযোগ উঠল। অভিযোগ, ২০২১ সালে থেকে নৃতত্ব বিভাগের অধ্যাপক অর্ণব ঘোষ ৪ জন ছাত্রীকে পৃথক পৃথক ভাবে মানসিক ও শারিরীক নির্যাতন করে চলেছেন। ৩ জন গবেষণারত ছাত্রী ও ১ জন স্নাতকোত্তর উত্তীর্ণ ছাত্রীকে বিভিন্ন ভাবে কুপ্রস্তাব দেওয়া, না মানলে পড়াশোনার জীবন শেষ করে দেওয়ার হুমকি দেন ওই অধ্যাপক।

এই মর্মে প্রথমে বিভাগীয় প্রধান, পরে বিদ্যাভবনের অধ্যক্ষ, ইন্টারন্যাল কমপ্লেন্স কমিটি (আইসিসি) -র কাছে অভিযোগ করে ছাত্রীরা। এমনকি, বিশ্বভারতীর কর্মসচিব ও উপাচার্যের কাছেও অভিযোগ করা হয়। কিন্তু, কোন ফল না হওয়ায় এদিন হাতে ব্যানার নিয়ে ঐতিহ্যবাহী তিন পাহাড় ও তালধ্বজের সামনের রাস্তায় অনশনে বসেন তারা। ৪ জন ছাত্রীর সঙ্গে অনশনে যোগ দেন তাদের দুই সহপাঠী। গুরুদেব রবীন্দ্রনাথ ঠাকুরের ছবি দিয়ে ব্যানারে লেখা রয়েছে ''সেভ ফিমেল স্টুডেন্ট গুরুদেব ইউনিভার্সিটি''। পাশাপাশি গুরুদেবের লেখা প্রতিবাদী কবিতার কয়েকটি লাইন ব্যানারে লিখে অনশন করেন ছাত্রীরা।অনশনকারী দুই ছাত্রী বলেন, 'দিনের পর দিন নানান ভাবে আমাদের নির্যাতন করা হয়েছে। প্রথমে করপ্রস্তাব দেন অধ্যাপক অর্ণব ঘোষ। না মানলে কেরিয়ার শেষ করে দেওয়ার হুমকি দেন। আমরা মানসিক ভাবে বিপর্যস্ত। উপাচার্য, রেজিস্ট্রার, আইসিসি সব জায়গায় ২০২১ সাল থেকে একাধিক লিখিত অভিযোগ করেছি। তাও কোন ব্যবস্থা নেয়নি। শেষ পর্যন্ত অনশনে বসতে বাধ্য হলাম। এরপর আমরা পুলিশের দ্বারস্থ হব।'যদিও, নৃতত্ত্ব বিভাগের অধ্যাপক অর্ণব ঘোষ বলেন, 'আমি এই বিষয়ে কিছু বলতে পারব না। মিডিয়ার সঙ্গে কথা বলা বারন। যা বলার পিআরও বলবে।'

# পাণ্ডুর আজাদ হিন্দ ক্লাবের দেবী দুর্গার মাথায় উঠবে হিরার মুকুট

গুয়াহাটি, ২১ আগস্ট (হি.স.) : গুয়াহাটির পাণ্ডু আজাদ হিন্দ ক্লাবের দেবী দুর্গার মাথায় উঠবে এবার হিরার মুকুট। হিরার মুকুট দান করবে জিও জেমস অ্যান্ড ডায়মন্ড কোম্পানি।

মূলত রথযাত্রার দিন থেকেই শুরু হয়ে যায় বাঙালির প্রাণের উৎসব দুর্গাপূজার প্রস্তুতি। প্রথা মেনে রথের দিন খুঁটি পূজা করে থাকেন অনেক উদ্যোক্তা। অনেক জায়গায় আবার দিন থেকে শুরু হয় প্রতিমার কাঠামোয় মাটির প্রলেপের কাজ। পঞ্জিকা অনুসারে আর দু-মাস পর দুর্গাপূজা। ২০ অক্টোবর পালিত হবে দুর্গাপূজার মহাষষ্ঠী। এ বছর দেবীর আগমন হবে ঘোটক বা ঘোড়ায়। আর গমন হবে ঘোড়ায়।পাণ্ডুর আজাদ হিন্দ ক্লাবের দুর্গা পূজা এবার ৭১-তম বর্ষে পা দিয়েছে। এবারের পুজোয় এলাকার নবপ্রজন্মের যুবকরা বিশেষ চমক দেওয়ার পরিকল্পনা হাতে নিয়েছে। এবার হিরের মুকুটে সাজবেন মা দুর্গা। মুকুটের দাম এক কোটি টাকা।রবিবার সন্ধ্যায় পূজার থিম 'গৌরী এবারে হিরের সাজে বৃহৎ রূপে সবার মাঝে' ও পোস্টার উদ্বোধন করেছেন জিও জেমস অ্যান্ড ডায়মন্ড কোম্পানির ম্যানেজার অনির্বাণ ভট্টাচার্য। জিও জেমস অ্যান্ড ডায়মন্ড কোম্পানির এমডি গোপাল কর্মকার, ডিরেক্টর চিত্রা কর্মকার হিরার মুকুট স্পন্সর করবেন। অনুষ্ঠানে নৃত্য পরিবেশন করেন রাজেশ চক্রবর্তী। সমগ্র অনুষ্ঠান পরিচালনা করেছেন রুপম চক্রবর্তী। অনুষ্ঠানে অন্যদের সঙ্গে ছিলেন পূজা কমিটির সভাপতি এনসি সূত্রধর, সম্পাদক চিরঞ্জিত দাস, সহ-সাধারণ সম্পাদক বিশ্বজিৎ পাল অন্য সদস্যরা। এবারের থিম 'গৌরী এবারে হিরের সাজে বৃহৎ রূপে সবার মাঝে।'

এবারের দুর্গা পূজার বিশেষ আকর্ষণ ২৩ ফুট উচ্চ মা দুর্গা প্রতিমা। প্রতিমাকে হিরার মুকুট ও বিশেষ অলঙ্কারে সুসজ্জিত করা হবে। সাবেকি প্রতিমা নির্মাণ করবেন কলকাতার শিল্পী দীপ্তরেখ ভড়। কলকাতার বাসিন্দা দীপ্তরেখ পেশায় মেকানিক্যাল ইঞ্জিনিয়ার। আকাশবাণী থিমের আকারে প্যান্ডাল নির্মাণ করা হবে। আলোকসজ্জায় সজ্জিত করবেন স্থানীয় আলোকশিল্পী মানিক দাস। দুর্গা মণ্ডপ সংলগ্ন এলাকার চতুর্দিকে সিসি ক্যামেরা ও সিকিউরিটির বিশেষ ব্যবস্থা করা হয়েছে।পূজা মণ্ডপের সামনে শেডের নীচে নির্মাণ হচ্ছে প্রতিমা। প্রতিমা দেখে বোঝা গেছে, এবারও দৃষ্টিনন্দন প্রতিমা তৈরি হচ্ছে। বর্তমানে নির্মাণের কাজ চলছে জোরকদমে। মণ্ডপে মাটি আর খড়ের গন্ধে মিলেমিশে একাকার।

## বিজেপি ঠগবাজের পার্টি ঃ সুদীপ

● প্রথম পাতার পর

গণতন্ত্র বিরোধী দলটাকে পরাস্ত করে ইন্ডিয়া দলকে দেশের মধ্যে প্রতিষ্ঠিত করার জন্য সকলকে এগিয়ে আসতে আহ্বান জানান সুদীপ রায় বর্মন। তিনি আর বলেন দেশ সমাজকে বিভক্ত করার জন্য বিজেপির অভিপ্রায় চলছে। এবং এই সরকারের আমলে দেশের অর্থনৈতিক অবস্থা বিপর্যস্ত হয়ে পড়েছে। আগামী দিন নিম্নবিত্ত, মধ্যবিত্তের বেঁচে থাকা কঠিন হয়ে পড়বে। তাই কংগ্রেস বনাম বিজেপির লড়াই নয় এটা। এ লড়াই বিজেপির বিরুদ্ধে জনগণের দল ইন্ডিয়ার। এবং ফ্যাসিবাদীদের বিরুদ্ধে জনতা লড়াই এটা। আরো জানান, খুব দ্রুত রাজ্যে আসবেন কংগ্রেস নেত্রী প্রিয়াংকা গান্ধী। মনিপুর পরিদর্শন করে তিনি রাজ্যে এসে উদয়পুর ত্রিপুরেশ্বরী পুজো দিতে যাবেন জানান বিধায়ক সুদীপ রায় বর্মন। আয়োজিত এদিনের অনুষ্ঠানে এছাড়াও উপস্থিত ছিলেন অন্যান্য প্রদেশ কংগ্রেস নেতৃত্ব।

# তৃণমূল চায়, পয়লা বৈশাখ হোক পশ্চিমবঙ্গ দিবস

কলকাতা, ২১ আগস্ট (হি স)। 'পশ্চিমবঙ্গ দিবস' বিজেপির পছন্দের ২০ জুন পালিত হোক, চায় না রাজ্য সরকার। বিজেপির দেখাদেখি ওই দিনটি পালন করেন রাজ্যপাল নিজেও। কিন্তু তৃণমূল চায়, পয়লা বৈশাখ পালিত হোক দিবসটি। অন্তত এমনই সুপারিশ পশ্চিমবঙ্গ দিবস কমিটির। এবার শুধু মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের চূড়ান্ত অনুমোদনের অপেক্ষা। রাজভবনের প্রস্তাবের বিরোধিতা করে বিধানসভায় প্রস্তাব আনতে চলেছে রাজ্য। কবে পালিত হতে পারে পশ্চিমবঙ্গ দিবস, তা ঠিক করতে মুখ্যমন্ত্রীর পরামর্শে সোমবার বিধানসভার স্পিকার বিমান বন্দ্যোপাধ্যায় কমিটি তৈরি করেন। সেই কমিটিতে রয়েছেন সুগত বসুও। কমিটির অন্যান্যরা হলেন মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায়,

## প্রিয়াঙ্গা গান্ধী

● প্রথম পাতার পর

চরম আকার ধারন করেছে, মানুষের বেঁচে থাকা ক্ষেত্রেও প্রভাব বিস্তার করছে, যা কংগ্রেস শাসিত দেশে কখনো পরিলক্ষিত হয়নি বলে দাবি করেন বিধায়ক।

এদিকে তিনি আরও বলেন, খুব শীঘ্রই রাজ্য সফরে আসবেন প্রিয়াঙ্কা গান্ধী। তিনি মনিপুরে সফরে যাবেন। সেখান থেকে ত্রিপুরা সফরে আসবেন। তারপরে উদয়পুরে মাতা ত্রিপুরা সুন্দরীর মন্দির দর্শনেও তিনি যাবেন বোলে জানিয়েছেন বিধায়ক।

## আহত এক

● প্রথম পাতার পরণ

পালসার বাইক, অসাবধানতা বশত বাইক চালকের সাথে মুখোমুখি সংঘর্ষ হয় ইকো গাড়িটির , ফলে বাইক চালক ইকো গাড়ির ধাক্কায় রাস্তায় ছিটকে পড়ে, রাস্তায় পরে গিয়ে বাইক চালকের মাথা ফেটে যায় এবং হাতে চোট পায়, সাথে সাথে প্রত্যক্ষদর্শীরা খবর দেয় বিলোনিয়া অগ্নিনির্বাপক দপ্তর এবং বিলোনিয়া থানার পুলিশ দ্রুততার সাথে দুর্ঘটনা স্থলে ছুটে আসে। অগ্নি নির্বাপক দপ্তরের কর্মী এবং বিলোনিয়া থানার পুলিশ, আহত সন্দীপ সোমকে নিয়ে যায় বিলোনিয়া মহকুমা হাসপাতালে, বর্তমানে সন্দীপ সোম, বাড়ি মতাই, বিলোনিয়া মহকুমা হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন , মারুতি ইকো গাড়িটিকে বিলোনিয়া থানার পুলিশি হেফাজতে রয়েছে।

## অন্তঃসত্ত্বা

● প্রথম পাতার পর

গর্ভপাতের আবেদন জানিয়ে তাঁর মক্কেল হাই কোর্টে গিয়েছিলেন। ৮ তারিখ হাই কোর্ট মেডিক্যাল বোর্ড গঠনের নির্দেশ দেয়। তারা ১০ তারিখ রিপোর্ট দিয়ে জানায়, গর্ভপাত করা যেতে পারে। এর পরেও আরও ১২ দিন পরে মামলাটির শুনানির দিন নির্দিষ্ট করে হাই কোর্ট। যা 'বিস্ময়কর' বলে মন্তব্য করেছেন শীর্ষ আদালতের বিচারপতিরা। কারণ এ সব বিশেষ ক্ষেত্রে প্রতিটা দিনই গুরুত্বপূর্ণ। তাই এই ধরনের মামলা তৎপরতার সঙ্গে বিচার করা দরকার। কিন্তু গুজরাত হাই কোর্টের মধ্যে তেমন মানসিকতা দেখা যায়নি বলে মন্তব্য করে সুপ্রিম কোর্ট।

## প্রধানমন্ত্রী

● আটের পাতার পর

সরকারি বরাদ্দ সাধারণ মধ্যবিত্ত ও দরিদ্রদের মধ্যে সমানভাবে বন্টন হচ্ছে তার ফলে দরিদ্ররা তাদের হকের অর্থ পাচ্ছে। সরকার সম্প্রতি প্রধানমন্ত্রী বিশ্বকর্মা যোজনা চালু করেছে।

সোমবার মধ্যপ্রদেশে আয়োজিত কর্মসংস্থান মেলায় প্রধানমন্ত্রী নবনির্বাচিত শিক্ষকদের সরকারের অনলাইন প্ল্যাটফর্ম ব্যবহার করে দক্ষতা বৃদ্ধিতেও আহ্বান জানান।

**এফিডেভিট**

আমি রাকিবুল ইসলাম, পিতা অহিদুল ইসলাম। বয়স ৩১, বিশালগড় থানাধীন ১০ নং ওয়ার্ড রঘুনাথপুরের বাসিন্দা। আমার সমস্ত কাগজপত্রে বাবার নাম অহিদুল ইসলাম, কিন্তু শুধুমাত্র আমার পাসপোর্টে (L9350197) বাবার নাম ভুলবশত এম.ডি অহিদুল ইসলাম উঠে।গত ২১/০৮/২০২৩ইং তারিখে বিশালগড় কোর্টে Notary Affidavit মূলে আমার বাবা অহিদুল ইসলাম এবং এম.ডি অহিদুল ইসলাম এক বলিয়া গণ্য করা হোক।

স্বাক্ষর
রাকিবুল ইসলাম

# াঙ্গন

# ভালো খেলার ও খেতাব জয়ের লক্ষ্যে লীগে শক্তি বাড়াচ্ছে রামকৃষ্ণ ক্লাবও

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২১ আগস্ট।। ভালো খেলার উদ্দেশ্য তো রয়েছেই। শিল্ড ফাইনালে ন্যূনতম গোলে হারটা কিছুতেই মেনে নেওয়া যাচ্ছে না। দর্শকাকীর্ণ উমাকান্ত মিনি স্টেডিয়ামে ফাইনাল ম্যাচ পরিচালনায় আরো একটু নিরপেক্ষতার নজির রাখতে পারলে খেলার ফলাফল অন্যরকম হতো। কার্যত, লীগ খেতাব জয়ের আকাঙ্ক্ষাটা আরও যেন কয়েক গুণ বেড়ে গেছে। ত্রিপুরা ফুটবলের এসোসিয়েশন আয়োজিত প্রথম ডিভিশন লিগ ফুটবল শুরু হচ্ছে ২৩ আগস্ট থেকে। ভিন রাজ্য থেকে একাধিক ফুটবলার ইতোমধ্যেই চলে আসছেন রামকৃষ্ণ ক্লাবের হয়ে খেলার জন্য। তাঁদের প্রথম ম্যাচ ২৫ আগস্ট। এ বছর দ্বিমুকুট জয়ের প্রত্যাশাই ছিল রামনগরের ঐতিহ্যমন্ডিত রামকৃষ্ণ ক্লাবের। রাখাল শীল্ডের ফাইনাল ম্যাচ ঘিরে কিছু সিদ্ধান্ত অবশ্যই নিরপেক্ষতা পাইনি বলে ক্লাব কর্মকর্তাদের অভিমত। বহিঃরাজ্য থেকে ম্যাচ পরিচালনায় রেফারিদের আনা হলেও তারাও যে নির্ভুল বাঁশি বাজাচ্ছেন, তা নয় কিন্তু। আগামী দিনে এই বিষয়ে সংশ্লিষ্ট সকলকে বিশেষ করে আয়োজক ত্রিপুরা ফুটবলের এসোসিয়েশন কেও সদর্থক ভূমিকা নিতে হবে বলে ক্লাব কর্মকর্তাদের অভিমত। এ বিষয়ে টিএফএ-কে সিসিটিভি ইত্যাদি অত্যাধুনিক যন্ত্র-নির্ভর হওয়ার দাবি জানানো হয়। আজ সন্ধ্যায় ক্লাব গৃহে আহুত এক সাংবাদিক সম্মেলনে শীল্ড ফাইনালে ঘটে যাওয়া বিভিন্ন ঘটনা ঘিরে টিএফএ-কে আরো বেশি বাস্তবমুখী নিরপেক্ষ মনোভাব গ্রহণ করা আবশ্যক বলে তাঁদের দাবি।

## বিশেষ বিজ্ঞপ্তি

শ্রীমতি রিঙ্কু দাস, স্বামী:-কার্তিক দাস , গ্রা+পো:-কে কে নগর, থানা:- যাত্রাপুর, সিপাহিজলা, ত্রিপুরা, কে কে নগর গ্রাম পঞ্চায়েত, কাঁঠালিয়া আই. সি. ডি. এস এর অধীনস্থ হিম্মতপুর-২ অঙ্গনওয়াড়ী কেন্দ্রে অঙ্গনওয়াড়ী সহায়িকা পদে কর্মরত । গত ১৮/০৭/২০২৩ ইং তারিখ থেকে এখন পর্যন্ত অনিশ্চিতভাবে অঙ্গনওয়াড়ী কেন্দ্রে অনুপস্থিত রয়েছেন।উনাকে অতিস্বত্তর ৩ (তিন) দিনের মধ্যে কাজে যোগদান করার জন্য বলা হচ্ছে এবং নির্দিষ্ট সময়ের এর মধ্যে কাজে যোগদান না করিলে অন্যথায় সরকারী নিয়মানুযায়ী বিশেষ পদক্ষেপ নেওয়া হবে । পরবর্তী সময়ে কোনপ্রকার অভাবঅভিযোগ করিলে এরজন্য অফিস কর্তৃপক্ষ কোনভাবে দায়ী থাকিবে না ।

(সি.ডি.পি.ও)
কাঁঠালিয়া আই.সি.ডি.এস প্রজেক্ট
সোনামুড়া সিপাহিজলা ত্রিপুরা

ICA/D-816/23

**CENTRAL SELECTION COMMITTEE 2023**
**Education (Higher) Department**
**Government of Tripura**
Date:-2 1/08/2023

**Notice for Spot Round Counseling (Physical) for 1st Semester Diploma Engineering Admission Through DEEET for the Academic Year 2023-24**

This is for information to all concerned that a Spot round Counseling of DEEET-2023 eligible candidates will be held as per the schedule given below:-

| | |
|---|---|
| Date and time of Spot Counseling | 23rd August (Wednesday) 2023 |
| Place of Spot Counseling | Office of the CSC at Birchandra State Central Library, Akhaura Road, Agartala premises. |
| Reporting time of candidates | From 10:30 A.M. to 12:00 noon of 23rd August 2023. |
| Eligible candidates | Candidates having DEEET-2023 merit position and not taken admission in any institutes through CSC-2023. |

N.B.:
1. Candidates must repggt within specified time as mentioned above, failing which merit of candidates will be lost and merit will be maintained as and when they will report to the CSC office.
2. To appear for the Spot Counseling, candidates must bring DEEET-2022 score card,
Madhyamik mark sheet, PRTC, Caste certificate, ESM certificate (if eligible) and PwD
certificate (if eligible).
3. To appear 'Tor the Spot Counseling, physical presence of candidates along with one parent / guardian is mandatory.

Sd/-
(Chairman CSC-2023)

ICA/D-818/23

**PNIe-T No. 13/EE/DWS/KD/2023-24 Dt. 16/08/2023**

(1) DNIe-T No.08/SE/DWS/C/KGT/2023-24
(2) DNIe-T No_09/SE/DWS/C/KGT/2023-24
(3) DNIe-T No_147/EE/DWS/KD/2023-24

| | |
|---|---|
| Period of downloading of biding documents at | :- 24/08/2023 to 11/09/2023 |
| Deadline for online Bidding | :- 11/09/2023 up to 15.00 Hours |
| Date &Sime-of opening Bid | :- 12/09/2023 up to 12.00 Hours |
| Place of opening of Bid(s) | :- 0/o the Executive Engineer, DWS Division, Kumarghat |

For details please contact to the office of the undersigned.
FOR AND ON BEHALF OF THE GOVERNOR OF TRIPURA

Executive Engineer
DWS Division, Kumarghat,
Unakoti Tripura

ICA/C-1944/23

**PRESS NOTICE INVITING e-TENDER No. 06/PNIeT/EE/WRD-VII/PTL/2023-24, a Dt.14-08-2023.**

On behalf of the 'Governor of Tripura, The Executive Engineer, Water Resource Division No-VII, Pecharthal, Unakoti District, Tripura invites the online percentage rate e-tender in single bid system from the approved & eligible Contractors/Firms/Agencies of Appropriate Class registered with PWD/TTAADC/MES/CPWD/ Railway/P&T/Other State PWD/Central & State sector undertaking and also from the registered firm/company for the works having experience of similar nature of work for the following work:- (i) D.N.Le-T, No. 46/EE/WRD- VII/PTL/2023-24,(ii) D.N.I.e-T. No. 47/EE/WRD-VIV/PTL/2023-24, (iii) D.N.I.e-T. No. 48/EE/WRD-VII/PTL/2023-24, (IY) D.N.Le-T. No. 49/EE/WRD-VIIV/PTL/2023-24 & (vy) D.N.Le-T. No. 50/EE/WRD-VILV/PTL/2023-24 The Last date and time for document downloading and bidding up to 3.00 P.M. on 06-09-2023 and Time and date of opening of bid at 16.00 Hrs. on 06-09-2023 if possible. The notice in details can also be seen at website https://tripuratenders.gov.in

FOR & ON BEHALF OF THE GOVERNOR OF TRIPURA
(Er. Tapan Ch. Das)"
Executive Engineer
Water Resource Division No - VII
Pecharthal, Unakoti, Tripura.

ICA/C-1941/23

**CLAIMANT NOTICE**

WHEREAS, it has been reported by Sri Sujit Das, Fr I/C FPU, Bagafa under Bagafa Range on 23.05.2022 vide his OR No. 13/FPU-Bagafa/2022-2023/dated 23.05.2022 and Forwarded by RO. Bagafa that Sri Sujit Das, Fr of Bagafa Range intercepted 1(one) nos. Chain saw, Machine on 23.05.2022 at 1.40PM, at Debdaru under Kakulia Beat without any valid document.

AND WHERES, Sri Sujit Das, Fr I/C FPU, Bagafa under Bagafa Range seized the said Chain saw, Machine and brought in to the safe custody of Bagafa Range

AND THEREFORE, in exercise of the powers conferred upon by the Notification NO. F.7(310)/For/FP/2016/25701-747 dated 15.11.2016 of the Forest Department, Govt of Tripura as Authorized Officer for the purpose of the SUB- Section 2 of Section 52(A) of Indian Forest Act,(Tripura 2nd Amendment) Act,1986, it is contemplated to confiscate the said Chain saw, for its use in commission of Forest Offence U/S U/S 41 &42 &52(A) 1986 and rules made there under by the Govt. of Tripura.

Now THEREFORE, it is brought to the notice of the legal owner of the Chain saw, to prefer his/ her claim over the said Chain saw, Machine in writing to the Authorized Officer (Sub- Divisional Forest Officer, Bagafa Forest Sub- Division), within 30(Thirty) days from the date of issue of this notice or through his/ her legally authorized person submitting all the relevant valid documents in Original in support to his / her Claim. Till such time said Chain saw, will remain under the safe custody of Bagafa Range if the authorized owner of said Chain saw, fails to prefer his/her claim within the stipulated date on any working days, the decision regarding confiscation of the same will be taken ex- parte.

ICA/D-822/23

# এশিয়া কাপের ওডিআই ফর্ম্যাটে দাপট দেখিয়েছেন যে সব ভারতীয় ক্রিকেটার

কলকাতা, ২১ আগস্ট (হি.স.) : এক ঝলকে দেখে নিন ওডিআই ফর্ম্যাটের এশিয়া কাপে ভারতের সর্বাধিক রানসংগ্রহকারী পাঁচ ক্রিকেটার।

শচিন তেন্ডুলকর:
শচিন তেন্ডুলকর ওডিআই ফর্ম্যাটের এশিয়া কাপে ২৩টি ম্যাচ খেলেছেন। তাতে তিনি করেছেন ৯৭১ রান। গড় ৫১.১০। রয়েছে ৭টি হাফসেঞ্চুরি ও ২টি সেঞ্চুরি।

রোহিত শর্মা:
ভারত অধিনায়ক রোহিত শর্মা ৫০ ওভারের এশিয়া কাপে এখন পর্যন্ত ২২টি ম্যাচ খেলেছেন। তাতে হিটম্যান করেছেন ৭৪৫ রান। গড় ৪৬.৫৬। রয়েছে ৬টি অর্ধশতরান ও ১টি শতরান।

মহেন্দ্র সিং ধোনি:
ভারতের প্রাক্তন অধিনায়ক মহেন্দ্র সিং ধোনি ওডিআই ফর্ম্যাটের এশিয়া কাপে ১৯টি ম্যাচ খেলেছেন। তাতে তিনি করেছেন ৬৪৮ রান। গড় ৬৪.৮০। রয়েছে ৩টি হাফসেঞ্চুরি এবং ১টি সেঞ্চুরি।

বিরাট কোহলি:
ভারতের প্রাক্তন অধিনায়ক বিরাট কোহলি ৫০ ওভারের এশিয়া কাপে এখন পর্যন্ত ১১টি ম্যাচ খেলেছেন। তাতে কোহলি করেছেন ৬১৩ রান। রয়েছে ১টি অর্ধশতরান ও ৩টি শতরান।

গৌতম গম্ভীর:
ভারতের প্রাক্তন ক্রিকেটার গৌতম গম্ভীর ওডিআই ফর্ম্যাটের এশিয়া কাপে ১৩টি ম্যাচে ৫৭৩ রান করেছিলেন। গড় ৪৪.০৭। রয়েছে ৫টি অর্ধশতরান ও ১টি শতরান।

# শুরু হচ্ছে নতুন ফ্রাঞ্চাইজি ইউপি টি-২০ লিগ, টুর্নামেন্টের ব্র্যান্ড অ্যাম্বাসাডার সুরেশ রায়না

লখনউ, ২১ আগস্ট(হি.স.) : উত্তর প্রদেশে শুরু হতে চলেছে নতুন ইউপি টি-২০ লিগ। রবিবার রাতে লখনউয়ের তাজ হোটেলে নতুন এই লিগের আনুষ্ঠানিক সূচনা হল। উত্তর প্রদেশের এই নতুন টি-২০ লিগের ব্র্যান্ড অ্যাম্বাসাডর হয়েছেন ভারতের প্রাক্তন তারকা ক্রিকেটার সুরেশ রায়না। ৩০ আগস্ট থেকে ১৬ সেপ্টেম্বর অবধি চলবে এই টুর্নামেন্ট।

# মহিলা ফুটবল বিশ্বকাপ : গোল্ডেন বুট, বল ও গ্লাভস জিতলেন যারা

সিডনি, ২১ আগস্ট(হি.স.) : সবচেয়ে বেশি দর্শকের উপস্থিতিতে শেষ হয়েছে এবারের মহিলা বিশ্বকাপের আসর। ইংল্যান্ডকে হারিয়ে চ্যাম্পিয়ন হয়েছে স্পেন। এবার বিশ্বকাপের টুর্নামেন্ট সেরা ফুটবলার হয়েছেন স্পেনের আতানা বোনমতি। বার্সেলোনার মিডফিল্ডারের হাতে উঠেছে গোল্ডেন বল।

ফাইনালে ইংল্যান্ড হারলেও ইংল্যান্ড গোলরক্ষক মেরি আর্পস কিন্তু জিতে নিয়েছেন গোল্ডেন গ্লাভস। ইউরো জিতে ২০২২ সালের ইউরোতেও সেরা হয়েছিলেন ম্যানচেস্টার ইউনাইটেডের এই গোলরক্ষক। এবারও ইংল্যান্ডকে ফাইনালে নিয়ে যেতে দুর্দান্ত পারফরম্যান্স দেখিয়েছেন তিনি। যার পুরস্কার হিসেবে পেলেন গোল্ডেন গ্লাভস।
আর বিশ্বকাপের মর্যাদাপূর্ণ অ্যাডিডাস গোল্ডেন বুট জিতেছেন জাপানের ফুটবলার হিমাতা মিয়াজাউয়া। প্রাক্তন বিশ্ব চ্যাম্পিয়ন জাপানের এবারের বিশ্বকাপ অভিযান থেমে যায় কোয়ার্টার ফাইনালে সুইডেনের কাছে হেরে। এবার দলটির ২৩ বছর বয়সী হিমাতা পাঁচ গোল করে আসরের সর্বোচ্চ গোলদাতা হয়েছেন।

# টিসিএ-র অ্যাডভাইজারি, সিলেকশন, আম্পায়ার কমিটিতে নতুন মুখ প্রচুর : বিতর্ক অব্যাহত

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২১ আগস্ট।। নতুন মুখ প্রচুর। টিসিএ-র খোল নলচে পাল্টে ফেলার উপক্রম। কাঁরা অভিজ্ঞ, কাঁরা বিশেষজ্ঞ। এখন সেই হিসেব-নিকেশের সময় নেই। পদাধিকার বলে পুরোনো কমিটি বাতিল করা হয়েছে। গঠন করা হয়েছে নতুন কমিটি। সিলমোহর পড়েছে ১১ আগস্ট। তবে প্রকাশ্যে আসতে অজানা কারণে কিছুটা দেরি হয়েছে। কমিটির সদস্যরা হয়তো নিজ নিজ কমিটির অন্যান্য সদস্যদের নাম জেনে গেছেন। এখন কাজ শুরুর পালা। এমনিতেই প্রায় এক মাস সময় ধরে টিসিএ-র অনভিপ্রেত পরিস্থিতির পরিপ্রেক্ষিতে অনেকটাই ক্ষতি হয়েছে। মূল ক্ষতি হয়েছে রাজ্য ক্রিকেটের। যা অপূরনীয়। আর যেন ক্ষতি না হয়, সেদিকে লক্ষ্য রেখে বর্তমান টিসিএ-কে এগিয়ে যাওয়ার মনস্থির করে কাজে মনোনিবেশ আবশ্যক। নতুনভাবে গঠিত
অ্যাডভাইজারি পারচেজ কমিটিতে চেয়ারম্যান গৌরাঙ্গ ভৌমিক, কনভেনার উৎপল আচার্য, কো-কনভেনার প্রীতম সাহা ও জয় জ্যোতি সাহা, সদস্য নীতিশ দেবনাথ, বিপুল ঘোষ, দ্বীপরাজ দেবনাথ। অ্যাডভাইজারি ফাইনান্স কমিটিতে চেয়ারম্যান অধীর দেবনাথ, কনভেনার সুকান্ত ঘোষ, কো- কনভেনার গৌতম ঘোষ, আশীষ ভট্টাচার্য, সদস্য পিকলু রায়, দেবজ্যোতি দত্ত, বাবুল চন্দ্র দেব। এডভাইজারি টুর্নামেন্ট কমিটিতে চেয়ারম্যান চিরঞ্জীব দে, কনভেনার মনীষ ঘোষ, জয়েন্ট কনভেনর উত্তম চৌধুরী, কো-কনভেনার নন্দন রায়, শ্যামল ভট্টাচার্য, সদস্য- রাকেশ দাস, নারায়ণ আচার্য পার্থসারথি গুপ্ত। অ্যাডভাইজারি গ্রাউন্ড কমিটিতে চেয়ারম্যান হৃদি রঞ্জন চৌধুরী, কনভেনার নাজমুল হোসেন, কো-কনভেনার সৌমিত্র গোপ, সুমন্ত সাহা, সদস্য সিদ্ধার্থ চক্রবর্তী, বন্ধন দাস, সঞ্জয় ঘোষ।
অ্যাডভাইজারি মহিলা ক্রিকেট কমিটির চেয়ারম্যান রজত কান্তি সেন, কনভেনার রঞ্জন দত্ত, সদস্য বিমান ভট্টাচার্য। আম্পায়ার কমিটিতে চেয়ারম্যান সন্তোষ দাস, সদস্য সুশান্ত পাল ও সমীর বিশ্বাস। পুরুষদের সিনিয়র সিলেকশন কমিটিতে চেয়ারম্যান তারকেশ্বর দাম, সদস্য জীবন পাল ও অমিত দাস।
জুনিয়র ছেলেদের সিলেকশন কমিটিতে চেয়ারম্যান গোপেশ ভৌমিক, সদস্য রাজীব সাহা ও সৌম্য বনিক। মহিলা ক্রিকেটে সিলেকশন কমিটিতে চেয়ারম্যান শিল্পী দেববর্মা, সদস্যা অলিভিয়া সিনহা, রীতা দেববর্মা, সুজয়িতা রায় ও নিবেদিতা দে।

# ক্রিকেটারদের প্রতি চরম বঞ্চনার প্রতিবাদে মুখর ইউনাইটেড ফ্রেন্ডস

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২১ আগস্ট।। জাতীয় ক্রিকেটের জন্য রাজ্য দল গঠনে প্রথম সারির ক্রিকেটারদের প্রতি চরম বঞ্চনা শুরু হয়েছে। টিসিএ-তে গোষ্ঠী কোন্দলের প্রভাব পড়তে শুরু করেছে খোদ দল গঠনের ট্রায়াল ক্যাম্পে। টিসিএ অনুমোদিত ক্লাব ইউনাইটেড ফ্রেন্ডস ক্রিকেটারদের প্রতি চরম বঞ্চনার প্রতিবাদ জানাচ্ছে। আসন্ন ক্রিকেট মরশুমের লক্ষ্যে সম্প্রতি টিসিএ থেকে সিনিয়র দল গঠনের জন্য ক্রিকেটারদের প্রাথমিক তালিকা প্রকাশ করা হয়েছে। এতে জাতীয় ও ঘরোয়া উভয়ে আসরে গত মরশুমে সফল দুই ক্রিকেটার দীপক ক্ষৈত্রী ও সেন্টু সরকারের প্রতি চরম বঞ্চনা করা হয়েছে। এই দুই সফল ক্রিকেটার ইউনাইটেড ফ্রেন্ডস এর হয়ে ঘরোয়া আসরে এবং রাজ্য দলের হয়ে দুর্দান্ত পারফরম্যান্স করেছিল। টিসিএ থেকে যে তালিকা প্রকাশ করা হয়েছে এতে বহু অযোগ্য ক্রিকেটার এবং ন্যূনতম পারফরম্যান্স যাঁদের নেই এমনকি জাতীয় আসরে গত মরশুমে খেলেনি, এমন জুনিয়র অনভিজ্ঞ ক্রিকেটারদের রেখে দিয়ে নির্বাচক মন্ডলী তাদের ব্যর্থতা, স্বজন পোষণ ও গোষ্ঠীবাজির প্রকাশ ঘটিয়েছে বলে ইউনাইটেড ফ্রেন্ডস মনে করে। মূলতঃ ইউনাইটেড ফ্রেন্ডসের ক্রিকেটারদের প্রতি তাঁদের এই বিদ্বেষ। মা সুস্থ ক্রিকেটের পরিবেশকে কলুষিত করছে। ইউনাইটেড ফ্রেন্ডস এর সভাপতি সুবল কুমার দে ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশনের সভাপতি সকাশে এক চিঠিতে সিনিয়র ক্রিকেটারদের তালিকায় ওই দুই সফল ক্রিকেটারকে সংযোজন করার দাবি জানিয়েছেন। পাশাপাশি ক্রিকেটার বাছাইয়ে গোষ্ঠী বাজী বন্ধ করা না হলে ভবিষ্যতে এর পরিমাণ ভয়ঙ্কর হতে বাধ্য বলেও তিনি উল্লেখ করেছেন।

# দ্বিমুকুট জয়ের লক্ষ্যে লিগে শক্তি বাড়াচ্ছে এগিয়ে চলো

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২১ আগস্ট।। শিল্ড জয়ের রেশ কাটতে না কাটতেই লিগ নিয়ে চিন্তাভাবনা শুরু করে দিয়েছেন এগিয়ে চলো সঙ্ঘের কোচ কর্ণেন্দু দেববর্মা। লক্ষ্য এবার দ্বিমুকুট জয় করা। সেই স্বপ্নকে বাস্তবায়নের জন্য একধাঁপ এগিয়ে এসেছেন ক্লাব কর্তারাও। একপ্রস্থ আলোচনা সেরে নিয়েছেন কোচের সঙ্গে। সিদ্ধান্ত হয়েছে ভিনরাজ্য থেকে ৩ জন ফুটবলার আনার। আর ওই কাজ দ্রুত সেরে নিতে ফুটবলারদের সঙ্গে যোগাযোগও শুরু করে দিয়েছেন। রবিবার মেলারমাঠের প্রথম ক্লাব হিসাবে শিল্ড জয়ের হ্যাটট্রিক করলো ওই ক্লাব। মাঝরাত পর্যন্ত বিজয়োৎসব। ফাটানো হলো আতশবাজি। সোমবার সকালেই সাজঘরের চেহেরা যেনও পাল্টে গেলো। দলীয় ফুটবলার সবার মধ্যে ঢুকে গেছে দ্বিমুকুট জয়ের স্বপ্ন।
রবিবার রাতেই কোচ কর্ণেন্দু দেববর্মার সঙ্গে একপ্রস্থ আলাপচারিতা সেরে নেন ক্লাব কর্তারা। আক্রমণভাগ, মাঝমাঠ এবং উইং এর একজন ফুটবলার নেওয়া হবে লিগে শক্তি বাড়ানোর জন্য। সেই আলোচনাক্রমেই বর্হিরাজ্যের ৩ ফুটবলারের সঙ্গে যোগাযোগ শুরু দিয়েছেন ক্লাবের ফুটবল দল গঠনের মূল দায়িত্বে থাকা দীপক বনিক। একথা নিজেই জানান দীপক। পরে এক সাক্ষাৎকারে দীপক বলেন,'শিল্ড জয়ের হ্যাটট্রিক গড়ার স্বপ্ন পূরণ হলো। গেলোবারে দ্বিমুকুট এখন আদালতে। আমরা এবারও দ্বিমুকুট জয় করতে বদ্ধপরিকর। সেটা মাথায় রেখেই লিগে দল নামানো হবে'।

# ফটিকরায়ে অটল বিহারী স্মৃতি ফুটবল ফের শুরু

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২১ আগস্ট।। একদিন বন্ধ থাকার পর আজ থেকে পুনরায় শুরু হচ্ছে আসর। মঙ্গলবার আসরের দ্বিতীয় ম্যাচে পানিসাগরের আর সি পি ই কলেজ খেলবে নিউ জেনারেশন ক্লাবের বিরুদ্ধে। ফটিকরায়ে অনুষ্ঠিত অটলবিহারী স্মৃতি ফুটবল প্রতিযোগিতায়। খেলা হবে ফটিকরায় স্কুল মাঠে। রবিবার হয় আসরের উদ্বোধন। উদ্বোধন করেন ক্রীড়ামন্ত্রী টিঙ্কু রায়। উদ্বোধনী ম্যাচে জম্মু এফ সি ৪-২ গোলে পরাজিত করে তারাপুর বেস্ট ইলাভেনকে। বিজয়ী দলের পক্ষে বৈদ্য, শৌতিক, মুকরা এবং জাকারিয়া গোল করেন। বিজীত দলের পক্ষে গোল করেন শঙ্কু দেব এবং রাজীব সিনহা। খেলা পরিচালনা করেন শিবজ্যোতি চক্রবর্তী। এবছর আসরে অংশ নিয়েছে ২৬ টি দল। ৫ সেপ্টেম্বর থেকে শুরু হবে আসরের দ্বিতীয় রাউন্ডের খেলা। ২৩ এবং ২৪ সেপ্টেম্বর হবে আসরের দুটি সেমিফাইনাল ম্যাচ। আসরের চ্যাম্পিয়ন দল পাবে ওয়াগনার গাড়ি এবং রানার্স দল পাবে পালসার বাইক।

# সংবর্ধিত ৯ জন অ্যাথলিট

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২১ আগস্ট।। নিজ সেন্টারেই সংবর্ধিত হলো অ্যাথলিট-রা। সেপ্টেম্বর মাসের দ্বিতীয় সপ্তাহে ধলাই জেলার কমলপুরে অনুষ্ঠিত হবে রাজ্য স্কুল অ্যাথলেটিক্স প্রতিযোগিতা। আসরে অংশ নিতে এ ডি নগর স্কুল মাঠে অনুষ্ঠিত হয়েছিলো পশ্চিম জেলা স্কুল অ্যাথলেটিক্স। ওই আসরে দুর্দান্ত পারফরম্যান্স করে পশ্চিম জেলা দলে জায়গা দখল করে নেয় এ ডি নগর কোচিং সেন্টারের ৯ জন অ্যাথলিট। সোমবার এক অনুষ্ঠানে সংবর্ধনা জানানো হয় ওই ৯ অ্যাথলিটকে। তাতে উপস্থিত ছিলেন সমাজসেবী সঞ্জয় সাহা, ৩৯ নম্বর ওয়ার্ডের কর্পোরেটর অলক রায়, এ ডি নগর স্কুলের প্রধানশিক্ষিকা সীমা রাণী সরকার এবং পুর এলাকা স্কুল স্পোর্টস বোর্ডের সচিব অশোক পাল। সংবর্ধনা পাওয়া অ্যাথলিটরা হল: প্রত্যাশা সরকার, পারমিতা ঘোষ , জয়শ্রী সা, অনামিকা সুল রায়, রীমশা মিত্র, নিশান্ত মজুমদার, দ্বীপ দাস, শুভঙ্কর দাস এবং তুষার পাল। নিজ সেন্টারেই সংবর্ধনা পেয়ে আপ্লুত অ্যাথলিট-রা। রাজ্য আসরেও ভালো পারফরম্যান্স করবে সবাই বলে আশা প্রকাশ করে।

# ৮ লাখ ৭০ হাজার টাকার জিএসটি পেনাল্টি টিসিএ-র

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২১ আগস্ট।। কার ভুলে হয়েছে, কার দোষে বিশাল অংকের ক্ষতি ত্রিপুরা ক্রিকেট অ্যাসোসিয়েশনের। সময়েই তা বেরিয়ে আসবে। আট লক্ষ ৭০ হাজার টাকার জিএসটিতে পেনাল্টি খেলো রাজ্য ক্রিকেট সংস্থা।
জুলাই মাসে টিসিএতে যে কান্ড কারখানা গুলো হলো, এর ফলেই নাকি এই পেনাল্টি খেলো টিসিএ, প্রাপ্ত খবর এরকমই। টিসিএ সূত্রে খবর, এই পেনাল্টি হজম করার অন্যতম কারিগর নাকি সভাপতি তপন লোধের এক গুয়েমি ভাব। রাজ্যের ক্রিকেটারদের টাকা এই ভাবে জলাঞ্জলি হচ্ছে, বিষয়টা জনগণের ও জানা উচিত। টাকা গুলো তো রাজ্যের ক্রিকেটারদের উন্নয়নের স্বার্থে লাগার কথা। অযথা এই ভাবে পেনাল্টি দেবার কি মানে থাকতে পারে প্রশ্ন ক্রিকেট প্রেমীদের।

# বড়পাথারি-তে ফুটবল জয়ী গাবাঢেপা এফ সি

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২১ আগস্ট।। দুরন্ত ম্যাচ। শেষ পর্যন্ত জয় পেলো গাবাঢেপা এফ সি। পরাজিত করলো নর্থ তাইচামা-কে। শ্যামল মজুমদার স্মৃতি প্রাইজমানি নকআউট ফুটবল প্রতিযোগিতায়। খেলা হচ্ছে বড়পাথরি স্কুল মাঠে। সোমবার বিকেলে আসরের উত্তেজনাপূর্ণ ম্যাচে গাবাঢেপা এফ সি দল নূণ্যতম গোলে জয়লাভ করে। বিজয়ী দলের পক্ষে বানীজয় রিয়াং জয়সূচক একমাত্র গোলটি করেন। তবে ব্যবধান বাড়ানোর মতো দু-দলই বেশ কয়েকটি সুযোগ পেয়েছিলো। কিন্তু দলের আক্রমণভাগের ফুটবলারদের ব্যর্থতায় একবারের বেশী জাল নাড়াতে পারেনি।খেলা পরিচালনা করেন অসীম বৈদ্য। এবছর আসরে বিলোনিয়া, উদয়পুর, শান্তিরবাজার, সোনামুড়া এবং সাব্রুম মহকুমার ২৬ টি দল অংশগ্রহণ করে। আসরের চ্যাম্পিয়ন ও রানার্স দল সুদৃশ্য ট্রফি সহ প্রাইজমানি বাবদ পাবে যথাক্রমে ৫৫ এবং ৩০ হাজার টাকা।




রাজস্থানের উদয়পুরে নবম সিপিএ ইন্ডিয়া রিজিওন কনফারেন্সের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন লোকসভার স্পিকার ওম বিড়লা সহ বিশিষ্টজনেরা।

# দেশে শিক্ষা, দক্ষতা উন্নয়ন ও কর্মসংস্থানের ক্ষেত্রে দারুণ কাজ হয়েছে: প্রধানমন্ত্রী

নয়াদিল্লি, ২১ আগস্ট (হি.স.): মধ্যপ্রদেশের কর্মসংস্থান মেলায় সোমবার ভাষণ দিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। সুবিধাভোগীদের প্রতি শুভেচ্ছা জানিয়ে প্রধানমন্ত্রী বলেন, তার সরকার শিক্ষা, দক্ষতা উন্নয়ন ও কর্মসংস্থানের ক্ষেত্রে দারুণ কাজ করেছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেন, চাকরি মেলায় সাড়ে পাঁচ হাজার শিক্ষককে চাকরি দেওয়া হয়েছে। গত তিন বছরে রাজ্যে ৫০ হাজার নতুন শিক্ষক নিয়োগ করা হয়েছে। প্রধানমন্ত্রী এই মেলায় বক্তৃতা দিয়ে বলেন, এত মানুষ চাকরি পাওয়ার ফলে দারিদ্র্য হ্রাস পেয়েছে, মানুষের অর্থনৈতিক অবস্থাও আগের থেকে শক্তিশালী হয়েছে। তিনি আরও বলেন, নীতি আয়োগের রিপোর্ট অনুসারে, গত পাঁচ বছরে দেশে ১৩ কোটি ৫০ লক্ষ মানুষ দারিদ্র্যসীমার উপরে উঠেছে। একইভাবে আয়কর পরিসংখ্যান অনুযায়ী জনগণের আয় বেড়েছে এবং সরকারের প্রতি তাদের আস্থা বেড়েছে। ☞ ৬ এর পাতায় দেখুন

# নাবালিকাকে ধর্ষণে সস্ত্রীক গ্রেফতার দিল্লির নারী ও শিশু সুরক্ষা দফতরের ডেপুটি অধিকর্তা

নয়াদিল্লি, ২১ আগস্ট (হি.স.): অবশেষে বন্ধুর কিশোরী মেয়েকে ধর্ষণে অভিযুক্ত দিল্লির নারী ও শিশু সুরক্ষা দফতরের অধিকর্তাকে সস্ত্রীক গ্রেফতার করল দিল্লি পুলিশ। এদিন সকালেই অভিযুক্ত প্রেমোদয় খাখাকে আটক করে জিজ্ঞাসাবাদ শুরু করেছিল দিল্লি পুলিশ। অবশেষে এদিন বিকালে সস্ত্রীক প্রেমোদয়কে গ্রেফতার করে পুলিশ। তাদের বিরুদ্ধে ভারতীয় দণ্ডবিধির ৩৭৬(২)(এফ), ৫০৯, ৫০৬, ৩২৩, ৩১৩, ১২০বি এবং পকসো আইনে মামলা দায়ের করা হয়েছে বলে পুলিশ সূত্রে খবর। পুলিশ জানায়, ১৪ বছরের কিশোরীকে ধর্ষণ ও তার জেরে অন্তঃসত্ত্বা নাবালিকার গর্ভপাত করানোর ঘটনায় ২ অভিযুক্তকে গ্রেফতার করা হয়েছে। ধৃতরা হল, ৫১ বছর বয়সি প্রেমোদয় খাখা এবং তাঁর স্ত্রী ৫০ বছর বয়সি সীমা রানি। দিল্লি পুলিশের সিনিয়র আধিকারিক সাগর সিং কালসি বলেন, "নির্যাতিতার স্থানীয় অভিভাবক ছিল অভিযুক্তরা। কিশোরীকে ধর্ষণে অভিযুক্ত প্রেমোদয় খাখা এবং ধর্ষণের পর নাবালিকা অন্তঃসত্ত্বা হয়ে পড়লে তার গর্ভপাত করানোর ঘটনায় অভিযুক্ত সীমা রানি।" দিল্লি মহিলা কমিশনের প্রধান স্বাতী মালিওয়াল ঘটনার তীব্র নিন্দা টুইট পোস্ট করেন। টুইটারে তিনি লেখেন, "মেয়েদের রক্ষা করা যার কাজ, সে যদি শিকারিতে পরিণত হয়, তাহলে মেয়েরা যাবে কোথায়! শীঘ্রই তাকে গ্রেফতার করা উচিত।" প্রসঙ্গত, দিল্লি শিশু সুরক্ষা দফতরের আধিকারিক প্রেমোদয় খাখার বন্ধু ছিলেন নির্যাতিতার বাবা। ২০২০ সালের ১ অক্টোবর তাঁর মৃত্যু হলে বন্ধুর মেয়েকে নিজের বাড়িতে এনে রাখেন প্রেমোদয়। এরপর ২০২০ সালের নভেম্বর থেকে ২০২১ এর জানুয়ারি পর্যন্ত ডেপুটি ডাইরেক্টর পদাধিকারী ওই ব্যক্তি নিজের বাড়িতেই বন্ধুর ওই নাবালিকা মেয়েকে লাগাতার ধর্ষণ করে বলে অভিযোগ। ভয়ে ঘটনার কথা কাউকে বলতে পারত না নাবালিকা। ঘটনাটি প্রকাশ্যে আসে চলতি মাসের গোড়ার দিকে। ওই নাবালিকা হঠাৎ অসুস্থ হওয়ায় তাকে সেন্ট স্টিফেন্স হাসপাতালে নিয়ে যান। তখনই চিকিৎসকদের সব ঘটনা খুলে বলে মেয়েটি। চিকিৎসকদের মেয়েটি জানিয়েছে, যখন সে গর্ভবতী হয়ে পড়েছিল তখন ওই সরকারি আধিকারিকের স্ত্রীকে জানায়। তিনি নিজের ছেলেকে দিয়ে গর্ভপাতের ওষুধ আনেন এবং তাকে খাওয়ায়। গোটা ঘটনায় দ্বাদশ শ্রেণির পড়ুয়া নাবালিকাটি বর্তমানে 'প্যানিক অ্যাটাক' আক্রান্ত। বর্তমানে অবশ্য সে নিজের বাড়িতে মায়ের সঙ্গেই থাকে। সেন্ট স্টিফেন্স হাসপাতালের চিকিৎসকদের অধীনে তার শারীরিক ও মানসিক চিকিৎসা চলছে।

# চুরি করতে গিয়ে হাতে নাতে ধরা পড়ল চোর

**নিজস্ব প্রতিনিধি, কৈলাসহর, ২১ আগস্ট।।** পূর্ব গোবিন্দপুর এলাকায় এক চোরকে হাতেনাতে ধরে উত্তম মাধ্যম দিয়ে কৈলাশহর থানার হাতে তুলে দিল উত্তেজিত জনতা। জানা যায় যে কৈলাশহর পুরপরিষদের অধীনে পূর্ব গোবিন্দপুর এলাকার বাসিন্দা প্রদীপ সিনহার বাড়িতে সোমবার সকালবেলা চুরি কান্ড সংগঠিত করার চেষ্টা করে চোরেরা। তখন ওই প্রদীপ সিনহার পাশের বাড়ির এক ব্যক্তি ঘটনাটি প্রত্যক্ষ করতে পেরে প্রদীপ সিনহাকে ফোন করে ঘটনাটি জানায় তখনই প্রদীপ সিনহা ঘর থেকে বেরিয়ে এসে তাকে জিজ্ঞাসা করলে সে কোন সদুত্তর দিতে পারেনি। পরবর্তীকালে উনার বুঝতে আর অসুবিধা হয়নি যে উনার বাড়িতে সে চুরি করার উদ্দেশ্যে প্রবেশ করেছে। এর আগে উনার বাড়ি থেকে ধাপে ধাপে অনেক জিনিস চুরি হয়েছে বলে অভিযোগ করেন তিনি। বিগত কয়েকদিন পূর্বে ১৩ হাজার টাকার একটি মোবাইল চুরি হয়ে গিয়েছিল সেটিও সে নিয়েছে বলে অনুমান করছে সবাই। উল্লেখ থাকে যে তার নাম সুমন চক্রবর্তী, তার বাবার নাম বাবুল চক্রবর্তী। তার বাড়ি দুর্গানগর পাঁচ নং ওয়ার্ড এলাকায়। এর আগেও কৈলাসহর মহকুমা জুড়ে তার বিরুদ্ধে একাধিক চুরির অভিযোগ রয়েছে পরবর্তীকালে খবর পাঠানো হয় কৈলাসহর থানায়। ছুটে যায় কৈলাশহর থানার পুলিশ। ঘটনাস্থল থেকে উদ্ধার করে নিয়ে আসা হয় অভিযুক্ত ব্যাক্তিকে। বর্তমানে কৈলাশহর থানার হেফাজতে রয়েছে সুমন চক্রবর্তী। উক্ত ঘটনাকে কেন্দ্র করে মুহূর্তের মধ্যে তীব্র চঞ্চল্য ছড়িয়ে পড়ে গোটা এলাকায়।

# উত্তর ত্রিপুরা জেলায় মোডিফায়েড ফুড সেফটি অন হুইল ভ্রাম্যমান ভেহিক্যাল

**আগরতলা, ২১ আগস্ট।।** খাদ্যের গুণগত মান ও পরিষ্কার পরিচ্ছন্নতা সুনিশ্চিত করার লক্ষ্যে ভারত সরকারের ফুড সেফটি স্ট্যাণ্ডার্ড অথরিটি অব ইণ্ডিয়া (এফএসএসআই) পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক অধিকারকে দ্বিতীয় 'মোডিফায়েড ফুড সেফটি অন হুইল' ভ্রাম্যমান ভেহিক্যাল দেওয়া হয়েছে। এই ভ্রাম্যমান ভেহিক্যালটির দাম ৪২.৫ লক্ষ টাকা। এই ভ্রাম্যমান ভেহিক্যালে ল্যাবরেটরি, খাদ্যের ভেজাল পরীক্ষার ব্যবস্থা রয়েছে। এটিকে জনসাধারণের মধ্যে ভেজাল খাদ্য সামগ্রী বিষয়ে সচেতনতা জাগ্রত করতে ও স্ট্রিট ভেণ্ডারদের প্রশিক্ষণ প্রদানে ব্যবহার করা যেতে পারে। আজ এই ভ্রাম্যমান ভেহিক্যালটি উত্তর জেলার আধিকারিকদের হাতে তুলে দেওয়া হয়। আজকের এই ভ্রাম্যমান গাড়িটি হস্তান্তর অনুষ্ঠানে পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক আধিকারিক ডাঃ অ'ন দাস, পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক আধিকারের যুগ্ম অধিকর্তা ডাঃ সৌমিত্র মল্লিক, ডেপুটি ফুড সেফটি আধিকারিক ডাঃ অনুরাধা মজমদার সহ দপ্তরের অন্যান্য আধিকারিকগণ উপস্থিত ছিলেন।

# মেঘরাম বাড়ি অঙ্গনওয়াড়ি কেন্দ্রের বেহাল দশা

**নিজস্ব প্রতিনিধি, বিলোনিয়া, ২১ আগস্ট।।** ভূমি ধসে অঙ্গনওয়াড়ি কেন্দ্র মাটির নীচে চাপা পরে যাচ্ছে। হেলদোল নেই সি ডি পি ও -র বলে অভিযোগ। অঙ্গনওয়াড়ি কর্মীর মানবিকতায় ভাড়া বাড়িতে চলছে পড়াশুনা। এমনই চিত্র লক্ষ্য করা গেছে বিলোনিয়া মহকুমার ঋষ্যমুখ ব্লকের মনিরামবাড়ি এডিসি ভিলেজের মেঘরাম বাড়ি অঙ্গনওয়াড়ি কেন্দ্রে।
অঙ্গনওয়াড়ি কেন্দ্রটিতে ২৭ জন শিশু পড়াশুনা করে। জানা যায়, গত ৭ আগষ্ট প্রবল বর্ষনের ফলে অঙ্গনওয়াড়ি কেন্দ্রের পেছনের সুবিশাল টিলা ধসে পড়ে অঙ্গনওয়াড়ি কেন্দ্রটির পেছনের দেওয়াল ভেঙ্গে ঘরের উপর পড়ে। অঙ্গনওয়াড়ি কেন্দ্রের প্রয়োজনীয় শিক্ষা সামগ্রী সহ আসবাব পত্র সবই ধসে পরা মাটির নীচে চাপা পরে গেছে। বিষয়টি অঙ্গনওয়াড়ি কেন্দ্রের কর্মী ঋষ্যমুখ সিডিপিওকে জানান। এছাড়া স্থানীয় পঞ্চায়েতেও বিষয়টি জানানো হয়েছে বলে খবর। কিন্তু ১৫ দিন অতিক্রান্ত হলেও মেঘরাম বাড়ী অঙ্গনওয়াড়ি কেন্দ্রে ধসে পড়া মাটি সরিয়ে অঙ্গনওয়াড়ি কেন্দ্রের শিক্ষা সামগ্রী বা আসবাবপত্র সহ জরুরি কাগজ উদ্ধারের কোন উদ্যোগ গ্রহন করেনি প্রশাসন। অঙ্গনওয়াড়ি কেন্দ্রটি যাতে বন্ধ না হয় তার জন্য দায়িত্বে থাকা কর্মী মথু প্রিয়া ত্রিপুরা নিজের বেতনের অর্থে একটি বাড়ী ভাড়া করে সেই বাড়ীতেই পাঠ দিয়ে চলেছেন। এলাকাবাসির দাবি দ্রুত অঙ্গনওয়াড়ি সেন্টারটি রক্ষা করার ব্যবস্থা করার জন্য। এদিকে স্থানীয় প্রশাসনের ভূমিকায় এক রাশ ক্ষোভ উগরে দিয়েছেন এলাকার জনগন।

# নিরাপত্তাহীনতায় ভুগছে খোয়াই বিদ্যালয় পরিদর্শক কার্যালয়

**নিজস্ব প্রতিনিধি, খোয়াই, ২১ আগস্ট।।** নিরাপত্তা হীনতায় খোয়াই জেলা পুলিশ সুপারের কার্যালয়ের ঢিল ছুড়া দূরত্বে থাকা বিদ্যালয় পরিদর্শকের কার্যালয়। রবিবার রাতে বিদ্যালয় পরিদর্শক কার্যালয় থেকে লক্ষ টাকার সামগ্রী নিয়ে যায় চুরের দল।জানা যায়, খোয়াই অফিসটিলা খোয়াই জেলা পুলিশ কার্যালয়ের ঢিলছুড়া দূরত্বে থাকা বিদ্যালয় পরিদর্শকের কার্যালয়ে পুলিশি টহলদারিকে একপ্রকার চ্যালেঞ্জ জানিয়ে হানা দেয় চোরের দল। এবং বিদ্যালয় পরিদর্শকের স্টোরে থাকা চারটি কম্পিউটার, চারটি টাইপ মেশিন এবং দশটি সিলিং ফ্যান সহ ২০০ কেজি রড নিয়ে যায় চোরের দল। যার বাজার মূল্য লক্ষাধিক টাকারও বেশি বলে জানা যায়। পরবর্তী সময় সোমবার সকালে স্টোর কিপার অফিসে এসে দেখতে পায় স্টোরের দরজা ভাঙ্গা। স্টোরের মধ্যে থাকা সামগ্রী নেই। সাথে সাথেই এই বিষয় নিয়ে খোয়াই থানায় অভিযোগ জানানো হয়। এই ঘটনায় ব্যাপক চাঞ্চল্য সৃষ্টি হয়েছে এলাকায়।

# চেলিখলা নাকা চেকিং পোস্টে পুলিশি জুলুম, অভিযোগ ব্যবসায়ীদের

**নিজস্ব প্রতিনিধি, বক্সনগর, ২১ আগস্ট।।** এক ত্রিপুরা, শ্রেষ্ঠ ত্রিপুরা, গড়ার লক্ষ্যে, শ্রদ্ধেয় রাজ্যের মুখ্যমন্ত্রী প্রফেসর ডক্টর, মানিক সাহা নিরলস অক্লান্ত পরিশ্রম করে যাচ্ছেন, নেশা মুক্ত, মাদকা শক্তি মুক্ত, সুস্থ, সবল, সুন্দর সমাজ ব্যবস্থা, সৃজনশীল মননের মাধ্যমে ভবিষ্যৎ প্রজন্মকে সঠিক পথে পরিচালিত করার জন্যই, রাজ্যের বিভিন্ন প্রান্তে১৬ নাকা চেকিং পয়েন্ট বসানো হয়েছে। পুলিশ প্রশাসনকে কঠোর এবং কঠিন পদক্ষেপ, গ্রহণের মাধ্যমে, সমাজ থেকে অবৈধ, বিভিন্ন নেশা, সমাজের অপরাধমূলক কাজ, নেশা দূরীকর ন করার জন্য প্রতিনিয়ত পুলিশকে আদেশ-নির্দেশ করছেন। একাংশ পুলিশ কর্মীরা, বেতনের চেয়ে, উপরত্তি, কামাই এর জন্য আই জি, ডি আই জি, এমনকি দায়িত্ব প্রাপ্ত স্বরাষ্ট্র মন্ত্রীর কথা পর্যন্ত মানছেন না। চেলিখলা নাকা চেকিং পোস্টের কর্তব্যরত পুলিশের বিরুদ্ধে, অভিযোগ করছেন বিশালগড় বক্সনগর রোডের অনেক সাধারণ ব্যবসায়ীরা। সাধারণ ব্যবসায়ীরা বিশালগড় থেকে মালামাল ক্রয় করে বক্সনগর, কলম চূড়া, বিভিন্ন এলাকা আনার পথে নাকা পোস্টে অযথা হয়রানির শিকার পুলিশি যন্ত্রণায়। মাল সামানা আনার পথে এক টু বেশি মালামাল, গাড়িতে বেশি হলে, আভার লোডের নামে, শুরু করে দেয়, রোজগার, কোন ব্যবসায়ী থেকে ২০০ টাকা, আবার কারো থেকে ৪০০ টাকা,অর্থাৎ যার কাছ থেকে যেমন, আদায় করতে পারে। এক, দুজন ব্যবসায়ী জানান ঠিক আছে, আমার গাড়িতে যখন,একটু মাল বেশি আছে তাহলে আমার অভার লুডের জন্য, ফাইন দেব, কিন্তু ফাইনের টাকা দেবার সঙ্গে সঙ্গে রশিদ দেবার কথা বলতেই শুরু হয়ে যায় বাক,বিতান্ডা। সরকারি রুলস অনুসারে অভার লোডের টাকা দেবার সঙ্গে সঙ্গে, রশিদ দিতে হবে পুলিশ। অথচ সাধারণ ব্যবসায়ীর বেলা জোর জুলুম অত্যাচার সৃষ্টি করেন পুলিশ বাবুরা কিছু বাড়তি কামায়ের জন্য। কিন্তু চেকপোষ্টে দিয়ে প্রতিদিন বড় বড় চিনি ট্রাক রোজ বক্সনগরে যাচ্ছে, যাচ্ছে কলম চওড়া, তার পাশাপাশি অবৈধভাবে সেই চেক পোস্ট দিয়ে আসা যাওয়া করছে রাত দিন ফেন্সিডিল, রিকো হিরোইন বিভিন্ন ধরনের কাঠ বুঝাই গাড়ি,গাজা, ইয়াবা ট্যাবলেট, অবৈধ কাজ কারবার হচ্ছে, সেই চেক পোস্ট দিয়ে সমস্ত ধরনের অবৈধ কাজ কারবার হচ্ছে। তাহলে প্রশ্ন হচ্ছে, বেড়া যদি, ক্ষেত খায়, তাহলে বেড়া দিয়ে লাভ কি? নাকা পয়েন্ট এর কর্তব্যরত পুলিশের সঙ্গে বিশালগড় এবং চে লি খলার কতিপয় দালাল চক্রের হাত ধরে পুলিশ, পুলিশকে বাগে আনিয়ে এই সমস্ত অপকর্ম করছে, মোটা অংক টাকা পাওয়ার ফলেই। এখন সাধারণ ব্যবসায়ী, বুদ্ধিজীবী মহল, পুলিশের ঊর্ধতন কর্তৃপক্ষের নিকট দাবি উক্ত ঘটনা টির সঙ্গে যে সকল কর্তৃব্রত পুলিশ রয়েছে তাদেরকে চিহ্নিত করে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করার জন্য করজোরে আবেদন করেন।

# বিজ্ঞান মঞ্চের ভূমিকা নিয়ে প্রশ্নচিহ্ন

নিজস্ব প্রতিনিধি, বিলোনিয়া, ২১ আগস্ট।। অন্ধ কুসংস্কার দূরীকরণের জন্য রাজ্যের বিভিন্ন জেলায় বিজ্ঞান মঞ্চ তৈরি হলেও সেই বিজ্ঞান মঞ্চের ইতিবাচক ভূমিকা নিয়ে প্রশ্ন উঠেছে বার বার ,এক প্রকার নাম সর্বস্ব সাইনবোর্ডে পরিণত হয়ে আছে বিজ্ঞান মঞ্চ, সবচেয়ে বেশি অন্ধ কুসংস্কার বশীভূত হয়ে আছে পাহাড়ী জনপদ ও গ্রাম্য এলাকার লোকজন, এই এলাকার লোকেরা এখনো তন্ত্র মন্ত্র ঝাড় ফু তে বিশ্বাসী। কিন্তু এসব জায়গাগুলোতে বিজ্ঞান মঞ্চ যদি অন্ধ কুসংস্কার দূরীকরণের সঠিক ভূমিকা পালন করতো তাহলে, সচেতন হয়ে যেত এলাকার জনগণ ,তান্ত্রিক আখ্যা দিয়ে স্ত্রী ও নাবালিকা কন্যা সহ, এক ব্যাক্তিকে দফায় দফায় মারধর করে নিজ বাড়ি থেকে বের হয়ে যাওয়ার হুলিয়া জারি করে বাড়ি থেকে পরিবার সহ বের না হলে প্রানে মেরে ফেলার হুমকি দেয়, তখন নিজেদের প্রান রক্ষা ও অভিযুক্ত দের শাস্তি চেয়ে সোমবার বিলোনীয়া থানায় মামলা করে আক্রান্ত পরিবার, ঘটনায় ঋষ্যমুখ ব্লকের রতনপুর এডিসি ভিলেজের শিবপুর ধনচন্দ্র পাড়ায় ,এলাকারবাসিন্দা ধর্মহরি ত্রিপুরা অভিযোগ করে, গত ১৪ আগষ্ট এলাকার কুশা ত্রিপুরা, সাবিত্রী ত্রিপুরা, লবা ত্রিপুরারা সকাল ১০টা নাগাদ ধর্মহরি ত্রিপুরা কে বাড়ি থেকে ডেকে প্রিয় মনি ত্রিপুরার দোকানে নিয়ে আসে, সেখানে একটি কাঁঠাল গাছের সঙ্গে বেঁধে তাদের মেয়েকে তন্ত্র মন্ত্র করে নষ্ট করেছে,এই অপবাদ দিয়ে তাদের মেয়েকে সুস্থ করে দেওয়ার জন্য চাপ দিতে থাকে, এই তন্ত্র মন্ত্রের কিছুই জানেনা বলার সাথে সাথে ধর্মহরি ত্রিপুরাকে লাঠি দিয়ে এবং কিল ঘুষি মারতে থাকে তখন ধর্মহরির চিৎকার শুনে স্ত্রী ও নাবালিকা কন্যা বাঁচাতে এলে তাদের কে ও মেরে আহত করে অল্প বিস্তর,এলাকার চন্দ্র মোহন ত্রিপুরা বাধা দিতে এলে তার বাধাও মানেনি, বাড়ি ছেড়ে সপরিবারে চলে যাওয়ার জন্য সময় নির্দিষ্ট করে দেয়, তারপর আহত ধর্মহরি ত্রিপুরা নিজ বাড়িতে গিয়ে পার্শবর্তী জনগণ কে ঘটনা জানায় , এবং পরের দিন ১৫ আগষ্ট সন্ধ্যা ৭ টা নাগাদ অভিযুক্ত কুশা ত্রিপুরা ও সাবিত্রী ত্রিপুরার নেতৃত্বে ১০-১২ জন বাড়িতে এসে জোরপূর্বক দোকানের সামনে নিয়ে গিয়ে অমানুষিক ভাবে মারধর করে এবং তন্ত্র মন্ত্র দিয়ে তাদের মেয়ে কে সুস্থ করে না দিলে এলাকায় থাকতে দেবে না বলে হুলিয়া জারি করে। এমন কি প্রয়োজনে খুন করে ফেলার ও হুমকি দেয় বলে অভিযোগ,সেই দিন রাতে আহতরা এক বাড়িতে আশ্রয় নিয়ে রাত্রি যাপন করে। ১৭ই আগষ্ট সকালে জোলাইবাড়ি হাসপাতালে চিকিৎসার জন্য গেলে চিকিৎসকরা তাদের হাসপাতালে ভর্তি করে, চারদিন হাসপাতালে থাকার পর রবিবার তাদের ছুটি দিলে আহতরা নিজ বাড়িতে না গিয়ে মালুমবাড়ি এলাকার এক বাড়িতে রাত্রি যাপন করে নিরাপত্তার কারণে,সোমবার ঘটনার সুষ্ঠ বিচার ও প্রান রক্ষার তাগিদে বিলোনীয়া থানায় ১১ জন অভিযুক্তের নাম জানিয়ে মামলা করে। মামলার প্রতিলিপি মানবাধিকার কমিশন আগরতলা, এসপি সাউথ এবং এসডিপিও বিলোনীয়া কে দেওয়া হবে বলে জানায় ওই ব্যক্তি।

# সুভাষ কলোনী এলাকায় স্বসহায়ক দলের মধ্যে কৃষিজ সামগ্রী বিতরণ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, শান্তিরবাজার, ২১ আগস্ট।।** রাজ্যসরকার চাইছে কৃষকদের আয় দ্বীগুন করতে। রাজ্যসরকারের এই উদ্দ্যেশ্যকে সাফল্যমন্ডীত করতে কাজ করেযাচ্ছে বগাফা কৃষি দপ্তর। বগাফা কৃষি দপ্তরের তত্বাবধায়ক সুজিত কুমার দাস বগাফা কৃষি দপ্তরের দায়িত্বে আসার পরথেকে তিনি প্রতিনিয়ত কৃষকদের পাশেগিয়ে কিভাবে কৃষিজ ফসল উৎপাদন বৃদ্ধীকরাযায় তার পরামর্শ প্রদান করেযাচ্ছেন। তত্বাবধায়ক সুজিত কুমার দাস প্রতিনিয়ত উন্নতমানের কৃষিজ যন্ত্রাংশ কৃষকদের কাছে পৌঁছে দিয়েছেন। বিগতদিনে শান্তির বাজারের কৃষকরা শুধু মাত্র একটি কোম্পানির মেশিন ক্রয় করতো। অন্যকোনো কোম্পানির মেশিন সম্পর্কে কৃষকরা জানতোনা। সুজিত কুমার দাস আসার পর থেকে অনেক কোম্পানির কৃষিজ যন্ত্রাংশের সঙ্গে কৃষকদের পরিচিতি করাহয়েছে। কৃষকরা নিজ পছন্দমতো যন্ত্রাংশ যাচাইকরে ক্রয় করার ব্যাবস্থা করেদিয়েছেন তত্বাবধায়ক। যারফলে শান্তির বাজারের কিছু অসাধু ব্যাবসায়ীরা নিজেদের মনুফা কমেযাওয়ায় প্রতিনিয়ত তত্বাবধায়ককে সরিয়েদিতে প্রচেষ্টা চালিয়েযাচ্ছে। অসাধু ব্যাবসায়ীদের সপ্ন পূরনের পথে। বর্তমানে তত্বাবধায়কের বদলির আদেশ বেরহয়েছে। সুজিত কুমার দাস অন্যত্র যাবার পূর্বেও কৃষকদের জন্য কাজকরেযাচ্ছে। কৃষি দপ্তরের উদ্দ্যোগে শান্তির বাজার পৌর এলাকার ত্রিপুরা শহরী আজীবিকা মিশনের এ এল এফ ভাগীরথী স্ব সহায়ক দলকে ৯৫ পারসেন্ট সাবসিডির মাধ্যমে কৃষিজ যন্ত্রাংশ বিতরন করাহয়। এই প্রকল্পে কৃষি দপ্তর সারে নয় লক্ষটাকা প্রদান করেছে বাকি ৫০ হাজার টাকা বেনিফিসারী প্রদান করবে। আজকে এই গ্রুপের মধ্যে দুইটি পাওয়ারটিলার , দুইটি ধান কাটার মেশিন, দুইটি পেডিথ্রেসার সহ বিভিন্ন সামগ্রী বিতরন করাহয়। আজকের এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শান্তির বাজার পুর পরিষদের চেয়ারম্যান সপ্না বৈদ্য, কাউন্সিলার রাজীব চক্রবর্তী, কাউন্সিলার নেপাল চন্দ্র দাস, কাউন্সিলার সজল দাস, বগাফা কৃষি দপ্তরের তত্বাবধায়ক সুজিত কুমার দাস। আজকের এই কর্মসূচী সম্পর্কে সংবাদমাধ্যমের সামনে জানান সুজিত কুমার দাস। বর্তমানে শান্তির বাজারের কৃষকরা চাইছে কৃষকদের উন্নয়নে তত্বাবধায়ক সুজিত কুমার দাসকে যেন বগাফা কৃষিদপ্তরে রাখাহয়। এখন দেখার বিষয় কৃষি মন্ত্রী কৃষকদের সার্বিক উন্নয়নে কি প্রকার পদক্ষেপ গ্রহন করে।

# এবার দেহরাদুনে ভেঙে পড়ল শিব মন্দির

দেহরাদুন, ২১ আগস্ট (হি.স.): সিমলা রেশ এখনও কাটেনি। প্রচণ্ড বৃষ্টি ও ধসের জেরে সপ্তাহ খানেকের মধ্যে ফের প্রায় একই ঘটনা ঘটল। এবার উত্তরাখণ্ডের দেহরাদুনে ভেঙে পড়ল তপকেশ্বর শিব মন্দির। সোমবার সকালে মন্দিরটি ভেঙে পড়ার সময় বহু পুণ্যার্থী সেখানে জড়ো হয়েছিলেন। বরাতজোরে এই দুর্ঘটনায় এখনও পর্যন্ত প্রাণহানির কোনও খবর নেই। তবে নতুন করে বৃষ্টি শুরু হওয়ায় উত্তরাখণ্ডের ৫ জেলায় সতর্কতা জারি করেছে আবহাওয়া দফতর। অন্যদিকে, হিমাচল প্রদেশ ও উত্তরাখণ্ডে বৃষ্টি ও ভূমিধসের জেরে মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৮৮।
প্রশাসন সূত্রে খবর, সিমলায় ভেঙে পড়া শিব মন্দিরের ধ্বংসাবশেষ থেকে আরও একটি দেহ উদ্ধার হয়েছে। যার জেরে হিমাচল প্রদেশ ও উত্তরাখণ্ডে মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৮৮। এর মধ্যে এদিন সকালে নতুন করে বৃষ্টিপাত শুরু হয়েছে দুই রাজ্যে। যার জেরে উত্তরাখণ্ডের দেরাদুনে তপকেশ্বর শিব মন্দিরের একাংশ ভেঙে পড়ে। গাছ ভেঙে পড়ে বন্ধ হয়ে যায় তপকেশ্বর মন্দিরে ঢোকার পথ। স্থানীয় প্রশাসনের এক আধিকারিক জানান, শ্রাবণ মাসের সোমবার উপলক্ষ্যে এদিন সকালে পুণ্যার্থীরা তপকেশ্বর মন্দিরে শিবের মাথায় জল ঢালতে গিয়েছিলেন। সেই সময়ই হুড়মুড়িয়ে ভেঙে পড়ে মন্দিরের একাংশ। বরাতজোরে এই দুর্ঘটনায় হতাহতের কোনও ঘটনা ঘটেনি। আগাম সতর্কতা হিসাবে আগামী কয়েকদিনের জন্য ৫ জেলায় এদিন সতর্কতা জারি করা হয়েছে।

# ৩৯ নং ওয়ার্ডের উদ্যোগে এবার শারদ সম্মান




**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২১ আগস্ট।।** আসন্ন দুর্গাপুজাকে সামনে রেখে বিগত বছরের ন্যায় এই বছরও আগরতলা পুর নিগমের ৩৯ নং ওয়ার্ডের কর্পোরেটর অলক রায়ের বিশেষ উদ্যোগে শারদ সম্মাননা প্রদান করা হবে। সোমবার আগরতলা পুর নিগমের ৩৯ নং ওয়ার্ডের কার্যালয়ে সাংবাদিক সম্মেলন করে এই সংবাদ জানান নিগমের মেয়র দীপক মজুমদার। তিনি আরও জানান গত বছর থেকে এই শারদ সম্মাননা প্রদান শুরু করা হয়েছে।গত বছর বড় আকারে এই অনুষ্ঠান করা হয়েছে। আগরতলা শহরের বিভিন্ন ক্লাব এই অনুষ্ঠানে অংশগ্রহণ করেছে। তার বাইরেও পুর নিগমের ৩৯ নং ওয়ার্ড শারদ সম্মাননা প্রদান করেছে। গত বছরের ন্যায় এই বছরও পুর নিগমের ৩৯ নং ওয়ার্ড ও শহর দক্ষিনাঞ্চল ক্লাব কমিটি যৌথভাবে শারদ সম্মাননা প্রদান করবে। মূলত পূজা উদ্যোক্তাদের উৎসাহিত করার লক্ষ্যে এই উদ্যোগ গ্রহণ করা হয়েছে বলেও জানান নিগমের মেয়র দীপক মজুমদার। সাংবাদিক সম্মেলনে নিগমের মেয়রের সাথে উপস্থিত ছিলেন ডেপুটি মেয়র মনিকা দাস দত্ত সহ অন্যান্যরা।

# তেলঙ্গানার ১১৫ আসনে প্রার্থীদের নাম ঘোষণা করলেন কেসিআর

হায়দ্রাবাদ, ২১ আগস্ট (হি.স.): এ বার তেলঙ্গানায় ভোট ঘোষণার আগেই প্রার্থী তালিকা ঘোষণা করলেন ভারত রাষ্ট্র সমিতি (বিআরএস) প্রধান কে চন্দ্রশেখর রাও। সোমবার তেলঙ্গানার ১১৯টি বিধানসভা আসনের মধ্যে ১১৫টিতে প্রার্থীদের নাম প্রকাশ করা হয়েছে। যদিও এখনও পর্যন্ত নির্বাচন কমিশনের তরফে ভোটের দিন ঘোষণা হয়নি।
মুখ্যমন্ত্রী কেসিআর তাঁর পুরনো কেন্দ্র মেডক জেলার গজওয়েলের পাশাপাশি, কামারেড্ডি জেলার সদর কেন্দ্র থেকেও প্রতিদ্বন্দ্বিতা করবেন। প্রার্থী ঘোষণার পরে মুখ্যমন্ত্রী কেসিআর বলেন, "আমরা বিদায়ী বিধায়কদের উপর ভরসা রেখেছি। মাত্র সাতটি আসনে প্রার্থী বদল করা হয়েছে। বিআরএসের তরফে জানানো হয়েছে, আগামী ১৬ অক্টোবর ওয়ারাঙ্গলে নির্বাচনী ইস্তাহার প্রকাশ করা হবে।" তত দিনে কমিশন ভোটের দিন ঘোষণা করতে পারে। কেসিআরের দাবি, "আমরা এ বার ৯৫ থেকে ১০৫টি আসনে জয়ী হব।" প্রসঙ্গত, ভোটের দিন ঘোষণার আগে বিজেপির তরফেও মধ্যপ্রদেশের ৩৯ এবং ছত্তীসগঢ়ের ২১ আসনে প্রার্থীদের নাম প্রকাশ করা হয়েছে গত সপ্তাহে। চলতি বছরের নভেম্বর-ডিসেম্বরে মধ্যপ্রদেশ, রাজস্থান, ছত্তীসগঢ়, মিজোরামের সঙ্গেই তেলঙ্গানায় বিধানসভা ভোট হওয়ার কথা। সেখানে মুখ্যমন্ত্রী কে চন্দ্রশেখর রাও (কেসিআর)-এর বিআরএস, বিজেপি এবং কংগ্রেসের মধ্যে ত্রিমুখী লড়াই হতে চলেছে। এই পরিস্থিতিতে গত দু'মাসে বিআরএস এবং বিজেপি ছেড়ে বেশ কিছু নেতা কংগ্রেসে শামিল হয়েছেন। রাজনৈতিক বিশ্লেষকদের একাংশের ধারণা এ বার দক্ষিণ ভারতের ওই রাজ্যে বিআরএস-কে কড়া প্রতিদ্বন্দ্বিতায় ফেলতে পারে কংগ্রেস।

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেন্‌বো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।